1962

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

১৩৬৯

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা

চতুশ্চত্বারিংশ বর্ষ

সম্পাদক
শ্রীগৌতম চক্রবর্তী

আশ্বিন ১৩৬৯ সেপ্টেম্বর ১৯৬২

এই সংখ্যার সম্পাদনী সভা

অধ্যাপক শ্রীঅমল ভট্টাচার্য (সভাপতি)
" শ্রীহরপ্রসাদ মিত্র
" শ্রীহীরেন গঙ্গোপাধ্যায়
শ্রীগৌতম চক্রবর্তী (সম্পাদক)
শ্রীমিহিররঞ্জন ভট্টাচার্য (অস্থায়ী সম্পাদক)
শ্রীঅজয় বন্দ্যোপাধ্যায় (কর্মসচিব)

ছবির ব্লক তৈয়ারী করেছেন শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

Published by Dr. Sanat Kumar Basu, Principal, Presidency College, 86/1 College Street, Calcutta-12 and Printed by him from Navana Printing Works Private Ltd., 47 Ganesh Chunder Avenue, Calcutta-13

সূ চী প ত্র

রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম	মালিনী বসু	১
"ম্যাগনিফিসেণ্ট অবসেসন"	মৃণালকান্তি চট্টোপাধ্যায়	২
প্রেমেন্দ্র মিত্রের রোম্যাণ্টিকতা	অশোক মুখোপাধ্যায়	৬
তিনটি কবিতা	সৌরভ রায়	১০
এখনো বইছে হাওয়া	প্রবাল ঘোষ	১১
স্মৃতি	নারায়ণ দাস	১২
একটি বিবিক্ত চিন্তা	রণজিৎকুমার সেনগুপ্ত	১৩
বিদেশের চিঠি	বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়	১৪
লারা	উৎপলকুমার দে	১৯
গরুর গাড়ি	অধ্যাপক নির্মলকান্তি মজুমদার	২৬
কয়েকটি কবিতা	লেখা চট্টোপাধ্যায়	৩১
পঞ্চমাঙ্ক	তীর্থঙ্কর চট্টোপাধ্যায়	৩৩
পঁচিশে বৈশাখ ও আমরা	পূরবী মুখোপাধ্যায়	৩৬
হে অতীত, কথা কও	সব্যসাচী সেনগুপ্ত	৪০
মনে মনে	অনুরাধা বসু	৪৫
অষ্টাদশ শতাব্দীর বাংলা	শ্রীপ্রদীপকুমার সেনশর্মা	৪৭
বিবেকানন্দ স্মরণে	অধ্যাপক হরপ্রসাদ মিত্র	৫৮
একটি নির্জন সন্ধ্যা	রূপেন্দু মজুমদার	৫৯
ঈপ্সা ও শীত	শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়	৬০
কোনও এক নির্বাসিতের জন্য	সুমিত্র মিত্র	৬২
এসপ্ল্যানেড্	পিনাকী গুপ্তভায়া	৬৩
রোমন্থন	সুভাষরঞ্জন বসু	৬৪
চলার পথে	নন্দিতা রায়	৭০
চিরসাথী	বিষ্ণুপদ উকীল	৭৩
স্মিতা সরকার	মলয়কুমার চট্টোপাধ্যায়	৭৫
আধুনিক বাংলা কবিতা একটি প্রশ্ন	রামেশ্বর শ'	৭৯
স্বপ্নের জগৎ বাস্তব হ'তে বহুদূরে	অসীমকুমার চট্টোপাধ্যায়	৮৪
দুটি কবিতা	মানস রায়	৮৭
কলেজ প্রসঙ্গ	...	৯১

Editorial		1
On Writing	Sukla Ray	5
To Our Critics	Ranu Guha	6
The British Impact on India	Rakhal Chandra Nath	8
Writing History: A Revaluation	Chittabrata Palit	11

Chopin: The Lonely Pilgrim	Uma Roy	14
Thoughts from Abroad	Ashis Gupta	18
African Music	Douglas Kadenhe	21
A Bus Journey	Sajni Kripalani	23
Insomnic Nights	Mihir Ranjan Bhattacharya	25
On "The Ode to a Nightingale"	Meenakshi Mitra	28
A Mere Interlude ?	Indu Roy	30
"A Fool Looks at Relativity"	Kalyan Mukherjea	34
Rabindranath Tagore: Explorations	Samik Bandyopadhyaya	37
A Jest With Life	Anuranjan Singh	43
"Alpha, Beta, Gamma, Delta ...."	Syed Tanweer Murshed	48
The Scientific Attitude	Siddhartha Sen	52
Destination — "Base-Camp"	Arun Chakrabarti	54
To Solitude	Protima Mitter	57
Obituary		58
Results and Prizes		59

প্রেসিডেন্সি কলেজ পত্রিকা
ভাদ্র ১৩৬৯ সেপ্টেম্বর ১৯৬২

রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম

মালিনী বসু
চতুর্থ বর্ষ, ইংরাজী

সত্য, পণ করেছিলাম শেষরাতের অনুতাপের ঘোরে
পাপ-পেয়ালা ছোঁব না আর। কিন্তু সেই শপথও ছিল না কি
আরেক নেশা ? সত্য, আজ গোলাপ থেকে নির্যাসিত ভোরে
মদির মন দরিদ্র সে প্রতিজ্ঞার রাখেনি কিছু বাকী।

*

সোনালী যত ফসল যারা পেল দু'হাত ভ'রে
এবং যারা ছুটতে গিয়ে বুনো হাওয়ার পিছে
হারাল সব—সমান আজ তারা ধুলার নীচে।
কবর খুঁড়ে তাদের খুঁজে পাবে, কে আশা করে ?

*

অভিশাপের পেয়ালা এই নৈশাপুর অথবা ব্যাবিলনে
সুধা অথবা বিষের নেশা যখনি পায়, বিষাদ আসে মনে—
রক্ত যেন মদের মত ক্ষরিত হয় ফোঁটার পরে ফোঁটা,
গাঢ়রঙের মুহূর্ত ও গোলাপ ঝরে ধুলায় ক্ষণে ক্ষণে।

*

আমরা যাকে স্বর্গ বলি, উপুড়করা এই পেয়ালাটিকে—
তলায় যার আর্ত সব কীটের মত আমরা চাপা থাকি,
তুলো না হাত কাতরভাবে অবশ সেই অক্ষমের দিকে,
তুলো না হাত—এ নিয়তির নেশার মোহে সেও গড়ায় না কি ?

*

লোকে বলে সত্য আর অনৃতের মধ্যে ব্যবধান
একটি চুলের মাত্র, একাক্ষর রহস্যের চাবি।
একটি চুলের মাত্র—তারপর সব পেয়ে যাবি—
একবার,—একবার যদি পেতে পারিস সন্ধান!

*

আজ তো তুমি তুমিই আছ—তথাপি নিষ্ফল!
আকাশ আর মৃত্তিকার বধির দুই দ্বার
খোলে না তবু তোমার ডাকে। কি হবে, অবিকার
ধুলা যেদিন করবে গ্রাস আর্ত কোলাহল?

(Fitzgerald-এর অনুবাদের দ্বিতীয় সংস্করণ থেকে পুনরনূদিত)

"ম্যাগনিফিসেণ্ট অবসেসন"

মৃণালকান্তি চট্টোপাধ্যায়
চতুর্থ বর্ষ, অর্থনীতি

ইডা লুপিনোর ওপর আমি বিলক্ষণ চটে গিয়েছি। ইডা, সেই হলিউডের নামকরা চিত্রাভিনেত্রী হঠাৎ রূপালী পর্দা থেকে নেমে এসেছেন সাহিত্যের জমিতে। লিখেছেন এক প্রবন্ধ যার নাম দিয়েছেন : 'পুরুষরা কি মানুষ?' তাঁর বক্তব্য অতি সরল : পুরুষরা মোটেই মানুষ নয়। তারা আধা-দেবতা আর অতি উচ্চ শ্রেণীর জীব। তাই মেয়েরা এদের এ্যানালিসিস করতে পারে না। অর্থাৎ প্রায় সুপারম্যান বললেই চলে।

নিবন্ধটি লেখবার সময় ভদ্রমহিলার একটা কথা খেয়াল হয়নি। সেটা হল, যাদের নিয়ে লিখছেন তাদের কিরকম ধারণা যিনি লিখছেন তাঁর স্বজাতির সম্বন্ধে।

আমি কিন্তু স্ট্যাটিস্টিক্স কষতে বসব না। সাবজেক্টিভ আইডিয়ালিজ্‌মের ভক্ত আমি মৃণালকান্তি, 'আমার চেতনার রঙে' যখন পান্না সবুজ চুনী রাঙা হতে পারে বলে বিশ্বাস করি, তখন সেই রঙে সমস্ত পুরুষজাতির প্রতিনিধিত্ব করতে বাধা কোথায়? সেজন্য যদি আমাকে কেউ 'ধৃষ্টশ্রী ১৯৬২' উপাধি ভূষিত করে সে ভি আচ্ছা! কাজেই সমগ্র পুরুষজাতির প্রতিভূস্বরূপ আমি ধৃষ্টশ্রী মৃণালকান্তি ১৯৬২ বিনা বাধায় বলতে পারি যে মেয়েরাই মানুষ নয়। তার কারণ মানুষ হতেই পারে না পুরুষদের মতে।

"ইউ আর মাই ম্যাগনিফিসেণ্ট অবসেসন"—একটি জনপ্রিয় বিলিতি গানের কলি। সঠিক বলতে গেলে একটু ঘুরিয়ে বলা উচিত 'ইন্‌কম্প্রিহেন্‌সিব্‌ল্‌ অবসেসন'। বিধাতার পেজোমির জন্যে এই মেয়েরা মশাই আমাদের সামগ্রিক বস্তুধারণাকে ব্যাপিত করে আছে, অথচ কি আশ্চর্য, এখনো কাণ্টের ভাষায় আননোওন, আননোওয়েবল্‌। এদের জন্যে আমরা ট্রয় পুড়িয়েছি, সাগর বেঁধেছি স্বর্ণলঙ্কা ধ্বংস করতে, এদের জন্যেই আমরা নিষিদ্ধ ফল খাবার ফল ভোগ করছি। তবু কোনো ফায়দা নেই। সবচেয়ে তাজ্জব ব্যাপার যে এতৎ-সত্ত্বেও এগুলো করাকে আমরা পুরোদস্তুর ক্রেডিট বলে মনে করে আসছি, এবং আসবও বলাই বাহুল্য।

সেইখানেই তো আসল ঝামেলার ব্যাপার।

একটি স্কুল ফাইন্যাল পরীক্ষার্থী পরীক্ষায় ব্ল্যাঙ্ক পেপার দিয়ে চলে আসবার আগে খাতার প্রথম পাতায় বড় বড় করে লিখে দিয়ে এসেছিল : "দুর্গা রে! তোর জন্যেই ডুবলাম!"

আমি পরীক্ষক হলে ওকে ফুল মার্ক দিতাম। এতবড় ফিলসফি এর আগে কেউ কখনো লিখেছে পরীক্ষায়? এটাকে সমগ্র পুরুষজাতির ন্যাশনাল এ্যান্থেম করে ফেললে কেমন হয়? তা নিয়ে গোটা কয়েক গবেষণা কমিটি নিয়োগ করা উচিত।

সবচেয়ে ঝামেলার কাণ্ড হচ্ছে এইটাই। এই দুর্গাদের জন্য আমরা বেফায়দা ডুবছি, ডুবেছি, আবার বীরদর্পে ডুবব ভবিষ্যতে। 'টুকরো করে কাছি।' এবং এই বেফায়দা লিপিং ইন দি ডার্ক-ই প্রকৃষ্ট প্রমাণ যে মেয়েরা মানুষ হতে পারে না। কিছুতে পারে না। মানুষের জন্য মানুষে কখনো এরকমটা করে? রামচন্দ্র! আপনি আমার জন্য করবেন? আমি আপনার জন্য? আরে আমরা ত দূরের কথা, এমনকি নেহরুর জন্যেও কেউ এমন ডুবতে চাইবে না এ আমি বলে রাখলাম, সে আপনি রাগই করুন আর যা-ই করুন।

তার কারণ আমরা মানুষ তো। মানুষে মানুষের জন্য এমন কাণ্ড কদাপি করে না। সত্যি করে না।

যাযাবরের চারুদত্ত আধারকার কান্নাকাটি করেছে যে মেয়েরা কোনদিন ছেলেদের ভালোবেসে কোন ত্যাগ স্বীকার করেনি, আসৃষ্টি বর্তমান পর্যন্ত ছেলেরাই খালি যাকে বলে স্যাক্রিফাইস করে চলেছে মেয়েদের জন্য। এতো অতি সোজা এবং সরল কথা। টাইগার হিলের সূর্যোদয় দেখতে, উত্তর মেরুতে অরোরা দেখতে বা তাজের গায়ে চাঁদের আলো দেখতে মানুষকে যথেষ্ট খাটা-খাটনি করতে হয়, তা বলে টাইগার হিল বা অরোরা বা তাজও আমাদের জন্য পরিশ্রম করবে,—যাঃ, এরকম ভাবাটাই অন্যায়। এই অপার্থিব জীব বা অজীবদের জন্য তাই আমাদের অসাধ্য সাধন। আমাদের প্রতিভার বিকাশ। আমাদের বীরত্ব। সর্বোপরি আমাদের শিভ্যালরি যার দিন কোনমতেই গত হবার নয়। বার্ক যাই বলুন না কেন।

শিভ্যালরি জিনিসটার মূলে এই ইনহিউম্যান জীবদের জন্য কিছু একটা করবার

বাসনা। এ বাসনাটা প্রিমিটিভ। প্রিমিটিভ তার সাক্ষ্য এই দুর্গাদের জন্য আমরা একদিন নিষিদ্ধ ফল পর্যন্ত খাবার স্পর্ধা করেছি। এভারেস্টের চুড়ো, যে স্থানটা মানুষের দুরধিগম্য, সেখানে যেতে পুরুষদের প্রচণ্ড বাসনা। সেটাও, জানবেন, একরকমের শিভ্যালরি। অথবা এর বিপরীতভাবে বললে, শিভ্যালরি এমনিই একটা প্রচণ্ড বাসনা। আইভ্যান হো বেচারা তো মরতে মরতেই বেঁচে গেল শিভ্যালরি দেখাবার চেষ্টায়, যেমন অনেক অভিযাত্রীদল হিমালয়ের কোলে নিশ্চিহ্ন হয়ে গেছে ওই এভারেস্ট শৃঙ্গের কাছে শিভ্যালরি দেখাতে গিয়ে। এভারেস্টের চুড়োটা যদি হত সজীব, আর আরূঢ় তেনজিং নোরগেকে কটাক্ষে কালিদাসের কালের আমেজ এনে একটা সহাস্য নড করতে পারত, তার ফলে যে অনির্বচনীয় আনন্দ হত তেনজিং-এর মনে, সমগ্র দেশের সব পুরুষেরা এই অপার্থিব জীবদের কাছে শিভ্যালরির প্রত্যুত্তরে ঠিক এমনি একটা মাত্র নডের প্রত্যাশা করে এসেছে তেমনি আনন্দলাভের আশায়।

কিন্তু প্রত্যাশা এক কথা আর সেটা সফল হওয়া আর। শিভ্যালরি বা আর যা কিছু, তার সব সময় যোগ্য প্রতিদান আপনি প্রত্যাশা করতে পারেন না। নড পেতেও পারেন আবার নাও পেতে পারেন। যিনি পেলেন তিনি ক্ষীরোদপ্রসাদের ভাষায় 'কদরদান মেহেরবান জোলাজুলুল্লা হায়, দুনিয়া কা পর্দাদার হ্যায়।' আর যিনি পেলেন না তিনি জুলিয়েটের মত 'পাস্ট হোপ, পাস্ট কিওর, পাস্ট হেল্‌প্‌।' এই অপার্থিব জীবদের কাছে প্রাণকে পণ করতে পারো, কিন্তু বি কেয়ারফুল : মা ফলেষু! বঙ্কিম বোকার মত বলেছেন, 'হায় রমণীর রূপলাবণ্য, ইহসংসারে তোমাকেই ধিক।' কোনো মানে হয়! এভারেস্টে উঠতে না পেরে জাপানী অভিযাত্রীদল যদি বলে বসত, 'হায় এভারেস্টের শৃঙ্গলাবণ্য, ইহসংসারে তোমাকেই ধিক্' তবে আর সবাই কি বলত?

আসল কথা, ফ্রয়েড যা-ই বলুন, পুরুষরা আজীবন সৌন্দর্যের পূজারী। এরা বরবোদুর, কম্বোজ, মিশর, ব্যাবিলনে সৌন্দর্য সৃষ্টি করেছে আর, সবটা নয়, অর্ধেক সৌন্দর্য সৃষ্টি করেছে এই অপার্থিব জীবদের মাঝে, যাদের নাম নারী। শতকরা ৯৫ জন পুরুষের মনে আছে একটা বনলতা সেনের বাসনা। তার অর্ধেকটা প্রকৃতিদত্ত অপর অর্ধেকটা পুরুষদের সৃষ্টি। বনলতা সেন কি আর রেডিমেড কিনতে পাওয়া যায়! যায় না, কারণ ও জিনিসটা পুরো মানুষ নয়। মেয়েদের মধ্যে যে বিশ্ববিখ্যাত কোনো চিত্রশিল্পী বা কবি নেই এইটা তার একটা মূল কারণ। মেয়েরা আবার কবিতা লিখবে কি, মেয়েদের দিয়েই ত কবিতা লেখা হয়। টাইগার হিলের সূর্যোদয় কি জানে তাকে কেন এত সুন্দর দেখতে? তার কি বাসনা আছে অমনি সৌন্দর্য সৃষ্টি করার? হতেই পারে না। বনলতা সেন যে কেন বনলতা সেন তা বনলতা সেন জানতে পারেন না, জানেন জীবনানন্দ দাশ।

আমরা তা জেনেও রেখেছি। জেনে রেখেছি যে কোনকালে কেউ কখনো 'বনস্পতি সেন' নামে কোনো কবিতা দেখবে না। দেখবার আশা করবে না। আমরাই বনলতা

সেন লিখব। বিচিত্ররূপিণী লিখব। লিখব কঙ্কাবতী, শেষ আরতি। যাঁদের জন্য লিখব তারা যদি মানুষ হতেন তবে ত পড়তেন, এ্যাপ্রিসিয়েট করতেন, উপলব্ধি করতেন আমাদের অবস্থা। এই অতীন্দ্রিয় জীবেরা কিন্তু নির্বিকার। তাজমহলের মত, অরোরার মত, শুকতারা, মাধবী পূর্ণিমার মত, 'কুন্দাবদাতা কলহংসমালা'র মত, এঁরা যেন জেনে বসে আছেন যে এঁদের দিয়েও শতলক্ষ কাব্যগাথা রচিত হবে। এটা যেন মৌলিক অধিকার। এরকম একটা জীবকে, বলুন ত, মানুষ বলে কখনো অপমান করা যায়?

মানুষ নয় বলেই এরা আমাদের ম্যাগনিফিসেণ্ট অবসেসন। সাবজেক্টিভ আইডিয়া-লিজ্‌মের চরম ফলশ্রুতি। এই সৌন্দর্যকল্প জীবদের তাই সর্বত্র প্রাধান্য, সর্বত্র অগ্রাধিকার। লেডিস্ ফার্স্ট আর লেডিস সীট ত আছেই, অপরদিকে পুলিশের ব্যাটনের গুঁতোয় ধরাশায়ী হলেও আমাদের কেউ পাত্তা দেয় না, আর 'নারীর উপর পুলিসী অত্যাচার' দেখলেই হুলস্থূল পড়ে যায়। গাড়ি চাপা দিয়ে নিস্তার পেয়েছে কোন ড্রাইভার এ তো অসম্ভব, কিন্তু একটি মহিলা ড্রাইভ করে দুজন লোককে হাফ ডেড করে ফেলে এমনই হতবিহ্বল হয়ে পড়েছিল যে তাঁকেই পথচারীরা শুশ্রূষা করছে এ ত আমি নিজে দেখেছি। এদের সব কিছুই ক্ষমার্হ, সব কিছুই দ্রষ্টব্য, শ্রোতব্য আর আলোচিতব্য। এদের গমনভঙ্গিমা শুধু আমরা দেখি না, কবিরা সালঙ্কারে তার ব্যাখ্যা করেন, এদের চুড়ির শব্দ, এমনকি শাড়ির খসখস বৈয়াকরণিকের ঘর্মোদ্গম করে সুষ্ঠু বর্ণনার তাগিদে।

কিন্তু বলেছি তো সব বেফায়দা। তবু আমরা কদাপি চটে যাই না। ক্ষুণ্ণ হই না কদাচন। হব কেন। যদি মানুষ হত, তবে দু ঘা দিতাম তিন ঘা খেতাম বদলে। কিন্তু এরা তো এক অতীন্দ্রিয় সৌন্দর্যকল্প জীব। বিদ্যুৎ চমকালো না বলে তো তার ওপর রাগ করা যায় না।

তাই এই দুর্গাদের জন্য আমরা 'টুকরো করে কাছি' আজন্মকাল 'ডুবতে রাজী আছি।' আলাপ করা সিনেমা দেখা থেকে আরম্ভ করে সাত পাক ঘোরা অবধি সর্বত্রই আমাদেরই ইনিশিয়েটিভ নিতে হয়। আর তার জন্যে কী ঝামেলা পোয়াতে হয় সে তো গল্পে, কবিতায় এবং কঠিন বাস্তবে হরদম দেখা যাচ্ছে। তবু আমরা সকলেই, এমনকি আমরা যারা প্রচণ্ড নীতিবাগীশ তারা পর্যন্ত, এই সৌন্দর্যকল্প জীবদের দ্বারা ম্যাগনিফিসেণ্টলি অবসেস্‌ড্ হয়ে বসে আছি। আসৃষ্টি বর্তমান কাল পর্যন্ত। আমরা থাকতেই চাই। আমরা থাকবও।

এবং আমাদের এই আদি কিন্তু অনন্ত প্রচেষ্টাই কি অমোঘ যুক্তি নয় এটা প্রমাণ করতে যে মেয়েরা কিছুতেই মানুষ হতে পারে না, অন্ততঃ পুরুষদের মতে? আমরা ঠকেছি, আমরা হেরেছি, আমরা বিফল হয়েছি, তবু আমাদের প্রচেষ্টার বিরাম নেই যার আরম্ভ হয়েছে সেই আদমের চরম দুঃসাহস থেকে। কৈশোরাতিক্রম এবং বিনাশ এই দুইয়ের অন্তর্বর্তী জীবনকাল, আমাদের প্রেসিডেন্সিতে পড়া আর আই. এ. এস. দেওয়া, বা আর

যা কিছু সমস্ত এই সৌন্দর্যকল্প জীবদের কেন্দ্র করে সেন্ট্রিপেটাল ফোর্সের মত ঘুরছে। আর ঘুরছে। আর ঘুরছে।

তাই এদের মানুষ বলবেন না। বলুন প্রডিজি। এদের এই প্রডিজিত্বই এদের সৌন্দর্যকল্প জীবে পরিণত করেছে। আর তাই সমস্ত পুরুষজাতির কাছে এরা কদাপি মানুষ নয়। এরা ম্যাগনিফিসেণ্ট অবসেসন পার্সোনিফায়েড।

প্রেমেন্দ্র মিত্রের রোম্যাণ্টিকতা

অশোক মুখোপাধ্যায়

ষষ্ঠ বর্ষ, ইংরাজী

সাম্প্রতিক সমালোচনার আসরে প্রেমেন্দ্র মিত্র সম্পর্কে সৎ আগ্রহের অভাব উল্লেখনীয়। গত প্রায় চার দশক ধরে বাংলা কবিতার আন্দোলনে এই কবির প্রভাব সতত ক্রিয়াশীল; নিরলস ও নিয়ত সাধনায় এবং, যদিচ অনর্গল নয়, তথাপি দীপ্তিময় সিদ্ধিতে ইনি স্মরণীয়। রবীন্দ্রনাথের সুতীব্র সম্মোহনে আচ্ছন্ন বাংলা কবিতায় প্রেমেন্দ্র মিত্র এবং তাঁর সমসাময়িকেরা প্রথম সচেতনভাবে বন্ধনমুক্তির এবং অন্য দিগন্ত অন্বেষার সুর আনলেন। বাংলা কবিতার পালা-বদলের ইতিহাস এঁদের স্বীকৃতি জানাবে নিঃসংশয়ে। কিন্তু ইতিহাসের মূল্যায়নের মতই যা তাৎপর্যপূর্ণ, সেই যুগ-রুচির ওপরে এঁদের প্রভাব, উপস্থিতি, এঁদের সম্পর্কে পাঠক-সমাজের সচেতনতা এবং সহানুভূতি, তার প্রকাশে সমালোচকের দায়িত্ব অশেষ। এবং এ কথায় বাঙ্গালী কাব্য-পাঠকের ন্যায্য এবং প্রত্যাশিত আক্ষেপই প্রকাশিত হবে যে সাম্প্রতিক সমালোচনা এই দায়িত্ব পালনে অতৎপর।

রবীন্দ্রনাথের পরিণত কবি-চেতনা উত্তরকালের কাব্য-সৃষ্টিতে অসামান্যরূপে প্রভাবশীল। কম-বেশী সমস্ত আধুনিক কবি তাঁদের কবিতার শরীর-রচনায়, বুদ্ধিগত ভাবনায়, শব্দ-চয়নে, ছন্দে এবং সুরে তাঁর কাছে ঋণী। কিন্তু যে নিটোল প্রসন্নতা, জীবনের সৌন্দর্য সম্পর্কে যে দীপ্ত সচেতনতা, মানবতার যে সুগভীর সাবেগ প্রত্যয় এবং যে নিবিড় রোম্যাণ্টিকতা রবীন্দ্র-কাব্যের অনন্য মেজাজ তৈরীতে তাৎপর্যময় ভূমিকা নিয়েছে, তাঁর কনিষ্ঠ কবি-সমাজে এই সমস্ত গুণাবলীর শ্রেষ্ঠ উত্তর-সাধক প্রেমেন্দ্র মিত্র। প্রেমেন্দ্র মিত্রের রোম্যাণ্টিকতার বিশ্লেষণ তাঁর সমগ্র কাব্য-সৃষ্টিরই চরিত্র ব্যাখায় ব্যাপক সাহায্য করে। পরিসরের স্বল্পতা যেহেতু তাঁর সৃষ্টির সম্পূর্ণ তাৎপর্য বিচারের প্রতিকূল, এবং যেহেতু কোন জীবিত এবং

সক্রিয় কবি-শক্তির চূড়ান্ত কোন মূল্যায়ন সম্ভব নয়, সেহেতু তাঁর কবি-চরিত্রের মৌল বিশিষ্টতায় আমরা এই আলোচনাকে কেন্দ্রায়িত করতে চাই। রোম্যান্টিকতাকে বৃত্তে রেখেই, তাই, তাঁর কাব্য-বলয়ের এই পরিধি-চারণা।

অপরিহার্য ভাবে রোম্যান্টিকতার স্বরূপ এবং লক্ষণ নির্দেশ নিয়ে এখানে প্রশ্ন উঠবে, এবং এ প্রসঙ্গে তত্ত্ব-আলোচনার চোরাবালিতে পা না দেওয়াই শ্রেয়। জীবন এবং জগৎ সম্পর্কে অপার সুস্থ বিস্ময় এবং কৌতূহল রোম্যান্টিকতার উৎসমূল। কবি-কল্পনার দূরবীক্ষণে প্রত্যক্ষ বাস্তব সত্যের অন্তরালে বৃহত্তর এবং স্থায়ীতর সত্যের আবিষ্কারে রোম্যান্টিকতার পরিণতি। অসংখ্য দেশী এবং বিদেশী মনীষী কবি সাহিত্যিক সমালোচকের এ প্রসঙ্গে অগণ্য মন্তব্য এবং চিন্তার জটিল জট খোলার চেষ্টা না করেও বোধ হয় উপরিউক্ত সূত্রের পরিপ্রেক্ষিতে আলোচনায় আসা যায়।

এ কথা বোধ হয় আবার বিস্তৃত করে না বললেও চলবে যে রোম্যান্টিকতা বাস্তব-বিমুখ নয়। যুগের এবং জীবনের যন্ত্রণাকে অস্বীকার করে, প্রাতিস্বিক অস্তিত্বের সব রক্তক্ষয়ী টানা-পোড়েনের হাত ছাড়িয়ে, স্মৃতি, অন্ধকার, গোলাপ, প্রেম ইত্যাদি ধূসর সান্ত্বনার হাত ধরে পালানো নিশ্চয়ই রোম্যান্টিকতার বিপরীত কোটির ব্যাপার। শ্রেষ্ঠ রোম্যান্টিকতা সব সময়েই বাস্তবের উৎসমুখ থেকে শুরু করে তার মহত্তর সত্যের অন্বেষা। তাই একটা কোকিল, কিছু ডেইজি ফুলের হলুদ বিস্তার, কোন ধান-কাটা মেয়ের নির্জন একাকিত্বের বেদনা—ওঅর্ডসওঅর্থের মহৎ রসদৃষ্টির ছোঁওয়ায় এক অমলিন মহিমা পায়। তাই রবীন্দ্রনাথের 'অসীম' বারে বারেই সীমার বাঁধনকে স্বীকার করেও তাকে অতিক্রমের আকুল আন্তরিকতায় চিরকালীন কাব্যের সম্পদ হয়।

প্রেমেন্দ্র মিত্রও এই মহৎ অর্থেই রোম্যান্টিক। এই শতাব্দীর অন্ধকার এবং সংশয়, বিভ্রান্তি, নেতি, আদর্শচ্যুতি এবং অনৈতিকতা, সমাজ-জীবনের দ্রুত রূপান্তর, ব্যক্তি-চেতনায় তার তীব্র উপলব্ধি, প্রাথমিক মূল্যবোধের বিপর্যয়—এ সমস্তের সঙ্গেই তিনি গভীরভাবে পরিচিত। তাঁর তীক্ষ্ণ অনুভূতি, ব্যাপক অভিজ্ঞতা, স্থির এবং অটল বস্তুতান্ত্রিক জীবন-বীক্ষা এবং অনন্য বিশ্লেষণধর্মিতা তাঁর ছোটগল্পগুলিকে অবিস্মরণীয় করেছে। তাঁর অসংখ্য কবিতাতেও এই সময়-চেতনা উপস্থিত। মানুষের মনের আলো-আঁধারের খেলা কি ভয়ঙ্কর, প্রাণের জৈব ক্ষুধা কি দুরন্ত, মৃত্যু কি অসহনীয় তীব্র—তাঁর কবিতার পটে তিনি এসব বিধৃত করতে কখনও শিথিল নন।

কিন্তু যে আশ্চর্য উচ্চারণ, যে গভীর প্রত্যয়, যে অতন্দ্র মানবিকতা তাঁকে রোম্যান্টিক করেছে তা উত্তরণধর্মী। প্রথম তারুণ্যের আবেগে যখন তিনি বলে ওঠেন—

'আমায় যদি হঠাৎ কোন ছলে
কেউ ক'রে দেয় আজকে রাতের রাজা।' (হঠাৎ যদি)

তখন বোঝা যায় জীবনের সুগভীর দায়িত্ব এই রোম্যান্টিক কিশোর সত্তায় এখনও থাবা

বসায়নি। শিশুর মত তাই সে উচ্ছ্বসিত, চিন্তাহীন, অকপট। ক্রমশঃ কালের রেখা পড়ে কবিতার ললাটে। কবি সচেতন হতে শুরু করেন পরিবেশ সম্পর্কে,—তাঁর জীবন-বোধ পরিবর্তিত হয়। তবু এই প্রাথমিক রোম্যান্টিকতা কখনও বিভ্রম এবং সংশয়ের অতলান্ত নেতিতে হারিয়ে যায় না। অবক্ষয়-চেতনা, অসহায়তাবোধ, আদর্শের মৃত্যু যখন প্রেমেন্দ্র মিত্রের সমসাময়িকদের কবিতায় অভ্রান্ত নখর রাখছে, তখনও কি এক আশ্চর্য জাদুতে প্রেমেন্দ্র মিত্র বিশ্বাসী, সাহসী, জীবন-নিবিষ্ট। যখন শ্বাসরোধকারী বাস্তবের বৃত্ত থেকে মুক্তির আকুলতা কবিতার প্রধান উপজীব্য, তখন এই বিশ্বাসী কবি-তরুণ আবার ফিরে আসার স্বপ্ন দেখেন এই সংগ্রামী প্রাত্যহিকতায় :

'ফের যদি ফিরে আসি,
আরো আলো চক্ষে যেন আসি নিয়ে,
বুকে আরো প্রেম যেন আনি,
পৃথিবীকে আরো যেন ভাল লাগে।' (যদি ফিরে আসি)

এই রোম্যান্টিক আশাবাদিতা এবং জীবন সম্পর্কে এই সুগভীর মমত্ববোধ প্রেমেন্দ্র মিত্রের জীবন-বোধকে সবচেয়ে বেশী প্রভাবিত করেছে। কখনও কখনও তিনি নজরুলী কায়দায় গণ-জীবনকে কাব্য-নেতৃত্ব দেওয়ার সংকল্প নিয়েছেন। কখনও বা 'যন্ত্রের জটিল পথে বিকলাঙ্গ জীবনের শুধু ব্যঙ্গ-সমারোহই' তাঁকেও পীড়িত করেছে। কখনও বা 'জীবন-শিয়রে বসি যে স্বপ্ন-সুন্দরী' দোলা দেয় তাঁকেই দিয়েছেন কবিতার অর্ঘ্য। তবু তাঁর মৌল জীবন-নিষ্ঠা প্রায় সতত এবং অন্তহীনভাবে প্রোজ্জ্বল। নগর-জীবনের কোলাহলে যে প্রেমিকের সত্তা অসাড়, ভীত, যে প্রেমিকাকে আকুল আর্তি জানায় 'ছাদে যেওনাকো', সেই প্রেমিকই আবার উজ্জীবিত বিশ্বাসের কোন গাঢ় মুহূর্তে বলে,

'তোমার নয়ন হতে
আজিকার নীল দিন
জীবনের দিগন্তে ছড়ায় ;

মিছে আজ হৃদয়েরে
স্মরণ জড়াতে চায়
মরণ শাসায়।' (নীল দিন)

তাঁর এই রোম্যান্টিকতা সম্পূর্ণ হয় যখন দূরান্তের ডাক এসে পৌঁছয় তাঁর কবিতায়। 'সুদূরের আহ্বানে' সাড়া দেন কবি।

'উত্তরে উত্তুঙ্গ গিরি
দক্ষিণেতে দুরন্ত সাগর
যে দারুণ দেবতার বর।' (ভৌগোলিক)

তাঁকে 'শুধু গান দিয়ে নিরাপদ খেয়া তরণীর', শুধু 'পরিতৃপ্ত জীবনের ধনবোদ্ দিয়ে' তিনি ফেরাতে চান না। তাই তাঁর জন্মভূমির 'আরো এক মৃত্যুদীপ্ত মানে' খোঁজেন। তাই তপতী কুমারী মরু আর অজানা নদীর উৎসের ডাকে তিনি বার বার বিবাগী হতে চান।

উনিশ শতকীয় ইংল্যাণ্ডের রোম্যান্টিক আন্দোলনের প্রভাব যদি এই দূরান্তের আহ্বানে সাড়া দেওয়ায় কেউ লক্ষ্য করেন, যদি তাঁর অচল আশাবাদিতায় কেউ ব্রাউনিঙ্‌কে উপস্থিত মনে করেন, তবে হয়ত 'নীলকণ্ঠ' প্রমুখ কবিতায় যন্ত্র-সভ্যতার ক্লিন্ন সর্বগ্রাসিতার বিরুদ্ধে তাঁর দৃপ্ত বেদনায় কেউ কেউ লরেন্সীয় জীবনবাদ খুঁজে পাবেন। কিন্তু বিভিন্ন যুগের এই সমস্ত সাহিত্য আন্দোলনের প্রভাব যদি প্রেমেন্দ্র মিত্রে থেকে থাকে তবে তো এই কথাই প্রমাণ হয় যে, তিনি জীবন এবং সাহিত্য-ঐতিহ্য বিশ্লিষ্ট নন। কিন্তু প্রেমেন্দ্র মিত্রের স্বকীয়তা, যা যে কোন বড় কবিরই বৈশিষ্ট্য হতে বাধ্য, এই প্রভাবের সাঙ্গীকরণে। তাই বাংলা ও ইংরেজী সাহিত্যের মহত্তম ঐতিহ্যের মিছিলে শরীক হয়েও রোমান্টিক প্রেমেন্দ্র মিত্রকে আলাদা ক'রে চেনা যায়।

দীর্ঘস্থায়ী এবং এখনও নিয়ত-সৃষ্টিশীল তাঁর কবি-জীবনে প্রেমেন্দ্র মিত্র বহুধা-বিস্তৃত জীবনকেই তাঁর কাব্যের বিষয় করেছেন। বিভিন্ন সুরে, মেজাজে, আঙ্গিকে, তিনি জীবনকে কবিতার বৃন্তে বিধৃত করেছেন। কিন্তু তাঁর কাব্য-বৃন্তের পরিধিতে রোম্যান্টিকতার স্নিগ্ধ আলোক-বলয় নিরন্তর উজ্জ্বল। আজও তিনি 'পরমা যন্ত্রণা'কে তাঁর প্রাণেশ্বরী ক'রে কেশবতী কন্যার খোঁজে কাগজের নৌকো ভাসান—কবিতার নৌকো। যদিও কখনও কখনও মনে হয়—

'কেশবতী কেউ নেই, নেই কোন কাকচক্ষু নদী,
জলে যার সারাক্ষণ শুধু এক স্থির ছায়া কাঁপে।
কবে পাহাড়ের ঢল সব নদী ক'রে গেছে ঘোলা,
মেঘের মতন চুল কবে শাদা শন হয়ে গেছে।' (কাগজের নৌকো)

তবু তাঁর দীপ্ত অন্বেষা আজও ক্ষান্তিহীন :

'তবু কাগজের নৌকো আজো ভাসে নালায় ডোবায়,
নর্দমাতে ডুবী হয়ে ঝাঁঝরিতে বাড়ায় জঞ্জাল।
শুধু তার দুঃসাহস কিছুতেই মানবে না'ক হার।
সে জানে এ বর্তমানই দুঃস্বপ্নের মিথ্যা রূপকথা।' (কাগজের নৌকো)

যে পলাতক পরাজিত সৈনিক রোম্যান্টিকতার দুর্গে আশ্রয় নিয়ে পৃথিবীর দিকে পিঠ ফেরায় তাকে শ্রদ্ধা করা অসম্ভব। কিন্তু জীবনের সব দেনা, অন্ধকারের সব ঋণ, যন্ত্রণার সব পাওনা শোধ করেও যে কবির হাতে আলোর, মানবতার, বিশ্বাসের অসামান্য উদ্বৃত্ত তাঁর রোম্যান্টিকতাকে সম্মান না জানালে আমরা সার্থকভাবে বেঁচে থাকার প্রেরণাকেই অস্বীকার করব।

তিনটি কবিতা

সৌরভ রায়

প্রাক্-বিশ্ববিদ্যালয়

অভিনয়

মিথ্যা অভিনয়টা থাক্ পড়ে
অবহেলার তুচ্ছ আঁস্তাকুড়ে ;
ক্ষণটুকু তার হয়েছে আজি শেষ,
জীর্ণ আবর্জনার ভগ্ন অবশেষ।
হারানো-মায়া, অর্থশূন্য—
জীবনপথে অতি নগণ্য।
তবু যে সেথা সত্য বাজে জানি
রেশটুকু তার আজিও চিত্তে শুনি
হৃদয়ে আজি বাজিছে মধুর রাগে
মিথ্যা যে তাই সত্য হয়ে জাগে।

খেয়ালী

আমি একটা পাগল খেয়ালী।
ভালটাকে দিই গালাগালি
ভুলটাকে তার দেখি খালি—
কেবল তাকে বেশী করে ভালবাসার জন্য।

আমি একটা পাগল সন্ধানী।
মন্দটাকে কাছে টানি,
খুঁজে দেখি ভাল কতখানি—
শুধু ভালবাসার পথটাকে তৈরী করার জন্য।

প্রত্যাশী

আমি তাকে চিনি!
অবহেলার চরম আঘাত

সইতে পারে নি,
নেমে গেছে তাই অনেক নীচে পঙ্কিলে।

তবু তাকে জানি!
ভালবাসার চরম আঘাতখানি
ফিরিয়ে দিতে পারবে না সে অবহেলে॥

এখনো বইছে হাওয়া

প্রবাল ঘোষ
দ্বিতীয় বর্ষ, বিজ্ঞান

তারচেয়ে ভাল এই সবুজ মেঘের মত বন
পুলকে আকুল এই পাইন ও দেওদার শাখা।
জনতার লোনা স্বাদ (সমুদ্রের লোনা ঢেউ শুধু),
এখানে তাকিয়ে ছাখো, আকাশে খুশির চাঁদ বাঁকা।

কী প্রশান্ত নির্বিশেষ আকাশের চন্দ্রাতপ নীল
পায়রামেঘের দল, বুঝি পিনাকীর পুঞ্জহাসি
শহরে মৃত্যুই শুধু (বিকৃতের সুন্দর ছলনা),
এখানে শালের বনে শোনো,—আনন্দের পুলকিত বাঁশি।

বিস্তীর্ণ মাঠের গান, উচ্ছল হলুদ প্রজাপতি,
ভালো এই, রোদ্দুরের হাসিমাখা মরশুমী ফুল।
প্রাসাদে সূর্যের আলো মৃত্যুরই ছায়াতে পাণ্ডুর
এখানে সবুজ মন প্রদোষের সৌরভে আকুল।

উদ্দাম প্রাণের সুর, চেতনার আদিম আস্বাদে,
এখনো বইছে হাওয়া জীবনের স্বচ্ছ অতিবাদে।

স্মৃতি

নারায়ণ দাস

তৃতীয় বর্ষ, রসায়ন

ভুলিতে না পারি সেই মুখখানি
বিদায় দিয়েছি যারে,
দুখের সিন্ধু উথলিছে মোর
অন্তরে বারে বারে।
মনে মনে জ্বলি অহরহ আমি
পারি না ভুলিতে তাহারে,
দীপ-নেভা আলো জ্বলিবে না কভু
আমার জীবন আঁধারে।

ফুটিবে না ফুল আমার কাননে
এ জীবনে কভু আর,
গানের পাপিয়া ফিরিবে কাঁদিয়া
বিফল জনম তার।
সুরের মূর্ছনায় তোমারে ডাকিয়া
কাঁদিয়া কাটাব রাত,
তোমারে ভাবিয়া তোমারে ধ্যানিয়া
করিব জীবন পাত।

জাগর স্বপনে আঁখির মাঝারে
কেন তুমি আস বল,
আমার পরানে এমন করিয়া
হুতাশন কেন জ্বাল॥

একটি বিবিক্ত চিন্তা

রণজিৎকুমার সেনগুপ্ত

দ্বিতীয় বর্ষ, ইতিহাস

গাঢ় ছায়া নেমে এলো 'হাসরাঙা' নদীটির জলে,
পশ্চিমের পলাতক আলো,
উধাও হল উদাসী বায়ুর রথে,
রাত্রির জোয়ারে নিঃশেষিত হৈমন্তিক দিন
ম্লান চেতনায় আনে শ্রান্তির আবেশ
নিশাক্রান্ত বলাকা বুঝি ফিরে গেছে একা
দিনান্তের শ্রান্ত অবসরে,
অদেখা নদীটি দূরে রিমিঝিমি সুরে
গেয়ে চলে চিরন্তন বিষাদের গান ;
পরিতৃপ্ত প্রেমাবেশে ডানা মেলে রাত্রিচর পাখি :
তাদের অনুলাপে নৈঃশব্দ্য অস্থির,
শমশমে হাওয়া, মর্মরিত ঝাউবন
ছেড়ে ফেলে দিনান্তের বিশীর্ণ নির্মোক।
বিশ্রান্ত জোনাকির ঝিকিমিকি আলো
আকাশ-দর্পণে খুঁজে পেল তারই প্রতিরূপ।

উদাসী সময়ের স্রোত, মাটিতে নিলীন আঁধার,
রাত্রির শীর্ণ সম্মোহে
পেয়েছে সে খুঁজে
আয়াসবিহীন, মুক্তি-অঙ্গীকার।

বিদেশের চিঠি

বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়

চতুর্থ বর্ষ, অর্থনীতি

"……চিঠি জিনিসটা স্বভাবতঃই দ্বিবচনের ব্যাপার। তাকে বহুবচনের ব্যবহারে আনলে ব্যাকরণদুষ্টি ঘটে। চিঠি চাঁদনী রাতে দুটিমাত্র প্রাণীর গঙ্গাবিহরণের ছোট্ট পানসিটি। কুসুমগঞ্জের হাটের পথে বহুজনের নদী পারাপারের জন্য পাঁচমাল্লার খেয়া নৌকো নয়। ……

"পত্রগুলি যাকে লেখা, তার করযুগলের মধ্যে কৈবল্য লাভ করলেই তাদের মোক্ষ। তারা যে ভবিষ্যতে কম্পোজিটরের স্থূল হস্তাবলেপনের দ্বারা সর্বাঙ্গ ছাপাখানার মসীলিপ্ত হয়ে সাহিত্যের বিচারশালায় দেখা দেবে তা কল্পনাও করা হয়নি।"

[যাযাবর : জনান্তিক, ১৩৫৯]

(১)

১৩ই জানুয়ারী, ১৯৬০

ভাই বিশ্বনাথ,

আমার পত্র পেয়ে চমকে ওঠা তোমার পক্ষে স্বাভাবিক। তোমার দেশে গিয়েছিলুম সাংস্কৃতিক মিশনের ছাত্র সভ্য হিসেবে। কোন ঘনিষ্ঠতা গড়ে ওঠার সুযোগ ছিল না। আমার মনে পড়ে তোমাদের কয়েকজনের আগ্রহভরা দৃষ্টি। তোমরা এসেছিলে অটোগ্রাফ নেবার জন্য। বোধহয় ভাবতে পারনি আমার পক্ষে তোমাদের কাছে অযাচিতভাবে পত্র দেবার অর্থ কি হ'তে পারে।

স্কুলে পড়েছি তোমাদের দেশের প্রাকৃতিক সৌন্দর্যের কথা। সত্যি বলতে কি, তোমাদের দেশের প্রাকৃতিক সৌন্দর্য এমন কিছু নয়। আমি কাশ্মীরে গিয়েছি। শুধু বরফ আর চেরীগাছ ছাড়া আর কি আছে? বাংলার শ্যামল প্রকৃতির কথা শুনেছি। কিন্তু সত্যি ভাই, তোমাদের কলকাতা শহরে—যা ঘুরে দেখবার সুযোগ হয়েছিল—এমন কি সৌন্দর্য আছে? তবে তোমাদের দেশের মানুষগুলি আমার মনে গভীর রেখাপাত করেছে। সত্যি আমার ভাবতে বড় ভাল লাগে ওদের কথা। কী আন্তরিকতা! কি আগ্রহ! আমি মুগ্ধ হয়েছিলাম ভারতের মানুষ দেখে। দারিদ্র্যের নির্মমতা কত মানুষকে অমানুষিক জীবন যাপন করতে বাধ্য করেছে। তবু তাদের লক্ষ ভবিষ্যতের দিকে।……আমার মনে পড়ে তোমাদের একটি ছোট্ট ছেলের কথা। আমি নাম জিজ্ঞাসা করতে বল্লে 'শোভন'। চমৎকার নামটি। আমি যখন জানতে চাইলুম সে বাড়ীতে

কি করে, সে জানালে তারা চার ভাই স্কুলে পড়ে, আবার সকালে বিকেলে বাবাকে কাজে সাহায্য করে। আমি মুগ্ধ হলুম।·· ···একটি ছোট্ট মেয়ে আটোগ্রাফ নিতে এসেছিল। তাকে বল্লুম সে আমার সাথে এদেশে আসতে চায় কিনা। সে বল্লে "না"। সে বল্লে, তার দেশ ভারতবর্ষ কত সুন্দর! এ দেশ ছেড়ে বিদেশে সে যাবে কেমন করে? আমি আশ্চর্য হলুম। আমাদের অধ্যাপক সেদিন 'ডেমোগ্রাফি'র ক্লাসে বল্লেন, অনাদৃত ও ক্ষুধাতুর শিশুর সংখ্যা নাকি ভারতেই বেশী। আমি বিশ্বাস করতে পারিনি। যেসব ছেলে-মেয়ে আমি তোমাদের দেশে দেখেছি তারা কত সুন্দর, কত প্রাণচঞ্চল।

আমাকে তোমাদের দেশের কথা, শহরের কথা জানিও। কয়েকদিনের মধ্যে কতটুকুই বা দেখেছি। আরও অনেক জানার ইচ্ছে হয়। জানিও কিন্তু। প্রীতি নিও।

তোমার

(অনূদিত)

---

(২)

৩০শে মার্চ, ১৯৬০

ভাই বিশ্বনাথ,

তোমার পত্র পেয়ে কত না আনন্দ পেয়েছি। তুমি যে এমনভাবে আমার ডাকে সাড়া দেবে তা ভাবতে পারিনি। আমি বিশেষ করে অভিভূত হয়েছি তোমার আন্তরিকতায়। আর কত বড় চিঠি লিখেছ! বাংলাদেশের একটা ম্যাপও সঙ্গে পাঠাতে ভুল করনি! তোমার পত্রের শেষ ছত্রদুটি আমার মনে থাকবে। তুমি লিখেছ,

"যা আমি পাইনি তার জন্য বেদনা নেই
কিন্তু যা পেয়েছি তা আমার হোক।"

আমি ভাই এ কথাটা মেনে নিতে পারলুম না। আমরা মনে করি জীবনে যা পেয়েছি তা সত্যই আমার যোগ্য কিনা তা দেখা দরকার। যা পাইনি তা আমার পাওয়া উচিত কিনা তাও দেখা দরকার। তারপরে আসে চাওয়া-পাওয়ার হিসেব করার সময়। সে যা হোক, তুমি আমাদের এখানকার শিক্ষাব্যবস্থা সম্বন্ধে জানতে চেয়েছ। আমাদের এদেশে শিক্ষাব্যবস্থা জীবনের এক অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে স্বীকৃত, অবশ্য শিক্ষা অর্থে শুধুমাত্র পুঁথির শিক্ষা নয়। জীবনকে সর্বাঙ্গসুন্দর ও স্বাধীনভাবে গড়ে তুলবার জন্য যেসব জিনিস মানুষের একান্তভাবে জানা দরকার তাই শিক্ষার অঙ্গীভূত। ছোটবেলায় সাত বছর বয়স না হওয়া পর্যন্ত প্রত্যেককেই গ্রামের নার্সারী স্কুলে যেতে হয়। সেখানে শিক্ষক-শিক্ষিকাগণ শিশুদের বইয়ের শুক্‌নো বিদ্যা না শিখিয়ে তাদের মধ্যের নতুন নতুন সম্ভাবনাগুলিকে আবিষ্কার করতে সচেষ্ট হন। এর পর প্রত্যেক ছেলেকেই উচ্চ বিদ্যালয়ে

যেতে হয়। এখানেই তাদের ভবিষ্যৎ জীবন কোন্ খাতে বইবে তা ঠিক হয়। উচ্চ বিদ্যালয়ের শিক্ষার পর অনেকেই বিশ্ববিদ্যালয়ে যায়—যেমন আমি। কিন্তু অধিকাংশই কারিগরী ও শিল্পবিদ্যায় আগ্রহ দেখায়। কিছু-সংখ্যক আবার সমাজসেবায় এবং সৈন্যবাহিনীতে যোগ দেয়। কিন্তু কারিগরী বিদ্যার চাহিদাই বেশী। এর কারণ, এ পথে ভবিষ্যতের সম্ভাবনা খুব উজ্জ্বল। জানই তো আমাদের দেশ শিল্পোন্নয়নের জন্য কত সচেষ্ট।

বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষার পদ্ধতি অতি আধুনিক। ভেবে অবাক হতে হয়, আমাদের শিক্ষা যাতে সুসম্পূর্ণ হয় তার জন্য আমাদের সরকার কত আগ্রহান্বিত। আর এখানে শিক্ষার জন্য দাম দিতে হয় না। শুনেছি তোমাদের দেশে অনেকে দারিদ্র্যের জন্য লেখাপড়া ছেড়ে দিতে বাধ্য হয়। কেন এমন হয় বলতে পার? আমি অবশ্য এ সম্বন্ধে কোন ধারণা করতে পারিনি। কারণ শিক্ষা তো আলো, হাওয়া আর জলের মত মানুষের জন্মগত অধিকার। তাও আবার মূল্য দিয়ে কিনতে হবে?

আমাদের এখানে বইপত্র, ল্যাবরেটারীর খরচ সবই সরকার দেয়। আবার যেসব শিক্ষামূলক ভ্রমণে আমরা বের হই তাও বিনা খরচায়। এসব ভ্রমণে আমরা যে অভিজ্ঞতা লাভ করব তা একটা খাতায় লিখে অধ্যাপককে দেখাতে হবে। এমনিভাবে বাস্তবকে বুঝতে হবে এবং জীবনকে তার উপযোগী করে তুলতে হবে।

পত্রের আশায় রইলুম।

তোমার

(অনূদিত)

---

(৩)

১লা জুন, ১৯৬০

ভাই বিশ্বনাথ,

এবারের চিঠিতে তুমি খুব মজার কথা লিখেছ। তুমি জানতে চেয়েছ আমাদের রাজধানীটা কেমন। এর মানুষেরাই বা কি রকম? তাদের জীবনযাত্রা সম্বন্ধেও জানতে আগ্রহ দেখিয়েছ। আমি ছাত্র—যেমন তুমিও, দুজনেই বয়সে নবীন। জীবনকে কতটুকু দেখেছি? এ শহর এত বড় আর তার মানুষগুলো এমন চমৎকার যা আমি লিখে বোঝাতে পারব না। তবে এসব জানার একটা খুব মজার পথ আছে। আমি সে পথের সন্ধান তোমায় দিচ্ছি। আমি বলি তুমি বরং এখানে চলে এস। ভয় পেয়ো না। কাজটা এমন কিছু শক্ত নয়। তুমি বোধ হয় জান সেপ্টেম্বরে এখানে একটা ছাত্র সম্মেলন হচ্ছে। ভারতের হয়ে এখানে এস না কেন? আমাদের জানার এমন সুযোগ হারাবে? আমি আশায় রইলুম তুমি আসবে।

তোমার চিঠিতে তুমি ভারতের ইতিহাসের কয়েকটি অবদানের কথা উল্লেখ করেছ। আমি ভেবে কত আনন্দ পাই, দেশকে তোমরা কত ভালবাস। গুপ্তযুগের গৌরবময় অবদানের কথা তুমি লিখেছ। আবার বৈদিক যুগের শ্রেষ্ঠতার কথা উল্লেখ করতেও ভোলনি। তবে ইংরেজের যুগটাকে তোমরা পছন্দ কর না। সমাজবিজ্ঞানের ছাত্র হিসাবে ভারতের ইতিহাস আমিও পড়েছি—খুব শ্রদ্ধার সঙ্গে। অবশ্য ভারত ইতিহাসের ব্যাখ্যায় সব স্থানে তোমার সঙ্গে একমত হতে পারব না। তুমি বলেছ বৈদিক যুগে সমাজের যে কাঠামো তৈরী হয় তা হাজার বছর অতিক্রম করে আজও অক্ষয়। আমার মনে হয় বৈদিক যুগে সমাজের যে গঠন ছিল তা ক্রমে বিকৃত হয়ে তোমাদের সমাজের এখনকার চেহারাটা খাড়া হয়েছে। বৈদিক যুগে সমাজ গ্রামকেন্দ্রিক ছিল। রাজ্যগুলি ছিল ক্ষুদ্র আয়তনের। আর রাজা ছিলেন রাজ্যের জনমণ্ডলীর প্রতিনিধি। যে 'সভা' আর 'সমিতি' রাজার ক্ষমতা নিয়ন্ত্রিত করত তাদের গ্রীকদের Boule এবং Agord'র সঙ্গে তুলনা করা যায়। বর্ণভেদ-প্রথা ছিল—কিন্তু বর্ণবৈষম্য ছিল না, বর্ণভেদের মূলকথা ছিল পেশার বিভিন্নতা—অথবা শ্রমবিভাগ? এবং জন্মগত অধিকার বলে কারও বর্ণ নির্দিষ্ট হত না। কিন্তু বৈদিক যুগের শেষে এবং পৌরাণিক যুগে সমাজের এ সহজ কাঠামোকে কৃত্রিম একটা ছাঁচে ফেলা হল। এ সময় দেখি অনেকগুলি ক্ষুদ্র রাজ্যের উপর সার্বভৌমত্ব করছেন মহাপরাক্রমশালী সম্রাট্ বা রাজচক্রবর্তী। অস্ত্রবলে তিনি সাম্রাজ্যের অধীশ্বর হয়েছেন। কাজেই জনমণ্ডলীর কাছে তাঁর কোন দায়িত্ব নেই। সভা ও সমিতি তাদের অস্তিত্ব হারিয়েছে। এদের স্থান নিয়েছেন ধুরন্ধর সমাজপতি। জাতিভেদ পাকাপাকিভাবে রাষ্ট্রীয় স্বীকৃতি লাভ করে রাজনীতির অঙ্গ হয়েছে। এবং এ সময় হতেই জন্মগত অধিকার বলে বর্ণ নির্দিষ্ট করার প্রথা চালু হয়েছে। বৈদিক যুগে ধর্মের অর্থ ছিল যজ্ঞ আর নিষ্ঠা পালন কিন্তু এখন ধর্ম অর্থে ব্রাহ্মণগণ এক জটিল ক্রিয়াপদ্ধতিকে চালাতে লাগলেন। দেবদেবীর সংখ্যা প্রায় জ্যামিতিক নিয়মে বেড়ে যেতে লাগল। কারণ তাঁদের সংখ্যা যত বেশী হবে পূজোপার্বণ, ভোজ আর রাজার 'ভেট' এর পরিমাণও বেড়ে যেতে থাকবে। এবং এই সুযোগে জন-মণ্ডলীর উৎপাদিত দ্রব্যসম্ভারের এক বৃহৎ উদ্বৃত্ত অংশ অলস মানুষের বিলাসের উপকরণ হিসেবে পাচার হতে থাকবে।

বৈদিক যুগে নারী আর পুরুষের সমান অধিকার ছিল এবং সমান সামাজিক মূল্য ছিল। কিন্তু এখন ব্রাহ্মণরা নতুন করে শেখালেন 'পর্দা' প্রথার মহত্ত্ব। নারীর জীবনের মূল কথা নাকি পুরুষের অধীন হয়ে থাকা, অর্থাৎ ঘুচে গেল তাদের সামাজিক মূল্য আর চিন্তার স্বাধীনতা। একটা কৃত্রিম ছকে ফেলে নারীর জীবনকে পুরুষের ভোগের উপকরণ হিসেবে ব্যবহার করা হতে লাগল, আর সতীত্বের আদর্শের যাঁরা প্রধান প্রচারক ছিলেন তাঁরা ধর্মের সঙ্গে সমাজের কৃত্রিম কাঠামোর একটি অক্ষয় যোগসূত্র আবিষ্কার করেন। সুতরাং নারী যদি স্বাধীন হতে চায় তবে তা ধর্মের বিরুদ্ধে তার জেহাদ ঘোষণা করা হবে।

এভাবেই সমাজের কৃত্রিম গঠন মানুষকে তার মহৎ গুণগুলির প্রতি অবজ্ঞা করতে শিখিয়েছিল। অন্তত আমার তাই মনে হয়।

যাক, অনেক কথা বলা হল। এবারের মত এখানেই থাক।

তোমার

(অনূদিত)

(৪)

২রা আগস্ট, ১৯৬০

ভাই বিশ্বনাথ,

গত কয়েকদিন থেকে শয্যাশায়ী আছি। অসুস্থ অবস্থায় তোমার চিঠি পেয়েছি। সত্যই দূরের বন্ধুর কাছ থেকে এমন আন্তরিকতা ক'জন পায়? তোমার চিঠি পেয়ে খুবই উৎফুল্ল হয়েছি। পিয়াসাঁ তোমার চিঠি পড়েছে। ওঃ, পিয়াসাঁকে বোধ হয় চিনতে পারলে না? ওর পরিচয় দিচ্ছি।.....আমার অসুস্থ অবস্থায় ও আমায় যথেষ্ট সাহায্য করছে। তোমার চিঠি পড়ে বল্লে, ভারতীয়রা নাকি খুব বেশী সেন্টিমেণ্টাল। আমি বল্লুম "কেন?" উত্তরে তোমার চিঠির শেষ দুটি ছত্রের প্রতি ইঙ্গিত করলে।

এবারের পত্রে তুমি আমার ঐতিহাসিক জ্ঞানের সমালোচনা করেছ। আমার গত চিঠিতে পৌরাণিক যুগের সমাজ সম্বন্ধে যে দু'চার কথা বলেছি তা তোমার মতের সঙ্গে হয়ত মেলেনি। আমার মনে হয় ইতিহাসকে তুমি যে দৃষ্টিভঙ্গী নিয়ে দেখ আমার থেকে তা পৃথক। দেশকে অবশ্য সকলেই ভালবাসে। তাই বলে দেশপ্রেমে আচ্ছন্ন হয়ে ইতিহাসকে ব্যাখ্যা করা ঠিক নয়। সত্যকে নিরপেক্ষ দৃষ্টিতে দেখা দরকার। ঠিক নয় কি?

তুমি স্মরণ করিয়ে দিয়েছ আগামী ১৫ই আগস্ট তোমাদের স্বাধীনতা উৎসব। এ উৎসব এখানে আমরা উদ্‌যাপন করব কিনা এবং কিভাবে করব তা জানতে চেয়েছ। আমি তো ভাই অসুস্থ। কাজেই সক্রিয়ভাবে অংশ গ্রহণ হয়ত আমার পক্ষে সম্ভব হবে না। তবে একেবারে নিষ্ক্রিয় থাকব বলেও মনে হয় না।

আমাদের এখানে প্রতি বছরই ১৫ই আগস্ট পালন করা হয়। তোমাদের দূতাবাসে এ উপলক্ষে বিরাট আয়োজন করা হয়। এবারেও নিশ্চয়ই হবে। এ দেশের নাগরিকদের নিমন্ত্রণ করা হয়। তারাও সাড়া দেয়। ভারতে বড় বড় নেতাদের লেখা গ্রন্থ আমাদের মধ্যে বিতরণ করা হয়। এ ছাড়া গতানুগতিক অন্যান্য অনুষ্ঠান তো আছেই। আমাদের প্রধানমন্ত্রী ও মন্ত্রিমণ্ডলীর অন্যান্য সদস্যরা সানন্দে এ উৎসবে যোগ দেন। আমরা যারা ছাত্র তারাও বাদ যাই না। আমাদের বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে বিরাট সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। প্রদর্শনীর ব্যবস্থাও করি। আমাদের এখানে কয়েকজন ভারতীয় ছাত্র আছেন। তারা

তো সবকিছুর পুরোভাগে থাকেন। এবারের উৎসবও সর্বাঙ্গসুন্দর হবে না এমন মনে করার হেতু নেই। আমি যোগ দিতে পারব না হয়ত। তবে ইতিমধ্যেই ছাত্রমহলে যে সাড়া পড়ে গেছে তা বেশ বুঝতে পারছি।

তোমরা এ দিনটি কিভাবে পালন কর তা জানার ইচ্ছে রইল। তোমাকে আর একবার স্মরণ করিয়ে দেই আন্তর্জাতিক ছাত্র সম্মেলনের কথা। যেটা সেপ্টেম্বরে হচ্ছে। আসতে ভুল না, কেমন ?

তোমারই

(অনূদিত)

লারা

উৎপলকুমার দে

দ্বিতীয় বর্ষ, পদার্থবিদ্যা

দিনের বেলায় শুধু মানুষের স্রোত, শুধু চলেছে আর চলেছে। ট্রামের ঘর্‌ঘর্‌, বাস-লরীর ভ্যাঁপো, ফিরিওয়ালার চিৎকার।

সূর্য ডোবে সাদা বরফে-ঢাকা ঐ পাহাড়টার পেছনে, পাতলা অন্ধকার ক্রমশঃ ঘন হয়। শহরের কলকারখানার 'সিটি' বেজে ওঠে, যেন এক যাদুকরীর মায়ার ইঙ্গিত! কাজ থামে, স্রোত মন্থর হয়ে আসে—পথের কাফেতে আর রেস্তোরাঁয় আবর্তের সৃষ্টি করতে থাকে।

আরও রাত বাড়ে, পশ্চিমের পাহাড় থেকে তুহিন বাতাস নেমে আসে, জানালার সার্সিতে ঝাপ্‌টা মারে।

দরজা-জানালা বন্ধ হয়ে যায়, ঘরে-ঘরে শীতের আগুন জ্বলে ওঠে। দেখতে দেখতে কাফেও ফাঁকা হয়। সাপের মত আঁকা-বাঁকা পথগুলো বরফে ঢেকে যায়—সাদা হয়ে ওঠে, চাঁদের আলো ঠিকরে পড়ে। আহা! মায়াবীর কণ্ঠে যেন মুক্তোর হার!

এবার শীতে এই পাহাড়ী শহরটায় বেড়াতে এসেছি। রাত্রে এ শহরটা ঘুরে বেড়াতে ভারী আমোদ লাগে। চাঁদনী রাতে, সেও কথার অপেক্ষাই রাখে না!

* * *

সেদিনটায় যেন শীত একটু বেশীই ছিল। সেদিনটা ?—হ্যাঁ, এখনও স্পষ্ট মনে পড়ে বই কি! সেদিনটাকে ভুললে, এই ছোট্ট শহরটিকে ঘিরে সযত্নে গড়ে-ওঠা একমাসের স্মৃতিকে অবশ্যই প্রতারণা করা হয়!

হাতের wrist-watchএ দেখলাম, রাত বারটা। ঘুরে ঘুরে বেশ ক্লান্ত হয়ে গিয়েছিলাম, তাই মাদ্রিনা পার্কের রেলিঙের ধারে এসে দাঁড়ালাম।

চাঁদ পাতলা মেঘের স্তরে ঢাকা। মৃদু আবছায়ায় ঢাকা রূপোলি আলোর হরির-লুঠ চলেছে!

শহরটার দিকে তাকিয়ে, ভারী অদ্ভুত মনে হতে লাগল—যেন এক অদৃশ্য মায়াবীর খেলা শুরু হয়েছে! খেলার সরঞ্জাম—প্রকৃতির পটভূমিকা, চাঁদের আলো, শীতের আবেশ আর নিশাচর মানুষ।

পার্কের ধূসর ঘাস রূপালি সাজ পরেছে, কালো পিচের রাস্তায় পাতলা বরফের আলগা স্তর আলো ঠিকরে দেয়, আকাশের সুদূরতায়, আলো-ছায়ায় শুধু একটি কথা মেশানো—'কি অদ্ভুত! কি অপরূপ !!'

নিশাচর মানুষের দু'চোখ বিস্ফারিত হয়ে ওঠে। একদিকে আশ্চর্য, আরেক দিকে রূপাস্বাদন! মায়াবীর মায়ার ফাঁদে আরও সে জড়িয়ে যায়, একটা মোহ যেন তাকে পেয়ে বসে।

নিশাচর মানুষের এ মোহ, শীত-তাপ-নিয়ন্ত্রিত ঘরের লেপের-তলার-মানুষ কি করে উপলব্ধি করবে!

হঠাৎ চোখে পড়ল, অদূরে lamp-postএর কাছে একটি ছায়া কাঁপছে। ছায়াটি ক্রমশঃ মানুষের রূপ নিল।

দেখলাম, একটি নারী।

কিছুক্ষণ লক্ষ্য করে দেখলাম—মনে হল, মেয়েটি ভীষণভাবে কাঁপছে। একটা অপ্রতিভ ভাব, পরনেও কোন গরম কাপড় নেই।

ভাবলাম, হয়ত কোন বিপদে পড়ে থাকবে, একবার দেখা দরকার!

আস্তে আস্তে এগিয়ে গেলাম।...

মেয়েটির বয়স, আঠারো কি উনিশ। পোশাক মলিন। শীতে চোখ-মুখ সাদা হয়ে গিয়েছে।

আমি বললাম, "আপনি কি কোন বিপদে পড়েছেন?" মেয়েটি একবার দু'চোখ তুলে আমার মুখের দিকে তাকাল। তারপর মাথা নীচু করে চুপচাপ দাঁড়িয়ে রইল।

ভারী করুণ মুখখানি। টানা-টানা নীল-দু'টো চোখের অসহায় চাহনি, আমার প্রাণে গভীর স্নেহের এক আবেষ্টনী রচনা করতে লাগল।

আমি মৃদুকণ্ঠে বললাম, "বলুন, কি হয়েছে আপনার।"

মেয়েটি শীতে দ্বিগুণভাবে কাঁপতে লাগল। গায়ের রোমগুলো পর্যন্ত খাড়া হয়ে উঠেছে!

আমি স্পষ্ট দেখলাম—কেন জানি না, মুক্তোর মত দু'ফোঁটা অশ্রু ওর চোখ থেকে গড়িয়ে পড়ল।

ধরা গলায় জবাব দিল—"আমি পথ হারিয়ে ফেলেছি।"

আমি মৃদু হেসে জবাব দিলাম—"তাতে কি হয়েছে! আপনি শীতের দাপটে একেবারে 'কাবু' হয়ে পড়েছেন। এখন চলুন আমার ফ্লাটে, একটু গরম হয়ে নেবেন। তারপর আপনার বাড়ি খুঁজে বার করা যাবে!"

মেয়েটি কোন জবাব দিল না। আগের মতই মাথা নীচু করে দাঁড়িয়ে রইল। আমি ওভার-কোটটা খুলে, ওর গায়ে দিয়ে দিলাম। মেয়েটি তীব্র আপত্তি জানাল।

আমি খুব হেসে জবাব দিলাম—"দেখুন, আমার ছোট বোন বয়সে ঠিক আপনারই মত। সেই সূত্রেই আপনি আমার ছোট বোন। আমার বোন শীতে কাঁপবে আর আমি দিব্যি আরাম করব, তা ত হয় না!"

কোন সাড়া পেলাম না। ও আর কোন আপত্তিও জানাল না!

আমি বললাম—"যদি কিছু না মনে করেন, তাহলে এখন থেকে তুমি বলেই ডাকব।"

আস্তে আস্তে ঘাড় নেড়ে সম্মতি জানাল।

"—আচ্ছা, তোমার নাম কি?"

"—লারা।"

আমি লারাকে বললাম, "চল আমার ফ্লাটে।"

দেখলাম, ও নিঃসংকোচে আমায় অনুসরণ করতে লাগল।

* * *

আমার ফ্লাটের গরম-চুল্লী লারাকে অনেকখানি সতেজ করে তুলেছে। এখন লারার অপ্রতিভ এবং সসংকোচ ভাবও অনেকটা কেটে গিয়েছে।

আমি স্টোভে কফি তৈরি করতে করতে প্রশ্ন করলাম—"আচ্ছা লারা, এত রাত্তিরে একজন অপরিচিতের সঙ্গে আসতে তোমার ভয় কিংবা দ্বিধা হচ্ছিল না!"

লারা কপাল কুঁচকে অবাক হয়ে বলল—"কেন!"

যেন আমার প্রশ্নটা পৃথিবীর সপ্ত আশ্চর্যের একটি! আমি হেসে বললাম—"বাঃ! আমি সম্পূর্ণ অপরিচিত, আবার বিদেশী। আমি কি ধরনের লোক—সেটা অনুসন্ধান না করেই, তুমি আমার সঙ্গে যাবার আগ্রহ পেলে কি করে?"

হঠাৎ উদাস হয়ে এক কথায় উত্তর দিল—"পে—লাম!"

এই দারুণ শীতে ভবঘুরে সঙ্গীহারা এই মানুষটি হঠাৎ কিছুক্ষণের জন্যে অনভিপ্রেত একটি অতিথিকে পেয়ে, গরম কফি সহযোগে কেক খেতে খেতে সরস আলাপ জমাবার

স্বাভাবিক এক অনুপ্রেরণা পেয়েছিল। কিন্তু আলাপ জমল না, আলাপের অপ্রশস্ত তটিনীতে পরিচয়-পর্ব সাঙ্গ হবার পরই ভাটা দেখা দিল।

অনেকক্ষণ চুপচাপ কেটে গেল। চাঁদের আলো জানালার পথ থেকে অদৃশ্য হল। সারা ঘরটা অন্ধকারে ঢাকা, শুধু এক কোণে চুল্লীর অস্তময় রক্তিমাভা। Wall-clockটা 'টিক্' 'টিক্' শব্দে সুরহারা, গুমরে-ওঠা এই নিরীহ ভদ্রলোকের হৃদয়ের অব্যক্ত ব্যথা করুণ সুরে প্রকাশ করতে লাগল।

লারা কফি শেষ করে উঠে দাঁড়াল। অনেকক্ষণ ধরেই লারাকে লক্ষ্য করছিলাম —সব সময়ই যেন একটা কিছু ভাবছে!

চিন্তাচ্ছন্ন ভাবেই আস্তে আস্তে আমার দিকে এগিয়ে এল। হঠাৎ আমাকে প্রশ্ন করল—"আপনি বিদেশী, কিন্তু কোন্ দেশীয়, তা ত বলেন নি?"

"—ইণ্ডিয়ান।"

"—ইণ্ডিয়ান!"

মনে হল, শুনে লারা ভারী খুশী হয়েছে।

ভাবলাম—যাক্, এবার হয়ত আলাপ করতে আগ্রহ দেখাবে! কিন্তু লারা আর সেরকম কোন ইচ্ছাই প্রকাশ করল না। মাথা নীচু কোরে চুপচাপ দাঁড়িয়ে রইল।

জানি না এভাবে কতক্ষণ কেটে গেল।···

চুল্লীর ঈষৎ রক্তিমাভা লারার মুখে এসে পড়েছিল।

দারুণ শীতে জমে-ওঠা লারা আর এ লারা, মনে হল যেন সম্পূর্ণ ভিন্ন! লারার সদ্য-ফোটা রূপ দেখে, নারীর স্নেহ-স্পর্শ-বিহীন ছন্নছাড়া এই হতভাগা পুরুষ সত্যই মুগ্ধ হল। হৃদয়ের গোপন অন্তঃপুরে নিভৃতে যে একটি বীণা রয়েছে আনন্দাবেগের সুরে ঝঙ্কারের অপেক্ষায়, মনে হল তাতে অপূর্ব এক সুর উত্থিত হল। সুরের অনুরণন হৃদয়ের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়ল—'এ যেন এক অপরূপ ম্যাডোনা-মূর্তি'!

আমার মন অনির্বচনীয় এক আনন্দে ভরে উঠল।···হঠাৎ মনে হল, লারা যেন কিছু একটা বলতে চায়। কিন্তু বলবে বলবে করেও বলতে পারছে না।

আমি বললাম—"লারা, কিছু বলতে চাও?"

ও ধীরে ধীরে বলল—"একটা অনুরোধ করব, আপনি রাখবেন বলুন!"

"বল কি তোমার অনুরোধ!"

"আমি এক হতভাগিনী"—হঠাৎ লারা ঝরঝর কোরে কেঁদে ফেলল—"আমি আপনার বাড়ির 'মেড' হয়ে থাকব, আপনি শুধু দু'বেলা আমায় খেতে দেবেন, আমি আর কিছুই চাই না।"

অসহায় সুন্দরী লারার চোখের জল আমায় অভিভূত করে ফেলল; কিন্তু লারার করুণ আবেদন আমায় যেন বজ্রাঘাত করল। আমি কোন উত্তর দিতে পারলাম না।

আমি এক অবিবাহিত ভবঘুরে যুবক। বিদেশে আমি একাই থাকি। লারাও সুন্দরী। দেখেও ভদ্রবাড়ির সন্তান বলেই মনে হয়। কিন্তু লারার এরকম অনুরোধের কারণ আমার কাছে অস্পষ্ট!

এখানে আমার কোন আত্মীয় নেই, সত্যি। কিন্তু আশেপাশেই দাদার কয়েকজন বন্ধু আছেন এবং ইতিমধ্যে ঘনিষ্ঠভাবে আলাপ জমে-ওঠা কয়েকজন এ-দেশীয় বন্ধুও আছেন। তাঁরা প্রায়ই আমার ফ্লাটে আসেন। সুতরাং আসল অসুবিধেটা যে কোথায়, সেটা বোধকরি অভিজ্ঞ মাত্রেই বুঝতে পারবেন।

লারা দু'হাতের মধ্যে মুখ লুকিয়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদতে লাগল। সোনালি চুলের গুচ্ছ চোখের জলে ভিজে উঠল।

আমি সমস্ত আবেগ চেপে রেখে সহসা বললাম—"তা কি করে সম্ভব!"—অনুরোধটাকে এড়িয়ে যাবার জন্যে বললাম—"তাছাড়া, আমি ত এখানে আর মাত্র একমাস আছি, সুতরাং—"

লারা হঠাৎ আমার পায়ের ওপর আছড়ে পড়ল—"আপনার দু'টি পায়ে পড়ি, আপনি আমায় একমাসের জন্যে আপনার বাড়িতে স্থান দিন। তারপর আমি আমার পথ দেখে নেব।"

আমার কি যে করা উচিত, তা আমার মাথায় এল না। একদিকে আত্মীয়-স্বজনের ভ্রূকুটি, বন্ধুবান্ধবের ঘৃণা আর টিটকারী; এবং অন্যদিকে এক অসহায় সুন্দরী নারীর করুণ আবেদন, চোখের জল। একবার ভাবলাম, থাক্ পেছনে পড়ে আমার সমাজ; আমি মানুষ, প্রকৃত মানুষের কর্তব্যই পালন করব।

কিন্তু সহসা ভারী মুহ্যমান হয়ে পড়লাম, আত্মীয়-স্বজন বন্ধুবান্ধবহীন হয়ে যে মানুষ জগতে বাস করে, তার মত হতভাগ্য কি এ জগতে আর কেউ আছে!

অনেকক্ষণ চুপচাপ কেটে গেল। কোন উত্তর দিতে পারি নি। দেখলাম, লারার কান্না থেমে গিয়েছে, মাথা নীচু করে বসে রয়েছে।

আমি সস্নেহে বললাম—"লারা, এরকম পাগলামি করো না। বল, কি হয়েছে তোমার?"

লারা কোন উত্তর দিল না।

"—বল, কোথায় তোমার বাড়ি? আমি তোমাকে বাড়িতে রেখে আসব। আমার সাধ্যমত আমি তোমার উপকার করব।"

লারা গম্ভীরভাবে বলল—"আর কোন প্রয়োজন নেই।"

বুঝলাম, লারা যে সরল চিন্তাধারা নিয়ে, যে অমায়িক মন নিয়ে আমার কাছে এসেছিল, সেখানে আঘাত লেগেছে। লারার চোখের জল এতক্ষণ অনেক কষ্টেও সহ্য করেছি; কিন্তু আমি যে একজন মানুষকে হঠাৎ আঘাত হেনেছি—এটা সহ্য করতে পারলাম না; দুঃখে, অনুতাপে অভিভূত হয়ে পড়লাম।

চাঁদ ডুবে গেল। আকাশ আস্তে আস্তে সাদা হতে লাগল। ভোরের এক ঝলক হাওয়া পুবের জানালা দিয়ে ঢুকে ঘরের মধ্যে মাতামাতি শুরু করে দিল।

আমি বললাম—"লারা, তুমি বস। আমি ভেতর থেকে আসছি। Breakfast-এর পর তোমাকে বাড়ী পৌঁছে দেব।"

আমি চলে গেলাম।···

প্রায় আধ-ঘণ্টা পরে যখন বাইরের ঘরে এলাম—দেখলাম, সেখানে লারা নেই। ভাবলাম, হয়ত আমার লাইব্রেরী ঘরে গিয়ে থাকবে। কিন্তু লক্ষ্য করলাম, বাইরের দরজা খোলা। বুঝলাম, লারা চলে গিয়েছে। অপ্রত্যাশিতভাবে লোকচক্ষুর অগোচরে রাতের অন্ধকারে এসেছিল, আবার তেমনিভাবেই ভোরের আলো ভালভাবে ঘোচবার আগেই চলে গেল।

হঠাৎ এক গভীর দীর্ঘশ্বাস হৃদয়ের অন্তস্তল থেকে বেরিয়ে এল। জীবনটা ভারী অদ্ভুত মনে হতে লাগল—মানুষ যা চায়, সাধ্য থাকলেও সব-কিছুই কি করা সম্ভব! মানুষের কত উন্নত, প্রশস্ত চিন্তাধারা সমাজের সঙ্কীর্ণ পথে ঘুরপাক খেয়ে মরে, পথ খুঁজে পায় না।

দেখলাম, আমার টেবিলে লারা একটি চিঠি লিখে রেখে গিয়েছে। সম্বোধনহীন এক করুণ চিঠি। এক নিঃশ্বাসে চিঠিটা শেষ করলাম।

'আমি এক হতভাগিনী। বাবা মদ খেয়ে এসে আমার ওপর অত্যাচার করেন; বাড়ি থেকে বার করে দিতে চান। যতদিন মা ছিলেন, মা-এর ওপরও এরকম অত্যাচার করতে দেখেছি। আজ ছয় মাস হল মা মারা গিয়েছেন। এখন বাবা দ্বিতীয় বিবাহ করতে চান, আমিই সে-পথে একমাত্র বাধা। আপনি হয়ত ভাবছেন, আমি law-এর সাহায্য নিই না কেন! কিন্তু বাবা যতই অত্যাচার করুন, তবুও তিনি আমার 'বাবা'। ছেলেবেলার বহুস্মৃতি আজও স্পষ্টভাবে মনে পড়ে। যে বাবাকে একদিন 'বাবা' বলে কত আনন্দে জড়িয়ে ধরতাম, তাঁর নামে আমি কি করে কলঙ্ক রটিয়ে দেব! আর বাবার কলঙ্ক ত আমারই কলঙ্ক।

ইদানীং বাবার বাড়ি আমার অসহ্য হয়ে উঠেছিল। তাই গত পরশু রাত্রে বাড়ি থেকে পালিয়ে আসি—নিজের ভাগ্যান্বেষণে। সারাদিন কাটে অনাহারে। অপটু, সলজ্জ এই হতভাগিনীটি চাকরীর খোঁজে হোটেল-রেস্তোরাঁয় আর অফিসের দুয়ারে দুয়ারে ঘুরে বেড়ায়। কিন্তু কোন চাকরী পেলাম না। তারপর রাত প্রায় বারটায় আপনার সঙ্গে দেখা। তখন আমার অবস্থা—শীতে প্রায় অর্ধমৃত। আপনি আমায় বাঁচালেন। তারপর থেকে এখন পর্যন্ত সমস্ত ঘটনাই আপনি জানেন।

আমি জানতাম, ইণ্ডিয়ানরা খুবই উদার-স্বভাবের এবং দয়ালু হন। তাই যখন জানলাম আপনি ইণ্ডিয়ান, আর সেই যে আপনি বলেছিলেন—আমি আপনার ছোট

বোন, তাই সস্নেহে ওভার-কোট খুলে দিয়েছিলেন—সেই স্নেহের দাবীতেই, আমি আপনার বাড়িতে স্থান চেয়েছিলাম। আমি আপনার বোনের মতই থাকতে চেয়েছিলাম ; কিন্তু মনে হয়, সমাজের তীব্র ভ্রূকুটিকে আপনি পরাজয় মানাতে পারেন নি। তাই এখানেও আমার স্থান হল না।

শেষকালে, শুধু আর একটা কথা বলতে চাই। সেটা আমার মনের এক সত্য কথা। একথা কাউকেই বলবার মত নয় ; কিন্তু কি জানি। আজ যদি না একথা প্রকাশ করি—সারা জীবন হয়ত নারীজীবনের দুঃসহ ব্যথা নিয়ে গুমরে মরতে পারি। তাই বললাম—আমি আপনাকে কয়েক ঘণ্টাতেই খুব ভালবেসেছিলাম। মনে হয়, এত গভীরভাবে কাউকে আমি কোনদিন ভালবাসি নি, কোন দিন হয়ত পারবও না।

মনের এতবড় সত্য কথাটা প্রকাশ করতে, আমার দুই গণ্ডদেশ চোখের জলে ভিজে উঠেছে।···

হয়ত আর কোনদিন দেখা হবে না। ইতি হতভাগিনী
লারা।'

"ছিঃ! ছিঃ! একি করলাম আমি"—নিজের অগোচরেই দুঃখে চেঁচিয়ে উঠলাম—
—"লারা, লারা"—প্রশস্ত ঘরের দেওয়ালে দেওয়ালে ধাক্কা খেতে খেতে কথা দু'টো বারে বারে ফিরে আসতে লাগল, সমস্ত ঘর মর্মাহত এক পুরুষের করুণ আর্তনাদে ভরে উঠল। সে আর্তনাদ ভোরের নির্মল হাওয়ায় ভর করে, মেঘলোকের স্তরে স্তরে ছড়িয়ে পড়ল। স্বচ্ছ নীল মেঘেরও ওপারে, কোনও এক 'লোকে' যদি কেউ সমস্ত মানুষের মনের করুণ ইতিহাসের খবর রাখেন—তাহলে হয়ত তাঁর কাছে আমার এ করুণ আর্তনাদ গিয়ে পৌঁছবে। তিনি হয়ত আমার দুঃখ উপলব্ধি করতে পারবেন।

তখুনি বেরিয়ে পড়লাম, যদি লারাকে পথে পাই—ফিরিয়ে আনব।···

কিন্তু কোথাও পেলাম না লারাকে। তারপর থেকে অনেক খুঁজেছি, কিন্তু ওর আর দেখা পাই নি।

আজও যখন একা বসে থাকি, লারার কথা মনে পড়ে। লারাকে কতভাবে কল্পনা করি। ভাবি, তখন কেন ওভাবে '—কথাটা' বললাম, '—ভাবে' বললেই ভাল হত!

কল্পনায় ভুলে যাই, লারা আর কোনদিন আসবে না ; মনে হয়, লারা আবার এসেছে, ওর সঙ্গে কত গল্প করছি!

আমার স্মৃতি ছবি আঁকে—যে চলে গেছে, তাকে সুন্দর করে মনের অন্তঃপুরের কল্পনার রঙীন দেওয়ালে সযত্নে সাজিয়ে রাখে। আমি লারার ছবির দিকে তাকাই আর মুগ্ধ হই, অনির্বচনীয় এক আনন্দ পাই।

লারা আমার কাছে মাত্র কয়েক ঘণ্টা এসে, ছন্নছাড়া এই জীবনের মলিন চাদরটায় জরির পাড় বসিয়ে গেছে।

গরুর গাড়ি

অধ্যাপক নির্মলকান্তি মজুমদার

কলেজের ছুটির পর বিকেলের দিকে রাস্তার মোড়ে বেশ ভিড় জমে। ট্রাম বাস আসে যেন কাঁঠাল বোঝাই হয়ে। নামা-ওঠার রীতিমতো হুড়োহুড়ি। দুধারেই সমান মত্ততা। বিকট বিহ্বল চিৎকার—'আগে নামতে দেন মশাই।' ঠেলাঠেলি ক'রে কোন রকমে ট্রামে বাসে উঠি। গাড়ির ভিতর মানুষের নিশ্ছিদ্র দেয়াল—আকাশ দেখা যায় না একটুও। অনুভব করি অসহ উষ্ণ আবহাওয়া। অবস্থা চরমে ওঠে যখন খাকি পোশাক বা বুশ সার্ট পরা গলায় ব্যাগ ঝোলানো কণ্ডাক্টরের সঙ্গে আপিস-ফেরত কর্মক্লান্ত প্যাসেঞ্জারের নয়া পয়সা নিয়ে বকাবকি রাগারাগি হাতাহাতিতে পরিণত হয়। ট্রাম বাস থেকে নেমে নিশ্বাস ফেলে বাঁচি। শ্রান্ত দেহে বাড়ি ফিরবার সময় মনে পড়ে শান্ত পল্লীপথে মন্থর গরুর গাড়িতে যাতায়াতের কথা। আর মনে পড়ে নিরাভরণ নিরীহ নিরক্ষর গ্রাম্য গাড়োয়ানকে—কোমরে যার গামছা, বিনয়ে যার মাথা নিচু, যে 'রাম'কে বলে 'আম' আর 'আস্ত'কে বলে 'রাস্ত'।

মাঠের ওপর দিয়ে গাড়ি চলে। প্রকৃতির সাধারণ সম্পদগুলো অপরূপ হয়ে ওঠে চোখে। সবুজ ঝোপের মধ্যে লাল টুকটুকে তেলাকুচো। বর্ণ-বৈসাদৃশ্যে চমক লাগে। আকাশে নিঃসঙ্গ শঙ্খচিল। কখনও নিচে নামে, কখনও ওপরে ওঠে, কিন্তু চলে আমার সঙ্গে। হয়তো আলাপ করতে চায়। শেয়াল আগে আগে যায়—একবার বাঁয়ে, একবার ডাইনে। হঠাৎ থমকে দাঁড়ায়, পিছন ফিরে চায় আবার হাঁটতে শুরু করে। দৃষ্টি সন্দিগ্ধ—বিদেশীর আগমন বুঝি পছন্দ করছে না। ঐ দূরে খড়ো ঘরের চালে অনেকগুলো সাদা সাদা কুমড়ো নজরে পড়ে—যেন গরিব মায়ের মাদুরে শুয়ে আছে পিঠোপিঠি ভাই। দীঘির পাড়ে তালগাছ গর্বভরে মাথা উঁচু ক'রে দাঁড়িয়ে—মহাকালের প্রান্তরে তন্দ্রাবিহীন প্রহরী। মাঠময় খেজুর গাছ। বছরের পর বছর রস দান ক'রে দেহ বিদীর্ণ বিশীর্ণ। কী মহান্ আত্মত্যাগ! এই উদারতার খানিকটাও যদি মানুষের থাকত তাহলে ব্লাড ব্যাঙ্কের জন্য এত আবেদন নিবেদন করতে হত না, এমন অভিযান চালাতে হত না।

হাটের ভিতর দিয়ে গাড়ি চলে। রাস্তার দুধারে অনেকটা জায়গা জুড়ে বসেছে দোকানের পর দোকান। চাল ডাল, মুড়ি মুড়কি, দই ক্ষীর, কুলো ডালা, আলু পটল, গরু, মেষ, ছাগল ভেড়া—হরেক রকম জিনিস জড় হয়েছে। ময়রার দোকানে মিষ্টি সাজানোর কী বাহার! জামা কাপড়ের দোকানে ছোট বড় বস্তা—মিলের ও তাঁতের ধুতি শাড়ি, রঙবেরঙের ছিট, মোটা মিহি গামছা। খেলনার দেকানে মাটির ঘোড়া ও কাঠের পুতুল, ন্যাকড়ার বল ও টিনের নৌকো, জাপানী রেলগাড়ি ও জার্মান লাট্টু। বইয়ের দোকানে

প্রথমভাগ, ধারাপাত, বালির কাগজ, কালির বড়ি, শ্লেট, পেনসিল, জলছবি। বাঁধানো গাছতলায় কলের গান হচ্ছে। অবাক হয়ে শুনছে ছোট ছোট ছেলেমেয়েরা। জন-সমাবেশ, কর্মচঞ্চলতা, আঞ্চলিক শিল্পের সমারোহ, আমদানী দ্রব্যের প্রসার। দূর দূরান্তর থেকে হাজির হয়েছে মানুষ বহু কষ্ট স্বীকার ক'রে। কোন্ সকালে এসেছে জিনিস কাঁধে মাথায়, গাড়িতে। বেচা কেনা সেরে সবাই ঘরে ফিরে যাবে বেলাবেলি। অনেকক্ষণ অবধি কানে আসে কলরব, অনেক দূর অবধি চোখে পড়ে পসারী পসারিনীর মিছিল।

বনের পথে গাড়ি চলে। আলো-ছায়ায় লুকোচুরি খেলা। মৌমাছির মৃদু গুঞ্জন। শুকনো পাতার খস্ খস শব্দ। পাকা বঁইচির গন্ধে বাতাস ভরপুর। গাড়ির চালের ওপর কচি ডালের খড় খড় আওয়াজ। একটা গোসাপ উঁকি মারে—রাস্তা পার হবার আগে সভয়ে তাকায় এদিক ওদিক। নধর দেহ, শান্ত স্বভাব। কুড়ুল হাতে কাঠুরেরা কাঠ কাটতে এসেছে। বটের ছায়ায় বসে তামাক খাচ্ছে। অনেকক্ষণ পরিশ্রম করার পর একটু জিরিয়ে নিচ্ছে। সারাদিন হাড়ভাঙা খাটুনি খেটে সংসার চালাতে হয়। সামান্য উপজীবিকা সংগ্রহে কত ক্লান্তি! তবু আনন্দের অভাব নেই। ভগবান যে কাজের জন্য পাঠিয়েছেন সেটা হাসিমুখে করাই উচিত।

গ্রামের মধ্যে দিয়ে গাড়ি যায়। পাঠশালার আটচালায় ছেয়েমেয়েরা নামতা মুখস্থ করে। চাটাইয়ের ওপর পণ্ডিত মশাই বসে আছেন—হাতে বেত, চোখে ঘুমের ঘোর। যারা ইস্কুলে যায় না তারা দাওয়ার একধারে দশ পঁচিশ খেলে। গামছা কাঁধে পুরুত মশাই ফেরেন এ বাড়ি ও বাড়ি পুজো সেরে—মুখে ক্লান্তির ছাপ, গলায় পইতে ঘামে ভিজে। আঁকা-বাঁকা সংকীর্ণ পথে কখনও গোলাবাড়ি বাঁয়ে ফেলে, কখনও গোয়ালঘর ডাইনে ফেলে গাড়ি এগোয়। পানাপুকুরের কোল ঘেঁষে যেতে যেতে নজরে পড়ে কামার বউ বাসন মাজছে, বাগদি বউ মাছধরা জাল শুকতে দিচ্ছে। ময়রার দোকানের ঝাঁপ বন্ধ, মুদীর দোকানের কর্তা দিবানিদ্রার আয়োজনে অন্যমনস্ক। ভাঙা মন্দিরের আঙিনায় হনুমানেরা পরস্পরের উকুন বাছাবাছিতে ব্যস্ত। কৈবর্তদের খড়ের গাদা থেকে আঁটি টেনে নিয়ে চিবোচ্ছে নির্বিকার ধর্মের ষাঁড়। নির্ভয়ে কাছে দাঁড়িয়ে দেখছে নিষ্কর্মার দল—বিশ্বাস ধর্মের ষাঁড় তাদের গুঁতবে না। কোথাও জানলায় বসে রোদে চুল এলিয়ে দিয়ে সুর ক'রে কৃত্তিবাসী রামায়ণ পড়ছে তরুণী মেয়ে। কোথাও মাটির ঘরের নিরালায় নীরবে কাঁথা সেলাই করছেন বর্ষীয়সী বিধবা। বামুনপাড়ার বাতাস শিথিল বকুলের গন্ধে আকুল।

বিলের ধারে ধারে গাড়ি চলে। মাছরাঙা আর কাদাখোঁচা পাখিরা জটলা করে। চাঁড়ালরা খেপলা জাল ফেলে মাছ ধরে। জেলা বোর্ডের পুলের পাশে গাব গাছের নিচে ছিপ ফেলে জলের দিকে একদৃষ্টে চেয়ে বসে রয়েছে একজন। হয়তো কাছাকাছি কোন গ্রামের বাবুদের ছেলে—মাছ ধরার শখ আছে। ডিঙির পাটাতনের ওপর বসে জলে পা ডুবিয়ে তন্ময় হয়ে ভাটিয়ালি গাইছে মাঝি। দূরে মাল-বোঝাই গাড়ি দেখা যায়। আস্তে

আস্তে এগিয়ে এসে গাড়িখানা রাস্তা থেকে নেমে কাত হয়ে দাঁড়ায়। সোয়ারী গাড়িকে পথ ছেড়ে দিতে হয় মালগাড়িকে। এখানে ট্র্যাফিক পুলিস নেই, আছে প্রচলিত অলিখিত নিয়ম ; লাল পাগড়ির লাঠি নেই, আছে সামাজিক শাসনের কঠোরতা।

বেলাশেষের অবসান। পশ্চিম দিগন্তে। অস্তরাগ ঘরে-ফেরা গরু ভেড়ার পায়ের ধুলো। ভিজে কাপড়ে ঘাট থেকে জল নিয়ে যায় গ্রামের বধূ। মেঠো পথে জলের আলপনা কত সুন্দর! দুই গ্রামের মাঝামাঝি জায়গায় ডাক্তারখানা। রোয়াকে বৃদ্ধদের মজলিস। একজন জিজ্ঞাসা করেন—গাড়ি কোন্ গাঁয়ের গো ?

গাড়োয়ান উত্তর দেয়—আজ্ঞে, হলুদগাঁয়ের।

—হলুদগাঁয়ের! তাই বলো।

প্রশ্নের পর প্রশ্ন আসে।

প্রথম—হ্যাঁ ভাই, তোমাদের রামনবমীর মেলা কেমন জমেছে ?

দ্বিতীয়—ও ভাই, ঘোষাল মশাই পুকুর কাটাচ্ছেন কবে ?

তৃতীয়—আচ্ছা, শিবু স্বর্ণকার সেরে উঠেছে তো ?

প্রশ্নের পর আসে অনুরোধ।

প্রথম—মানু ঠাকরুনকে বলো আমার বড়ি ও আমচুরের দরকার।

দ্বিতীয়—পদ্ম গয়লানীকে বলবে কাল সন্ধ্যায় আমার আধসের ছানা চাই।

তৃতীয়—সনাতন সদ্দারকে কষ্ট ক'রে জানাতে হবে আমি তার হাতে একখানা চিঠি দেব সামনের হপ্তায় মৌরপুরের মাধব গোঁসাইকে।

এইসব প্রশ্ন ও অনুরোধের পিছনে কী আন্তরিকতা, কী আত্মীয়তা! কত দাবি, কত জোর! ফরাসডাঙার ধুতি আর শান্তিপুরের শাড়ির মতো হলুদগাঁয়ের গাড়িরও একটা স্থানীয় পরিচয় আছে। মাদ্রাজ মেলের বা পাটনা প্যাসেঞ্জারের, টালিগঞ্জের ট্রামের বা বেহালার বাসের এ-ধরনের পরিচয় আছে কি ?

গরুর গাড়িতে পথ চলার কত বিচিত্র অভিজ্ঞতা! পথ অনেক সময় পথহীন—দশ হাত নিচে নামতে হবে আবার বারো হাত ওপরে উঠতে হবে। নদী সরে গিয়েছে—নদীগর্ভে বালি আর বালি। সেই বালি ভেঙে অপর পাড়ে উঠতে হবে। উঠছি তো উঠছিই। ক্লান্ত বলদ চড়াইয়ের পথে ক্ষণিক দাঁড়িয়ে বিশ্রাম নেয়। সম্মুখে তাকিয়ে মনে হয় আর বুঝি পথ নেই, শুধু আকাশ। তারপর সতর্ক ক'রে দেয় গাড়োয়ান—"বাবু, হুঁশিয়ার। এইবার 'হড়-গড়া' (গড়ানে রাস্তা), ছইয়ের দুদিক খুব শক্ত ক'রে ধরে বসুন। নইলে পিঠে ঝাঁকুনি লাগবে নয়তো পাঁজরে ব্যথা পাবেন।" ধাক্কা খেতে খেতে ঘেমে উঠি। কিছুক্ষণ বাদে সমতলের সহজ গতিতে শরীর স্নিগ্ধ হয়। সামনের দিকে বেশী এগিয়ে বসলে গাড়োয়ান বলে 'দাবা' হচ্ছে অর্থাৎ গরুর কাঁধে চাপ পড়ছে। পেছনের দিকে বেশী পেছিয়ে বসলে শুনি 'ওলা' হচ্ছে অর্থাৎ গরুর গলার দড়িতে টান পড়ছে। অদ্ভুত

গাড়োয়ানের ভাষা। শুধু তাই নয়। সে গরুকে বোঝে, গরুও বোঝে তাকে। গায়ে আস্তে আস্তে হাত বোলানো, ন্যাজ মলা, পা দিয়ে পেটে খোঁচা দেওয়া, পাঁজরে পাঁচনের গুঁতো মারা, শিঙে পাঁচনের আঘাত করা, মুখে নানারকম শব্দ করা—এ-সব আচরণের অর্থ অনুযায়ী অবিকল কাজ করে মূক ভারবাহী জীব। গাড়োয়ান গরুর বন্ধু—আত্মীয়—সুখদুঃখের অভিভাবক। গরু গাড়োয়ানের নির্ভরযোগ্য অনুচর—অনলস আদেশপালক। সেই তো তারিফ করে গাড়োয়ানের দেহতত্ত্বের গান সকলের চেয়ে বেশী।

ঝমঝম শব্দে রানার ছুটে যায় গাড়ির পাশ দিয়ে। গাড়োয়ান হেঁকে বলে—"হরকরা মশাই, একটু দাঁড়ান, একটা বিড়ি খেয়ে যান।" হরকরা যে সে লোক নয়—ভারত সরকারের চাকুরি করে। তার যথেষ্ট সম্মান আছে গ্রামাঞ্চলে। গাড়োয়ানের ডাক সম্ভ্রমপূর্ণ। রানার দাঁড়ায়, হাসিমুখে কথা বলে। বিড়িতে টান দিতে দিতে জিজ্ঞাসা করে —"কিছু বলবার আছে?" গাড়োয়ান সংকুচিতভাবে বলে—"মা ঠাকরুনকে বলবেন আমরা ছাড়ি গঙ্গা পেরিয়ে এসেছি, আলোয় আলোয় ঘরে পৌঁছব।" রানার বলে —"তোমাকেও একটা কাজ করতে হবে, ভাই। মাস্টারবাবুর জন্যে দুগণ্ডা হাঁসের ডিম কিনে নিও বাবুয়ডাঙার বাগদিপাড়া থেকে। নবীন নগরের হাটে কিনতে ভুলে গিয়েছি।"

রানার অদৃশ্য হয় পদচিহ্নহীন প্রান্তরে। শীঘ্রই নতুন অবস্থার সম্মুখীন হই। গাড়োয়ান মুখে খাপছাড়া শব্দ করে—'চু' 'চু' 'চু'। অমনি গাড়ি দাঁড়িয়ে যায়। যে মাঠে এতদিন গাড়ির 'নিক' (মাটির ওপর চাকার দাগ) ছিল সেখানে সরষে বোনা হয়েছে। গাড়ি ঘোরাতে হবে। আধ-ঘণ্টা ঘোরার পর আবার বিপদ। সামনে বাবলা কাঁটার বেড়া দিয়ে ঘেরা মুলোর ক্ষেত। ক্ষেতের মালিক মাথা হেঁট ক'রে বলে—"কি করব ভাই, একদম নিরুপায়। দিনকাল বড় খারাপ। পেট তো চালাতে হবে।" না ফিরে গত্যন্তর নেই। নিছক সময় নষ্ট। হয়তো খানিকটা মেজাজও নষ্ট। ভগবান জানেন কখন গন্তব্য স্থানে পৌঁছব! কিন্তু গরুর গাড়িতে চলার নাটকীয় দিকটা একবার ভেবে দেখুন তো। ছমাস অন্তর না হয় বছর অন্তর পথ বদলায়। অভাবনীয় বার বার তার রহস্যদ্বার খুলে অভিনন্দন জানায়।

গরুর গাড়িতে যেতে যেতে প্রকৃতির সৌন্দর্য ও সংসারের জীবনযাত্রা যেমন দেখতে পাওয়া যায় রেলে মোটরে যেতে যেতে তেমন দেখতে পাওয়া যায় না। দ্রুতগামী যান থেকে মনে হয় গাছপালা ঘরবাড়ি মানুষজন গারুবাছুর—সব যেন উল্টো দিকে ছুটছে, পালাচ্ছে, লুকোতে চাইছে দৃষ্টির অন্তরালে। দ্রষ্টার মানসপটে তাদের আংশিক অস্পষ্ট রূপের ছাপ পড়ে। ধীরগামী যান থেকে ধরা পড়ে তাদের স্পষ্ট সমগ্র রূপ। তারা ধীরে ধীরে এগিয়ে আসে কাছে আবার ধীরে ধীরে মিলিয়ে যায় দূর দিগন্তে। চকিতে পরের বউকে দেখা আর নিভৃতে ঘরের বউকে দেখা—পার্থক্য অনেকখানি বই কি। স্ন্যাপসট-বিলাসীরা রেলে মোটরে বেড়িয়ে তৃপ্ত হন কিন্তু চিত্র-বিলাসীরা গরুর গাড়িই ভালোবাসেন। রেল-মোটর-প্লেন-যাত্রীর কাছে গন্তব্য স্থান মুখ্য, গন্তব্য পথ গৌণ। যিনি ভ্রমণ করেন

গরুর গাড়িতে তাঁর কাছে পথই প্রধান, পথের শেষ নয়। রেল-মোটর-প্লেন-যাত্রীর চোখে ভাসে ভিল্লাই বা রৌরকেল্লা, মাইথন বা ম্যাসাঞ্জোর; তিনি স্বপ্ন দেখেন তাজমহলের, অজন্তা-ইলোরার, নর্মদার মর্মর শৈলের। গরুর গাড়ির যাত্রী গ্রাম থেকে গ্রামান্তরে যেতে যেতে দেখেন শিশিরে কেমন স্নান করছে আকন্দ, রৌদ্রে কেমন ঝলমল করছে অশ্বত্থের রেশমী পাতা, পলাশ কেমন বসন্তের জয় ঘোষণা করছে দিক্‌মণ্ডলে রঙ ছড়িয়ে দিয়ে; তিনি শোনেন দোয়েলের শিস, কোকিলের কুহু কুহু, পাপিয়ার পিউ পিউ; অনুভব করেন কবির কথার সার্থকতা :

পথের প্রান্তে আমার তীর্থ নয়।
পথের দুধারে আছে মোর দেবালয়।

গরুর গাড়ির সঙ্গে আমার জীবনের কত স্মৃতিই না জড়িত! গরুর গাড়িতে চড়ে মিত্তিরদের মেয়ে কঙ্কাবতী কাঁদতে কাঁদতে শ্বশুরবাড়ি রওনা হয়েছিল। জমিদারদের ছেলে বিলাসচন্দ্র গলায় মালা পরে কপালে চন্দনের ফোঁটা নিয়ে হাসিমুখে বরের গাড়িতে গিয়ে উঠেছিল শোভাযাত্রার পুরোভাগে। ঠাকুরমার শেষ অসুখের সময় ডাক্তার এসেছিলেন সুধাকরপুর থেকে গরুর গাড়িতে ওষুধের বাক্স নিয়ে। মাঝে মাঝে গরুর গাড়ি ক'রে আমাদের ইস্কুল দেখতে আসতেন ইন্সপেক্টার হিমাদ্রি মুখুজ্যে। জগদ্ধাত্রী পূজার আগে গাড়িতে দু-সারি বড় বড় পেতলের ঘড়ায় গঙ্গাজল ভর্তি ক'রে মুখে থোড়ের ছিপি এঁটে নিয়ে আসত খোসালপুরের ঘাট থেকে আমাদের বিশ্বস্ত ভৃত্য বেহারী। পাঁচ সাত খানা গাড়িতে সাজ-সজ্জা মাল-পত্তর নিয়ে নামকরা 'নহুষ উদ্ধার' পালা অভিনয় করতে এসেছে পাটুলির বলরাম দাসের যাত্রার দল। আমাদের গ্রামের 'মেবার পতন' অভিনয় দেখতে এসেছেন গরুর গাড়ি ক'রে ঘোড়াইক্ষেত্রের প্রতিদ্বন্দ্বী ক্লাবের পৃষ্ঠপোষকেরা।

গরুর গাড়িতে যেতে যেতে নজরে পড়েছে 'কৃষ্ণকান্তের উইল'-এর রোহিণী, 'পোস্ট মাস্টার,-এর রতন, 'পল্লীসমাজ'-এর বনমালী পাড়ুই, 'পথের পাঁচালী'-র ইন্দির ঠাকরুন, 'রাই কমল'-এর কমল—কথা-সাহিত্যের আরও কত নায়ক-নায়িকা। সন্দেহজনক-ভাবে গাড়ির অনুসরণ করেছে 'ইছামতী'-র হলা পেকে-র মতো মানুষ। কখনও কখনও সাপুড়ে ও বহুরূপীর পাল্লায় পড়েছি। গহন বনে ভাঙা বাড়ি দেখে মনে পড়েছে বাংলার অগ্নিযুগের সেই বিপ্লবী বীরদের যাঁরা গেয়েন্দার দৃষ্টি এড়িয়ে আত্মগোপন ক'রে দিন কাটিয়ে-ছিলেন এই রকম নির্দয় নির্জনে। কোন কোন শুভ মুহূর্তে অসীমকে উপলব্ধি করেছি, অজানার বীণা শুনেছি। আভাস পেয়েছি সৃষ্টির গূঢ় রহস্যের। গাছকে মনে হয়েছে কবিতা, নদীকে গান, মাঠকে গল্প, আকাশকে উপন্যাস।

নতুন যুগের শঙ্খ বেজেছে। ট্রেন চলছে, মোটর ছুটছে, প্লেন উড়ছে। গরুর গাড়ির আমল চলে গেল চিরদিনের মতো! সেই সঙ্গে বাংলা দেশকে দেখবার একটি বিশিষ্ট বাতায়নও বন্ধ হয়ে গেল !!

কয়েকটি কবিতা

লেখা চট্টোপাধ্যায়
চতুর্থ বর্ষ, সাহিত্য

তুমি এলে

মাঝে মাঝে পৃথিবীর রঙ্ মুছে যায়
মেঘ-ডাকা কালো ঝড়ে ধুয়ে যায় আকাশের আলো—
তবু তুমি কোথা হ'তে আনো রঙ্, আনো ভালোবাসা,
কোথা থেকে আলো সুধা ঢালো ?

পৃথিবী দু'হাত ভ'রে মুঠো মুঠো সোনা শুধু ঢালে
ডালে ডালে, নরম মাটিতে,
সবুজের ডানা মেলে উড়ে যায় টিয়ে হরিয়াল,
চড়ুই উৎসবে মাতে গোলাঘরে, ধানের আঁটিতে।

এই মনে বড়ো ভীড় ; নোট খাতা বই ও কলম—
নানারকমের দাবী নানাভাবে ভ'রে রাখে মন
তবু রঙ্ জাগে বুকে—রামধনু ! বৃষ্টির আকাশ !
সব ভীড় দূরে ঠেলে তুমি এসে দাঁড়াও যখন।

স্বপ্ন

সারাদিন বেশ কাটে, হাসি গানে কথায় কথায়,
তারপর রাত্রি হ'লে থামি। মনে হয় মূঢ় বেদনায়
কী যেন কী হারিয়েছি—যাকে আর ফিরে পাওয়া ভার :
সারা রাত তাই ভেবে কাটে। তোমার আমার
সকলের সব কথা থেমে গেলে হেঁটে আসে যারা,
ছায়ার মতন যারা, গানের মতন যার সুরেলা ইশারা
তারা আসে, জানালায় হাওয়া খেলে,
হাওয়া খেলে একা বিছানায়—
চোখ খুলি, দেখি তারা মিলাল কোথায়।

বেদনার জন্ম

কেন যে বেদনা বেড়ে যায়।
আমার আকাশ ভরে বেদনার মেঘ জমে,
পালে লাগে অশান্তির হাওয়া—
অন্ধকার থমথমে,
মেঘ জমে
আমার ঘরেও,
হাওয়া পেয়ে হঠাৎ সে ঘর
মেঘ হ'য়ে উড়ে যায় দূরে—
চোখের পাতায় ভ'রে জল আনে
মনে মনে সুর বাজে আশ্চর্য নূপুরে।

কেন ওরা বেদনা বাড়ায়?
নীলফুল ছায়া ফেলে দেয়ালের গায়—
জানি আমি, ওরা চমকায়
নীলের নেশায়,
সারা গায়
নীল ছায়া মেখে নিয়ে আমার দেয়ালও
কোথায় হারিয়ে যাবে—
দূর পাহাড়ের গানে
কেঁপে কেঁপে হৃদয় মেশাবে।

তোমরা যে হাসো কাঁদো, ভালোবাসো
তারি ছায়া মেঘে মেঘে ভাসে—
আনন্দিত বেদনার মেঘ দেখে
আমার যে চোখে জল আসে।

আমরা যা চাইছি

থাক থাক আর কিছু চাই না—
এ মনের সমুদ্র শান্ত।
যা দেখেছি সব-কিছু বলো না
বলো বলো বলো—সব ভ্রান্ত।

যন্ত্রণা যত দিলে নিষ্ঠুর—
আমাদের পৃথিবী তা সইল,
সব কথা মুছে গিয়ে একথাই
চুপি চুপি মনে জ্বলে রইল ?

এবার দাও না তবে ক্ষান্ত
আর কিছু দয়া সে তো চায় না—
যা দিয়েছ সবি নাও ফিরিয়ে
হিংসার ঈর্ষার হায়না।

পঞ্চমাঙ্ক

তীর্থঙ্কর চট্টোপাধ্যায়

চতুর্থ বর্ষ, ইংরাজী

প্রতি বছর একইভাবে দিনগুলো ফিরে আসে। কালবৈশাখীর কথা যখন স্মৃতি হয়ে যায়, দিনের পর শুকনো দিন যখন শহরের সমস্ত রূপ শুষে নিয়ে তাকে এঁটো আর অশুচি করে রেখে দেয়, তখন সব নাগরিক উন্মুখ হয়ে বৃষ্টির প্রতীক্ষা করে। বর্ষাকাল যে তার আনুষঙ্গিক দুর্দশা বাদ দিয়ে আসবে না, তাও ভুলে যেতে ভালো লাগে।

শুধু যে আষাঢ় মাস কিছুটা এগিয়েছে তাই নয়, আবহাওয়া বিভাগের নির্দিষ্ট তারিখও অতিক্রান্ত। কিন্তু এখনও শহরের কপালে ছিটেফোঁটাও জোটে নি। দুঃসহ রোদ্দুরের মধ্যে বাস স্টপে দাঁড়িয়ে একটি দোকানের বৈকালিক কার্যারম্ভ দেখছিলো সুহাস। দোকানের মালিক শুকনো ঠোঁটের ওপর জিভটা বুলিয়ে নিয়ে আকাশের কোণগুলো ভালো করে তাকিয়ে দেখলেন। আর তারপর যেন সেখানে আশাপ্রদ কিছু না পেয়ে একটা ছোট বালতি থেকে জল ছিটিয়ে দিতে লাগলেন ফুটপাথে। জলের ঠাণ্ডা স্পর্শ উত্তাপকে পুরোপুরি তাড়াবার আগেই সুহাস মনে মনে বললো, ওই যে আমার বাস আসছে ; জানলার ধারে জায়গা পাবো কি ?

জানলার ধারে এই সীট্‌টায় কি রোদ্দুর ! ঘামে আস্বস্তি, গলায় তেষ্টা। আজ কি করবো আমরা ? গিয়েই নমিতার কাছে জল চাইবো এক গেলাস। আজ কি সেই নীল শাড়িটা

পরেছে ও? কি করবো, কি করবো আমরা? জানি এ প্রশ্ন নিরর্থক; কিছুই শক্ত হবে না সময় কাটানো। যখন সময় পেরিয়ে যাবে, জানবোও না কিভাবে গেলো কোথা দিয়ে। প্রতীক্ষিত বৃষ্টি হয়তো নামবে আজই বিকেলে। তাহলে কি তাকিয়ে থাকবো সিক্ত পথের দিকে, দেখবো আকাশে তাকিয়ে ঘনঘটা? নমিতা কি আজ গান গাইবে,—রবীন্দ্রসঙ্গীত? কিংবা এসব কিছু ঘটবার নয়। গত সপ্তাহ নিরাশায় গেছে, কে বললো আজই বর্ষণ হবে, সকলের আশা পূরবে, শহর ঠাণ্ডা হবে, শান্ত হবে? শহর যদি বাইরে পচে ক্লেদমুক্তির ব্যর্থ আশায়, তাতেই বা কি? প্রাচীর তুলবো বন্ধ খড়খড়ির, স্বল্পালোকিত ছায়াচ্ছন্ন দু-তলার ঘরে। সূর্য ডুববে, জানলা খুলবে, হাওয়া বইবে, কি গুমোট থাকবে। এ-কথা ও-কথা সে-কথার পরে চুপ করবো, নমিতা থামবে। চুপচাপ বসে বাইরে তাকাবো। তবুও শান্তি নামবে, অন্য শান্তি—অবসাদে যে-শান্তি থাকে, সেই।

আজ এই মেঘলা দিনে নমিতার সঙ্গে বসে থাকতে থাকতে তাদের দুজনের অতীতকে একটা সুসংবদ্ধ, স্তরীভূত ইতিহাসের মতো দেখতে পেলো সুহাস। যখনই নমিতার বা নিজের কোন সাহসিক পদক্ষেপে তাদের প্রেমের এক অধ্যায় শেষ হয়ে আর একটার সূচনা হয়েছে, তখনই অতীতের আপাতবিচ্ছিন্ন অণুপুঞ্জের মধ্যে এই বিন্যাস, এই ক্রমান্বয় তার চোখে পড়েছে। হারিয়ে-যাওয়া আবেগেরা চেনা পথে ফিরে এসেছে আবার: এবারে আর সেই প্রথম বারের চমক নেই অবশ্য, নেই সেই অবশ-করে-দেওয়া উচ্ছ্বাস; বরং অনেক সংযত, সংহত, সচেতন চিন্তায় জারিত, সেই কারণে কিছুটা যেন রচিত, আরোপিত; কিন্তু আরও ইঙ্গিতবহ, আরও প্রতিশ্রুতিময়, আরও ফলপ্রসূ।

প্রত্যেক পরিচ্ছেদেই এই। প্রথমে অবিশ্বাস, শুধুই অবিশ্বাস, প্রতিরোধ, কেবল প্রতিরোধ। তারপর মোহের ইন্দ্রজাল, কামনার শিহরন। তারপর সে-জোয়ার সরে গেলো নতুন এক মৃত্তিকার জন্ম দিয়ে: নরম বটে, কিন্তু নরম বলেই উর্বর। এইভাবে পরিচ্ছেদের পর পরিচ্ছেদের পাতা উল্‌টে গেলো সুহাস, একটা উপন্যাসের মতো পড়ে গেলো নিজের জীবনকাহিনী। নিজের আর আরেকজনের। কেননা যতোই এগোতে লাগলো কাহিনী, ততোই তারা পরস্পরের সহায়তা বেশি করে পেতে লাগলো। একজনের মনে আবেগ আর চিন্তার সংমিশ্রণ যেই একটা সংস্থিতি আনলো, অমনি সে বুঝলো, অন্যের মনেও সেই একই রূপান্তরের খেলা চলছে। সুহাস নমিতাকে বললো, সে বুঝেছে। নমিতা সুহাসকে বললো, সে বুঝেছে। তখন আর মুখরতাকে প্রগল্‌ভতা মনে হলো না, উচ্ছ্বাসকে ফাঁকা ঠেকলো না, নিস্তব্ধতাকে বিড়ম্বনা বলে বোধ করলো না কেউ। পরিপার্শ্ব সম্বন্ধে তারা আবার সচেতন হলো, কিন্তু এবার আর অসহ্য লাগলো না। কেন-না, তখন তারা সেই জায়গায় পৌঁছে গেছে, যেখানে কিছুতেই কিছু এসে যায় না।

কিন্তু আমি বুঝেছিলাম, সুহাস ভাবলো। আমি বুঝেছিলাম। আমি জানতাম যে এইখানে শেষ নয়। সেই তীব্র সংরাগ আবার ফিরে আসবে তার সমস্ত জ্বালা, সমস্ত

শিহরন নিয়ে। আর তাকেও আমরা বরণ করে নেবো যেমন করে পরিপার্শ্বকে বরণ করে নিয়েছি। আমি জানতাম। কিছু কখনো ভাবি নি যে, সে-মুহূর্ত যখন আসবে তখন আমি প্রস্তুত থাকবো না। আজ যদি মেঘ না জমতো শহরের ওপরে। মনটা যদি হাতের বাইরে চলে না যেতো। অপেক্ষিত মুহূর্ত আজই এলো কেন?

নমিতা ভাবলো, সুহাস প্রস্তুতির কথা বলছে। কিন্তু আমি তো সে-কথা কখনো ভেবে দেখি নি। সেদিন বুঝি নি; আজও না বুঝেই ওকে আহ্বান জানিয়েছি। ও সাড়া দিতে পারছে না। আর কিছু করবার নেই। সব শেষ হয়ে গেছে।

কাজেই সুহাস নমিতাকে বোঝাতে পারলো না। নমিতা খুব মনোযোগ দিয়ে সুহাসের কথা শুনলো। বুঝবার চেষ্টাও হয়তো করেছিলো। অন্তত সুহাস স্পষ্ট অনুভব করেছিলো, সে তার পুরোনো প্রেমিকের প্রতি ন্যায়পরায়ণ হতে চাইছে। অবিকল দৃষ্টিভঙ্গীতে সুহাসের মতামত বিচার করে নিখুঁত রায় দিতে চাইছে। সুহাস বুঝছিলো সবই। সঙ্গে সঙ্গে এ-কথাও তার মনে আসছিলো যে নমিতার সব প্রয়াস বিফলে যাবে। সুহাস ভাবলো, ও বৃথাই নিজেকে প্রবোধ দিচ্ছে; ও তালা ভেঙে ফেলতে পারে, কিন্তু যে-মসৃণতা সমস্ত যান্ত্রিক কৌশলকে ব্যর্থ করে আমাদের প্রার্থিততম দরজা খুলে স্মৃতি-বিস্মৃতিকে এক জায়গায় মেলায়, তা আর কি করে ফিরে পাবে? অথচ দেখো, রোজকার মতোই আমার সামনে সেই পরিচিত আড়ষ্ট ভঙ্গীতে বসে আছে। মুখ নীচু করে আমার কথা শুনছে, যেমন শোনে। আঙুল দিয়ে টেবিলের ওপর কাল্পনিক নকশা তৈরী করছে, যেমন করে। বিনুনি দোলায় নি আজ, উঁচু করে খোঁপা বেঁধেছে। ভীষণ ইচ্ছে করছে ওর অনাবৃত শুভ্র ঘাড়টা দেখতে। যদি পাশাপাশি বসতাম আমরা, তাহলে হয়তো সেই ঋজু প্রত্যঙ্গের ভাস্বরতা আমাকে নাড়া দিয়ে জাগিয়ে তুলতে পারতো। হয়তো ওকে বোঝাতে পারতাম। পারতাম না? বোধহীন অনিশ্চয়তা প্রতি পলে কবর দিচ্ছে আমাদের। বৃথাই আমরা মৃত্তিকার শ্বাসরোধী শত্রুতাকে ঠেলে ফেলতে চাইছি। আমরা কেন ভুলে গিয়েছিলাম আমাদের মধ্যে একটা ব্যবধান আছেই, সারাক্ষণই ছিলো? না ভুললে কি এতো উগ্র হতো আজকের প্রতিরোধ? আমরা শুধু মুখোমুখি বসে ধীরে ধীরে নিজেদের যন্ত্রে রূপান্তরিত হতে দেখছি। আমি যদি হাসি, কোন অদৃশ্য হাত চাকা ঘোরাবে, ওর মুখে হাসি ফুটবে। ও যদি কাঁদে, কোন অদৃশ্য কাঁটার স্থানাঙ্ক-পরিবর্তনে আমার মধ্যে সান্ত্বনা খুঁজে পাবে।

ফলে পনেরো মিনিট পরে সুহাস নিজেকে এক অসহায় অবস্থায় আবিষ্কার করলো। নমিতার উষ্ণ আলিঙ্গনের প্রত্যুত্তর দিতে পারলো না সে, শুধু দু-হাতে তাকে বেষ্টন করে দাঁড়িয়ে রইলো। ঘরে আলোর প্রয়োজন। পশ্চিমের মেঘের আড়াল থেকে বেরিয়ে আধখানা সূর্য জানলায় শার্সিতে রক্তিম আলো ফেললো, ঘরের অন্ধকারকে তরল করলো। সুহাস ভাবলো, এইভাবে আমাকে আঁকড়ে ধরে অনন্তকাল দাঁড়িয়ে থেকে অবশেষে কি নমিতা বুঝবে যে ওই অপার্থিব আলো আমাদের শবাধারকে রাঙিয়ে দিচ্ছে?

সেদিন রাত্রে রাস্তায় লোকচলাচল কমে যাবার পর বৃষ্টি নামলো কলকাতায়। শুয়ে শুয়ে অনেকক্ষণ ধরে বৃষ্টির শব্দ শুনবার পর সুহাস ঘুমিয়ে পড়লো। অনেক রাতে একটা স্বপ্ন দেখে তার ঘুম ভেঙে গেলো। অন্ধকারে চোখ মেলে ঘড়ির নিঃসঙ্গ, একঘেয়ে ধ্বনিটা শুনলো কিছুক্ষণ। তারপর বিছানা ছেড়ে উঠলো। হাতড়ে হাতড়ে গিয়ে জানলাটা খুলে দিতেই এক ঝলক ঠাণ্ডা হাওয়া এসে তার মুখে আঘাত করলো। অনেক দূরে একটা গাড়ির শব্দ শোনা গেলো।

স্বপ্নের মধ্যে একটা দুর্বোধ্য গান শুনেছিলো সুহাস। কথাগুলো বোঝে নি। শুধু অশরীরী সুরটা তার চারপাশে ঘুরছিলো। ক্রমে সেটাও অস্পষ্ট হয়ে এলো। শুধু মিলিয়ে যাবার আগে তার রেশ অনেকক্ষণ ধরে কাঁপতে লাগলো ঠাণ্ডা বাতাসে।

পঁচিশে বৈশাখ ও আমরা

পূরবী মুখোপাধ্যায়

চতুর্থ বর্ষ, বিজ্ঞান

"চির নূতনেরে দিল ডাক পঁচিশে বৈশাখ"—পঁচিশে বৈশাখ আমাদের নিয়ে চলেছে নিত্য নতুন পথের পানে, জীবনের ডালি ভরে উঠছে পঁচিশে বৈশাখে নব নব প্রজ্ঞার আলোকে। পঁচিশে বৈশাখ মানবমনের পূর্ণতা।

রবীন্দ্রনাথ মহান পুরুষ, অসীম তাঁর মনের ব্যাপ্তি, তল পাওয়া যায়না বুঝি সে গভীরতার। কিন্তু তবুও রবীন্দ্রনাথ আমাদের খুব কাছের মানুষ, এত নিকটে আসতে পারে না বুঝি একান্ত প্রিয়জনও। তাই প্রতি বছর পঁচিশে বৈশাখ আমাদের কাছে আসে নতুন রূপে, কবিকে প্রত্যক্ষ করি আবার নতুন ভাবে, নতুন আলোকে। জীবনের প্রতি স্তরেই কবি আমাদের প্রাণে 'নব নব রূপে, গন্ধে বরণে ছন্দে" ধরা দেন।

* * * *

যখন ছিলাম শিশু, মন চলে যেত 'সকল উদ্দেশহারা, সকল ভূগোলছাড়া', অপরূপ অসম্ভবের দেশে, যখন ভাঙ্গা কাঠের খেলনা আর মাটির ঢেলা ছিল পরম সম্পদ, সেই সময় সেই রূপকথার দেশের শিশুর মনের অনন্ত জিজ্ঞাসা, একান্তই মনের কথাটি এত দরদ ভরে ব্যক্ত করেছেন সে কোন্ কবি? সেদিনের পঁচিশে বৈশাখে কে যেন খোকার একান্তই মনের প্রশ্নটি মা'কে শুধায়—

"এলেম আমি কোথা থেকে,
কোন্‌খানে তুই কুড়িয়ে পেলি আমাকে ?"

কিন্তু পরক্ষণেই শিশু ভোলানাথের মন চলে যায় অন্য জগতে—

"তালগাছ এক পায়ে দাঁড়িয়ে, সব গাছ ছাড়িয়ে।
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়—
একেবারে উড়ে যায়, কোথা পাবে পাখা সে।"

পৃথিবীর আবর্তনের সঙ্গে শৈশব এগিয়ে চলে কৈশোরের পানে।

জগতের সব কিশোরের মনের কথা একটি মানুষ তাঁর মনোবীণার তারে তুললেন বাজিয়ে—

"মনে করো যেন বিদেশে ঘুরে,
মাকে নিয়ে যাচ্ছি অনেক দূরে—

* * *

এমন সময়, 'হা রে-রে-রে'
ঐ কারা আসতেছে ডাক ছেড়ে",

নবীন কিশোরের এই যে 'বীরপুরুষের' কল্পনা, তাকে এমন সুন্দর রূপ দিয়েছেন আর কে ?

কিশোর বালক নিজের মনের জগতে আপন মনেই করে বিচরণ, মনের কোন তার ভরে উঠে 'খেয়াল খুশীর, সত্য মিথ্যার' কল্পনায়—তাই কবির কিশোর মন বলে,—

"পৃথিবীটি কথা কইতে পারে না, তাই অমনি করে নীল আকাশে হাত তুলে ডাকছে। অনেক দূরের যারা ঘরের মধ্যে বসে থাকে, তারাও দুপুর বেলা একলা জানলার ধারে বসে ওই ডাক শুনতে পায়। পণ্ডিতেরা বুঝি সে ডাক শুনতে পায় না ?"

কিশোর শিশু 'ফুলের গন্ধের অদৃশ্য পথের ইসারা বেয়ে' এসে পৌঁছায় যৌবনের পুষ্পাচ্ছাদিত রাজপথে। জীবন ভরে উঠে সজীবতায়, উদ্দামতায়। যৌবনের উদ্দাম বেগে জীবনসমুদ্রে বিপুল তরঙ্গরাশির খেলা চলে, এই বিশালতার কূলে থৈ পায় না তরুণ মনের স্বপ্ন। মনের রুদ্ধ ভাবাবেগ মনের মাঝে প্রকাশের পথ পায় না বুঝি খুঁজে। সেই সময় আর এক পঁচিশে বৈশাখের প্রাতে 'ছায়াবীথি তলে' কবির বীণায় বেজে ওঠে তাদের 'না বলা বাণী', আর—

"সেই গান শুনি,
কুসুমিত তরুতলে তরুণ-তরুণী
তুলিল অশোক—
মোর হাতে হাত দিয়ে তারা কহিল,
'এ আমাদেরি লোক'।"

উদ্দাম যৌবনের ভাবাবেগে কবির তরুণ মনে জেগে উঠে,—

"পথ বেঁধে দিল বন্ধনহীন গ্রন্থি
আমরা দুজন চলতি হাওয়ার পন্থী।
* * *
ডানা মেলে দেওয়া মুক্তি প্রিয়ের কূজনে দুজনে তৃপ্ত
আমরা চকিত অভাবনীয়ের ক্বচিৎ-কিরণে দীপ্ত॥"

জীবনের স্বর্ণক্ষেত্র যৌবন, নিত্য নব কর্মপ্রেরণায় সাড়া দেয় মানুষ, 'জীবনের রণক্ষেত্রে' প্রস্তুত হয়, অলক্ষ্যে ভেসে আসে প্রেরণার বাণী, দিকে দিকে চলে 'সবুজের অভিযান'। কবির বিপুল প্রাণাবেগের তরঙ্গ, চিরন্তন কর্মপ্রেরণা ছুটে চলে বাধাবিঘ্নহীন পথে। কবির উদাত্ত কণ্ঠস্বর মানবহৃদয়ে নিয়তই ধ্বনিত হয়—

"ভাঙ্গ ভাঙ্গ ভাঙ্গ কারা, আঘাতে আঘাত কর
মাতিয়া যখন উঠেছে পরান, জগতে তখন কিসের ডর?"

তাই তরুণ মনে পঁচিশে বৈশাখ এনে দেয় এক স্বর্গীয় আলোক, জীবন চলে পরিপূর্ণতার পানে।

নবযুগের কবি কালের গতির সঙ্গে সমান বেগে চলেছেন। জীর্ণসংস্কারমুক্ত কবি, উদারচেতা কবি নবযুগের তরুণীমনের বাণীটিকে ব্যক্ত করেন—

"হে বিধাতা, আমারে রেখো না বাক্যহীনা,
রক্তে মোর বাজে রুদ্র বীণা।
উত্তরিয়া জীবনের সর্বোন্নত মুহূর্তের 'পরে,
জীবনের সর্বোত্তম বাণী যেন ঝরে কণ্ঠ হতে—
নির্বারিত স্রোতে॥"

'জন্মদিনের ধারা বেয়ে চলে মৃত্যুদিনের দিকে', 'পঁচিশে বৈশাখ তারপর দেখা দিল আর এক কালান্তরে।' যৌবনের পথ এসে মেশে জীবনের সায়াহ্নের পথে। মানুষ বাস্তব জীবনের লেনা দেনা মিটিয়ে অসীমের পানে দৃষ্টিপাত করে। জীবননদীতে খেয়া তরী বেয়ে এগিয়ে চলে মানুষ অনন্তের সন্ধানে। জীবনের এই শেষের দিনে মানুষ অনুভব করতে চায় আপনার সঙ্গে পরমাত্মার যোগ, কবি বলেন তাদেরই মনের কথা—

"ওদের কথায় ধাঁধা লাগে, তোমার কথা আমি বুঝি,
তোমার আকাশ, তোমার বাতাস, এই তো সবই সোজাসুজি।
হৃদয়-কুসুম আপনি ফোটে, জীবন আমার ভরে উঠে,
দুয়ার খুলে চেয়ে দেখি, হাতের কাছে সকল পুঁজি॥"

তাই মানুষ যখন শেষ প্রহরের ঘণ্টা শোনার জন্য উদ্‌গ্রীব, তখনও তার কাছে পঁচিশে বৈশাখ চিরনূতন। জীবনের হিসাব-নিকাশ, লাভক্ষতির কিনারা পায় না এই যাবার দিনে, তখন তার

একান্তই অবলম্বন জগৎপিতার করুণাঘন মূর্তি, অসীমের সঙ্গে সীমার যোগসূত্র ঘটিয়ে কবি গান—

"সারা পথের ক্লান্তি আমার, সারা দিনের তৃষা
কেমন করে মেটাবো যে খুঁজে না পাই দিশা।
* * *
হাতখানি ওই বাড়িয়ে আনো, দাও গো আমার হাতে
ধরবো তারে, ভরবো তারে, রাখবো তারে সাথে।
একলা পথের চলা আমার করবো রমণীয়॥"

এমনি করে সকল কালে, সকল মানুষের মনের কথাটি চিরনতুন হয়ে ব্যক্ত হয় পঁচিশে বৈশাখের পুণ্যপ্রাতে। কবিপ্রাণ মিশে যায় সবার সঙ্গে একাত্ম হয়ে। আমরা আমাদের আপন মনেরই প্রতিচ্ছবি দেখতে পাই কবির গানে, কবির কাব্যে। জীবনের সুখ দুঃখ, আনন্দ বেদনার সঙ্গে মিশিয়ে নিই কবিমনকে। আপামর সাধারণ কবিমনের দুয়ারের পথ বেয়ে নিজেকে প্রত্যক্ষ করে, জীবনের প্রতি পদক্ষেপে বেজে উঠে নব নব রাগিণী, মানুষ পূর্ণতার সন্ধান পায়, সাফল্যের পানে এগিয়ে যায়। তাই তো পঁচিশে বৈশাখ 'চিরনূতন' আমাদের কাছে, পঁচিশে বৈশাখ একান্তই আমাদের। আমাদের ভালবাসা আর শ্রদ্ধার সঙ্গে মেশে কবির মহান ভালবাসা—যে ভালবাসা মানুষকে নিয়ে যায় অনন্ত আলোকের পানে। তাই চিরনবীন কবি আমাদের সুরে সুর মেলান, হৃদয়বীণার তারে সুর বেঁধে গেয়ে যান—

"মোর নাম এই বলে খ্যাত হোক,
আমি তোমাদেরি লোক—
আর কিছু নয়
এই হোক শেষ পরিচয়।"

হে অতীত, কথা কও

সব্যসাচী সেনগুপ্ত

তৃতীয় বর্ষ, ইংরাজী

অতীত, তুমি রহস্যময়ী। তোমার করাল গহ্বরে তুমি গ্রাস করে ফেলেছ একাধিককে। যাদের নাম ছিল একদিন দিকে দিকে প্রচারিত, তারা আজ তোমার অন্ধকারায় বন্দী। মানুষ ভুলে গেছে তাদের নাম। ইতিহাস মুছে ফেলেছে তাদের স্মৃতি। মহাকাল গ্রাস করে ফেলেছে তাদের কীর্তি। গৌরবসূর্য হয়েছে অস্তমিত; পূর্ণশশাঙ্ক হয়েছে স্তিমিত। অয়ি রহস্যময়ি, অবগুণ্ঠন মোচন কর, তুলে ধর তাদের যারা আজ স্মৃতি থেকে নির্বাসিত।

কেন তোমার এই আচরণ? কই সবাইকে তুমি তো মুছে ফেল নি! যারা শঠতা করে, ছলনা করে, প্রতারণা করে ক্ষমতার উত্তুঙ্গে উঠেছিল, তাদের তো তুমি শাস্তি দাও নি! মানুষের মনে তারা আজও রাজত্ব করছে সগৌরবে। মহাকালের শাসন তারা হেলায় উপেক্ষা করেছে। অতীত, তোমার গতি সেখানে রুদ্ধ কেন? কেন তুমি তাদের প্রতিষ্ঠা করেছ?—তোমার ছলনা দুর্বোধ্য, তোমার আচরণ দুর্জ্ঞেয়, সত্যই তুমি রহস্যময়ী।

ওগো ছলনাময়ি, মিনতি রাখ; একবার, শুধু একবার তুলে ধর তোমার গুণ্ঠন। দেখতে দাও বাংলার প্রাচীন গৌরব, নয়ন করি সার্থক। সপ্তম শতকের গৌড়ের সেই গৌরবময় ইতিহাস। শত্রুর রাজ্যবর্ধক সম্প্রসারিত হাতকে পরাস্ত করে, ঈর্ষান্বিত প্রতিবেশীকে উপেক্ষা করে, হর্ষবর্ধনের হতাশাবর্ধন গৌড়ের পতাকা সগৌরবে উড্ডীন। আর্যাবর্ত তখন একটি শক্তির কাছে প্রতিহত। নামে শশাঙ্ক হলেও সেই শক্তি দিবাকরের দীপ্তিতে ভাস্বর। কিংবা ভারতের আকাশে তখন পূর্ণচন্দ্রের গরিমা।

মগধের গুপ্তবংশের সুযোগ্য উত্তরাধিকারী শশাঙ্কগুপ্ত জ্ঞাতিভাই মালবাধিপতি দেবগুপ্তের সঙ্গে প্রবল পরাক্রমে কনৌজ আক্রমণ করলেন। সেই সম্মিলিত আক্রমণের সামনে কনৌজরাজ গ্রহবর্মন ভেসে গেলেন। এই কাহিনী সকলেরই সুবিদিত। গ্রহবর্মন নিহত হলেন। থানেশ্বরের রাজকন্যা, কনৌজের রানী রাজ্যশ্রী হলেন শত্রুহস্তে বন্দিনী। হিউয়েন সাঙ্ বলেছেন, অত্যাচারী, অমিতাচারী, পরধর্মদ্বেষী নৃপতি শশাঙ্কের কবল থেকে কিছুদিনের মধ্যেই রাজ্যশ্রী পলায়ন করলেন।

হে অতীত, আর নীরব থেকো না, কথা বলো। সত্যকে স্বতঃস্ফূর্তভাবে উৎসারিত হতে দাও। বলো চৈনিক পর্যটক ভ্রান্ত কাহিনীর অবতারণা করেছেন। রাজ্যশ্রী পলায়ন করেন নি।

অন্ধকার কারাগারের এক কোণে দুই হাতে মুখ ঢেকে বসে আছেন হতশ্রী রাজ্যশ্রী। মলিন বসন, সারা অঙ্গে কালিমা, গৌরতনু বিষাদাক্রান্ত। ভাগ্যের আকস্মিক বিপর্যয়ে বিমূঢ়া পরাক্রমশালী রাজা প্রভাকরবর্ধনের দুহিতা।—হঠাৎ কারাশৃঙ্খলের ঝনঝন আওয়াজ। নতুন কোন বিপদাশঙ্কা করে সন্ত্রস্ত হয়ে ওঠেন রাজ্যশ্রী।

এ কি? কারাদ্বারে তাঁর সামনে দাঁড়িয়ে কে এই জ্যোতির্ময় পুরুষ—লাবণ্যময়, তরুণকান্তি, সুকুমার! মুকুট শিরোমণি রাজপোশাকে সজ্জিত; দুই চোখে চাঁদের স্নিগ্ধতা, মুখ করুণ, বিষণ্ণ।

—দেবি!

উদাত্তকণ্ঠে ধ্বনিত হল একটি স্বর। অনুরণিত হয়ে উঠল সমগ্র কারাকক্ষ। একি কোন দেবদূত—রাজ্যশ্রীর কষ্ট অপনোদন করতে নিয়ে যেতে এসেছেন তাঁকে স্বর্গলোকে? মুগ্ধ বিস্ময়ে, বিস্ফারিতলোচনে চেয়ে রইলেন রাজ্যশ্রী।

পরমুহূর্তেই প্রবল ঘৃণায় দারুণ ক্রোধে ভরে গেল তাঁর মন।

—দেবি, আমি শশাঙ্ক!

এই সেই শত্রু, যে হরণ করে নিয়েছে তাঁর সুখ-শান্তি ঐশ্বর্য-সম্পদ সব কিছু! ঠেলে দিয়েছে তাঁকে অন্ধকারায়! তাঁর চরম অমর্যাদার কারণ!

কিন্তু মুখ ফিরিয়ে নিতে গিয়েও পারলেন না রাজ্যশ্রী। এও কি সম্ভব? এমন সুকান্তি, বরতনু যাঁর, যাঁর মুখে নেই সূর্যকিরণের প্রখরতা, আছে শুধু চাঁদিমার দীপ্তি, তিনি হবেন পরস্বাপহরণকারী, পররাজ্য আক্রমণকারী, পরপীড়ক? না না, এ যে অকল্পনীয়।

—দেবি, আমি ক্ষমাপ্রার্থী।

—ক্ষমা? কিসের ক্ষমা?

—জয়োল্লাসের উন্মাদনায় দেবগুপ্ত ভুলে গেছে তার বিবেক, ভুলে গেছে নারীর মর্যাদা। তার হয়ে আমি আপনার কাছে ক্ষমা চাইছি।

ধীরে ধীরে রাজ্যশ্রী উচ্চারণ করলেন:

—ক্ষমা করার আমি কে রাজা? আমার কি আছে?

ক্ষোভে, অনুশোচনায়, লজ্জায় শশাঙ্ক মাটিতে মিশে যেতে চাইলেন।

—দেবগুপ্তের অপরাধ গুরু। তাই তার হয়ে প্রায়শ্চিত্ত আমিই করতে চাই। আপনি এখন মুক্ত। বলুন দেবি, আপনি কোথায় যেতে চান। আমিই আপনাকে সেখানে নিয়ে যাব। আপনার নিরাপত্তার সমস্ত দায়িত্ব আমার।

—রাজা, আমার মত হতভাগিনীর প্রতি আপনি যে অনুকম্পা প্রদর্শন করলেন, তাতেই আমি কৃতার্থ। আমি আর কিছু চাই না। দেখি ভূ-ভারতে কোথাও আমার দাঁড়াবার জায়গা আছে কিনা।

কারাগৃহ থেকে বেরিয়ে রাতের অন্ধকারে অদৃশ্য হয়ে গেলেন কনৌজের রাজরানী রাজ্যশ্রী। শশাঙ্ক হতবাক হয়ে সেই দিকে তাকিয়ে রইলেন।

পরদিন থানেশ্বরের প্রবল বাহিনী এসে কনৌজ আক্রমণ করল। স্রোতোমুখে তৃণখণ্ডের মত দেবগুপ্ত ভেসে গেলেন। যুদ্ধে তিনি হলেন পরাজিত ও নিহত। থানেশ্বরাধিপতি রাজ্যবর্ধন সসৈন্যে কনৌজে প্রবেশ করলেন। ছুটলেন তিনি কারাগারের দিকে। তাঁর আদরের বোন রাজ্যশ্রী সেখানে বন্দিনী। তিনি জীবিত কিনা তা তাঁর অজ্ঞাত। কে জানে শত্রুরা হয়তো সরিয়ে দিয়েছে তাঁকে পৃথিবী থেকে, চরিতার্থ করেছে তাদের জিঘাংসা-প্রবৃত্তি।

থামলেন এসে রাজ্যবর্ধন কারাগারের সামনে। খুলে গেল লৌহদ্বার। ছুটে গেলেন তিনি ভিতরে। কিন্তু ঢুকেই থমকে দাঁড়ালেন তিনি। কারাকক্ষে কোথাও কেউ নেই। খাঁ খাঁ করছে শূন্য কক্ষ। তবে কি ?—সুপ্ত সন্দেহ মাথা চাড়া দিয়ে উঠল।

দীর্ঘশ্বাস ফেলে রাজ্যবর্ধন বেরিয়ে এলেন। উঠে বসলেন ঘোড়ায়। বেগবান অশ্ব ছুটে চলল গৌড়ের দিকে। পেছন পেছন থানেশ্বরের বিরাট বাহিনী।

কিন্তু শশাঙ্ক নির্ভীক, স্থির, অটল। তাঁর সৈন্যদল নিয়ে প্রতীক্ষায় রইলেন রাজ্যবর্ধনের।

এক উন্মুক্ত প্রাঙ্গণে উভয় সৈন্যদল মিলিত হল। রাজ্যবর্ধনের মনে তখন প্রতিহিংসার আগুন জাজ্বল্যমান। স্বহস্তে তিনি শত্রুকে সমুচিত শাস্তি দেবেন।

রাজ্যবর্ধন শশাঙ্ককে দ্বন্দ্বযুদ্ধে আহ্বান করলেন। বিনা প্রতিবাদে শশাঙ্ক রাজী হলেন।

শুরু হল যুদ্ধ। দু'পাশে দুই সৈন্যদল আশা-নিরাশার দ্বন্দ্বে দোদুল্যমান। মাঝখানে দুই যোদ্ধা লড়াইয়ে মত্ত। শুধু শোনা যায় অসির ঝঞ্ঝনা। শূন্যে দুই তরবারিতে বিদ্যুৎ-ঝলক। দুই পক্ষের সুযোগসন্ধানী অস্ত্র এক-একবার এগিয়ে যায়, ব্যর্থ হয়ে আবার ফিরে আসে। যুদ্ধ চলে অবিরাম গতিতে।

হঠাৎ—

শশাঙ্কের তীক্ষ্ণধার অসি সজোরে বিদ্ধ করল প্রতিপক্ষের বক্ষ। রাজ্যবর্ধন বাধাদানের চেষ্টা করেও ব্যর্থ হলেন আক্রমণের আকস্মিকতায়। লুটিয়ে পড়লেন তিনি মাটিতে। উত্তপ্ত রক্তে সিক্ত হয়ে উঠল মাটি। একবার নিজ সৈন্যদলের দিকে দৃষ্টিক্ষেপ করলেন রাজ্যবর্ধন। তারপর তাঁর প্রাণবায়ু বেরিয়ে গেল।

থানেশ্বরে খবর পৌঁছল যথাসময়ে। হর্ষবর্ধন গৌড়জয়ের প্রতিজ্ঞা করলেন। শুভক্ষণে তিনি কনৌজ আর থানেশ্বরের সিংহাসনে অভিষিক্ত হলেন। তারপরই তাঁর প্রধান কাজ হলো প্রতিজ্ঞাপালন।

হিউয়েন সাঙ্ বলেছেন, প্রয়াগের মেলায় হর্ষবর্ধন তাঁর সর্বস্ব এমন কি রাজপোশাক পর্যন্ত দান করে দিয়ে ছিন্ন বসন পরিধান করতেন।

হে অতীত, কথা কও। বলো, একথা কি সত্য নয় যে, হর্ষবর্ধন পররাজ্য জয় করতে চেয়েছিলেন!

থানেশ্বরের প্রবল বাহিনী প্রচণ্ড আঘাত হানলো গৌড়ে। সুদৃঢ় প্রাচীরে প্রতিহত হল সেই আক্রমণ। শশাঙ্ক হিমাদ্রির মত অটল। গৌড় আপন গৌরবে গৌর।

হর্ষবর্ধন বুঝলেন সহজ পথে শশাঙ্ককে জয় করা অসম্ভব। তিনি কূটনীতির আশ্রয় নিলেন।

কামরূপে তখন রাজা ছিলেন ভাস্করবর্মন। হর্ষ তাঁর সঙ্গে মিতালী পাতালেন। উদ্দেশ্য উভয় দিক থেকে আক্রমণে শশাঙ্ককে ব্যতিব্যস্ত করে তোলা। ভাস্করবর্মনের সঙ্গে শশাঙ্কের সদ্ভাব ছিল না বিশেষ। তিনিও রাজী হলেন সহজেই।

কিন্তু শশাঙ্ক দমলেন না আদৌ। চর জানাল তাঁকে ভাস্করবর্মনের কথা।

শুনে শশাঙ্ক অট্টহাস্য করলেন—

—কে? কামরূপের কাপুরুষ ভাস্করবর্মন? সে হাত মিলিয়েছে হর্ষবর্ধনের সঙ্গে! কি হাস্যকর! বেশ, আমি প্রস্তুত।

ভাস্করবর্মন কখনও শশাঙ্কের সম্মুখীন হতে সাহস করেন নি এর আগে। হর্ষবর্ধনের সাহায্য পেলেও তিনি আক্রমণে ব্রতী হতে ভরসা পেলেন না।

কিন্তু শশাঙ্কের প্রথম আক্রমণেই ভাস্করবর্মন শৃগালের মত পৃষ্ঠপ্রদর্শন করলেন, পলায়ন করলেন প্রাগ্‌জ্যোতিষপুরে। হর্ষের কূটকৌশল হল ব্যর্থ।

চৈনিক পরিব্রাজক বলেছেন হর্ষবর্ধন ছিলেন পরম ধার্মিক, ভগবান তথাগতের একনিষ্ঠ উপাসক।

সেই একনিষ্ঠ উপাসক এবার আরম্ভ করলেন দ্বিতীয় প্রচেষ্টা। কৌশল এবারও কূট, তবে আরও গভীর, আরও ঘৃণ্য।

নাটকের এবার শেষ দৃশ্য।

দ্বারে আগত বিশাল সৈন্যবাহিনী। বিভিন্ন যুদ্ধের ক্ষত বিষাক্ত হয়ে ওঠায় শশাঙ্ক অসুস্থ। কিন্তু দেশের স্বাধীনতারক্ষার্থে এবারও তিনি অমিততেজ, সিংহবিক্রম।

কিন্তু মাধবগুপ্ত কোথায়? তাঁর সহচর, সহোদর, একান্ত প্রিয়পাত্র, অকৃতদার নৃপতির উত্তরাধিকারী। শশাঙ্ক চারপাশে তাকালেন। কোথাও দেখা যায় না মাধবকে। উচ্চৈঃস্বরে তিনি ডাকলেন। যুদ্ধক্ষেত্রের কোলাহলে ডুবে গেল তাঁর কণ্ঠস্বর।

হঠাৎ—

ও কে? মাধব না? হ্যাঁ হ্যাঁ, ঐ তো মাধব। অশ্বপৃষ্ঠে ছুটে আসছে তাঁর দিকে। আকুলভাবে দু'হাত বাড়িয়ে দিলেন শশাঙ্ক।

কিন্তু ও কি?

পরমুহূর্তে মাধবগুপ্তের হস্তনিক্ষিপ্ত বর্শা শশাঙ্কের বক্ষ বিদ্ধ করল।

—মাধব !

শশাঙ্ক অশ্বপৃষ্ঠ থেকে পড়ে গেলেন।

সেদিন রাত্রে—শিবিরে শুয়ে আছেন শশাঙ্ক। চারপাশে তাঁর বন্ধু ও পারিষদবর্গ। গম্ভীরমুখে রাজবৈদ্য এগিয়ে এলেন তাঁকে পরীক্ষা করতে।

—না না, থাক।—সেই কণ্ঠস্বর। কিন্তু নেই তাতে সেই দৃপ্ততা, সেই তেজ। কণ্ঠ আজ ম্রিয়মাণ।—

—না, থাক। আর পরীক্ষ র কোন প্রয়োজন নেই। সবই বৃথা।

—ও কথা বলবেন না, মহারাজ। আঘাত সামান্যমাত্র। কিছুদিনের মধ্যেই আপনি সুস্থ হয়ে উঠবেন।

—না না, বন্ধু। এ আঘাত সারবার নয়। এ আঘাত তোমরা সারাতে পারবে না। আমার সময় নিকট। বেশী কথা বলতে পারব না। দেশের স্বাধীনতা রক্ষা করতে পারলুম না। তোমরা আমাকে ক্ষমা কোরো। বিক্রম !

—মহারাজ।

—তুমি আমার চিরকালের অন্তরঙ্গ বন্ধু। প্রলোভনের বশে মাধব যা করেছে, তার জন্য তার ওপর আমার কোন রাগ নেই। ওর ভার আমি তোমার হাতেই তুলে দিলাম। মহাক্ষণ উপস্থিত। আমি চললুম। বিদায়—

সবাই ঝুঁকে পড়লেন তাঁদের রাজার দিকে। শশাঙ্ক একবার কি যেন বলতে চাইলেন, বলতে পারলেন না, শুধু রাত্রির আকাশের দিকে তাকিয়ে রইলেন। সেই দিকে চেয়ে থাকতে থাকতেই তাঁর জীবনদীপ নির্বাপিত হলো। পূর্ণচন্দ্র অস্তমিত হলো।

সিংহাসনে তারপর আরোহণ করলেন ভ্রাতৃহন্তা, বিশ্বাসঘাতক মাধবগুপ্ত। কিন্তু দেশ তখন আর স্বাধীন নেই, থানেশ্বরের পদানত হয়ে গেছে।

কি নিদারুণ ! না না, আর যে সইতে পারি না। হে অতীত, ফেলে দাও তোমার কৃষ্ণ যবনিকা এই দৃশ্যের ওপর। হর্ষবর্ধনের নাম থাকুক উজ্জ্বল হয়ে নক্ষত্রের মতো। শশাঙ্ক হোক নিষ্প্রভ।

মনে মনে

অনুরাধা বসু

ষষ্ঠ বর্ষ, ইংরাজী

মোনালিসা,

দোহাই আপনার, চিঠিটা ছিঁড়ে ফেলবেন না—একটু ভাবুন, কপালের চুলগুলো সরাতে সরাতে একটু ভাবুন—কি—? চিনতে পারছেন না? জানি—পারবেন না।

বাইরে বৃষ্টি এল—কোণের টেবিলে বসে আপনাকে চিঠি লিখছি। রাত অনেক হল, কিন্তু বড় ভাল লাগছে আপনাকে চিঠি লিখতে—ঝড় উঠেছে; আমার মনেও বৃষ্টি নামছে আস্তে আস্তে—বড় আরাম; আজ অন্ততঃ আমার কথাগুলো শুনুন আপনি। আমাকে বলতে দিন।

বাড়িটা আমার কেশব সেন স্ট্রীটে, আপনার চৌরঙ্গী থেকে দু'নম্বর বাসে আসতে লাগে বড় জোর আধ ঘণ্টা—তার বেশী নয়। সমীর—মানে আপনার স্বামী—প্রায়ই আসতেন এখানে। অবশ্য তিনি মাস দুই হল আর আসছেন না—আসবেনই না বোধ হয়। কেন?—বলছি—আচ্ছা? আপনিই তো শেষ এসেছিলেন ওর সঙ্গে; মনে পড়ছে? হয়তো বুঝতে পেরেছেন, বুঝুন, তাতে ক্ষতি নেই—কিন্তু দোহাই আপনার চিঠিটা ছিঁড়বেন না।

সেদিনও এমন বর্ষা নেমেছিল—মনটা আমার—যাক্, বলে দরকার নেই—কিন্তু বলব নাই-বা কেন?—আমার মনেও মেঘ ঘনিয়েছিল—জীবনে কখনও প্রাণ ভরে বৃষ্টিতে স্নান করি নি—আমি—আমি আপনাদের ভাষায় 'ইনভ্যালিড'—কিন্তু মনটা আমার—মো না লি সা?—সেটা তো 'ইনভ্যালিড' নয়! বসে থাকি জানলার ধারে চেয়ারে, ছবি আঁকি—ছবি—ই—আঁকি—সমুদ্রের ঢেউয়ে নীল রঙ ঢালি—প্রুসিয়ান ব্লুর সঙ্গে মিশিয়ে নিই অবচেতন মনের কামনাটা। আকাশের সাদা বকের পাখায় পাখায় উড়ে যায় কত সাধ, রোদের আগুনে জ্বালিয়ে দিই আমার শুকনো জীবন, আগুনের রঙ বড় সুন্দর—লাল—ভালবাসার রঙ—অথচ কত জ্বালা—সেই জ্বালায় আমি পুড়ে মরি, মো—না—লি—সা। নানা রঙের জামা পরি—হলুদটা বেশী, বন্ধুরা ঠাট্টা করে ডাকে 'ভ্যানগগ্'—আমি কি সত্যিই ভ্যানগগ্?—সূর্যের মাঝে হারিয়ে গেছে আমার সূর্যমুখী! আরও একটা প্রিয় জামা আছে আমার।—সেটায় চাওয়ার লাল দাগের সীমা থমকে গেছে না-পাওয়ার কালো লাইনের সামনে—লালেতে—কালোতে—ছকটানা দিনগুলো আমার অসহ্য—। হ্যাঁ, কি যেন বলছিলাম—আমার মনেও সেদিন বর্ষা নেমেছিল।

সেদিনই সমীর এল আপনাকে নিয়ে। সঙ্গে ছিল অজয়রা—মানে অজয় মিত্রের কথা বলছি। আপনাকে দেখেই আমি চিনতে পেরেছিলাম। আপনি প্রথমে অত লক্ষ্য

করেন নি—শেষে একটু অস্বস্তির ছাপ ফুটে উঠল আপনার চোখে-মুখে। আমি বললাম বিন্ধ্যাচলের মন্দিরের কথা, জয়পুরের হাওয়া-মহলের কথা, আপনি চেয়ে রইলেন অবাক হয়ে। অথচ আমি যখন বললাম আপনাকে ফিকে হলুদ শাড়ীতে দেখেছি, সমীর চমকে উঠল। আপনার গত জন্মদিনে আপনি ফুল কিনেছিলেন নিউ মার্কেট থেকে,—তাও বললাম। বন্ধুদের মধ্যে তখন মৃদু গুনগুন শোনা যাচ্ছে—আপনি তো আগাগোড়াই সব অস্বীকার করলেন—কিন্তু, আমি আড়চোখে দেখলাম সমীরের চোখদুটো জ্বলছে। আমি তখন শিকারী ; আপনার অসহায় ভাব ভোলা যায় না—কিন্তু বিশ্বাস করুন আমি একটুও বিরক্ত করতে চাইনি আপনাকে ; অসম্ভব চেনা লাগছিলো আপনার মুখটা—বিশেষ করে আপনার মাথাটা একটু বাঁ দিকে হেলিয়ে হাসিটা। কোথায় যেন দেখেছি, কি যেন কথা হয়েছিল দুজনের মধ্যে ; আপনার কথাগুলো পরিষ্কার মনে পড়ছে, অথচ নিজেরটা খুঁজে পাচ্ছি না, কেন এমন হয় বলতে পারেন ? প্রাণপণে চেষ্টা করছি সকলের সামনে নিজেকে তুলে ধরবার জন্য, অথচ আপনার চোখের কালোতে সম্মতির কোন লক্ষণই নেই। একটা থমথমে ভাব সারা ঘর জুড়ে। কেন স্বীকার করলেন না যে আপনি আমার চেনা ?

আপনারা চলে যাবার পর প্রথম বুঝলাম আমি আপনাকে ভালবেসেছিলাম। কিন্তু, কবে—, কোথায়—, অত কথা মনে নেই। সারারাত জেগে কাটল—সারাদিন ভাবনায়। সন্ধ্যেবেলায় আপনাকে ফোন করতে আপনি প্রথমে বুঝতে পারেন নি, কিন্তু পরিচয় দিতেই কোন কথা না বলে রিসিভারটা নামিয়ে রাখলেন। তার প্রায় একমাস পরে আবার ফোন করেছিলাম—এবার আপনি কথা বললেন, "আমি আপনার কি করেছি ? কেন আমাদের দুজনের মধ্যে অশান্তি আনছেন ? জানেন এর জন্য সমীর ক'দিন হল আমার সঙ্গে ভালভাবে কথা বলছে না ? বন্ধুরা হাসছে—" গলাটা শেষে কান্নায় ধরে এল আপনার—

কিন্তু এ আমি কি করলাম ? এত কষ্ট আপনার আমার জন্য ?—তারপর কত রাত গেল। সমীর শুনলাম এই নিয়ে ব্যাপারটাকে অনেকদূর টেনে নিয়ে গেছে—কিন্তু তখন আমি খুবই ব্যস্ত, তন্ন-তন্ন করে খুঁজেই চলেছি আমার মনের কানাগলিটা—আনাচে-কানাচে কিছুই বাদ দিই নি ; কিন্তু কিছুতেই মনে করতে পারছি না যে ঠিক কোথায় আপনাকে দেখেছি। হাজার-সুতোর-পাকে-বাঁধা মন আমার, কিন্তু সেই হারানো প্রান্তটা খোঁজার জন্য করতে হল চরম পরিশ্রম।

—শেষে মনে পড়ল, যা-ও বা একটু সুখ পেয়েছিলাম জীবনে, সেটাও গেল। আমি একজনকে ভালবাসি—এই কথাটা মনে করতেই ভাল লাগত—নিজের মনেই বিভোর হয়েছিলাম ক'দিন ; কিন্তু আজ সব শেষ। আপনি ঠিকই বলেছিলেন সেদিন—আমি আপনাকে দেখি নি কখনও। আমি আজ হেরে গেছি—তোমার কাছে ('তুমি' বললাম, কিছু মনে করলে ? আমি যে আর পারছি না—)! বিয়ের আগে সমীর আসত আমার কাছে, তোমার কথা বলত অনর্গল। কোথায় দেখা হল, তুমি কি পরেছিলে,

কি বলেছিলে, আরও কত কথা। আমার লোভী মনটা নিজেকে কখন নিজেরই অজান্তে মিশিয়ে ছিল সমীরের সাথে—সে দেখেছিল আমি যুগ-যুগ ধরে একই কথা তোমাকে বলবার জন্য ব্যাকুল। মনের অন্ধকারে তোমার সাথে হেঁটে চলেছে আমার ছায়া—আমার সমস্ত চেতনার স্রোতে ভেসে চলেছিল তোমার কত কথা—মোনালিসা—কেন মনটা আমাকে এমন ঠকাল? আমার ভালবাসাটা যেন একটা কস্তূরীমৃগ। নিজেই নিজের গন্ধে আকুল—কিন্তু আমার মনটা? কেন সে নিজেকে এমন ঠকাল? সারা জীবন ছবিই আঁকল সে! পেল না মনের মানুষকে!

এত বড় ছলনা সহ্য হয় না! মোনালিসা—তুমি—তুমি আমাকে পার তো ক্ষমা করো—কিন্তু একবার বলতে দাও তোমাকে ভালবেসেছিলাম—মনে-মনে।

অষ্টাদশ শতাব্দীর বাংলা

শ্রীপ্রদীপকুমার সেনশর্মা
চতুর্থ বর্ষ, দর্শন

"তবু এক শ্রেণী আছে, তারা অসাধারণ—
কোনো গুণ তাদের নেই, গুণের ভানও নেই তাদের ;
সাদাসিধে ভাল মানুষ তারা, তারা শুধু জানে
কুঁচে মাছ সে কুঁচে মাছই—
কখনো ভাবে না ছাল ছাড়াতে লাগে কেমন,
শুধু জেনেই সন্তুষ্ট যে কুঁচে মাছের জন্ম
তার ছাল ছাড়িয়ে নেবার জন্যেই,
এবং আত্মদান করাই ভারতবাসীদের বিধিলিপি···
আর তাই যখন তারা মাথা উঁচু ক'রে বড় হয়ে ওঠে,
তখন তাদের ঘৃণা হয় সবচেয়ে বেশী এই ভেবে—
কেন এই রকম?"

আজ বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধের প্রথম পাদে দাঁড়িয়ে আমাদের প্রশ্ন করার দিন এসেছে কেন এই রকম হয়েছিল। বৃটিশ আমলে ভারতের যে সমস্ত ইতিহাস রচিত হয়েছে, তার কোনটাই বৃটিশ শাসনের সত্য রূপটি পুরোপুরি উদ্ঘাটনে সমর্থ হয় নি। কারণ

তৎকালে সরকারী চাপে অধিকাংশ ক্ষেত্রেই সত্যকে গোপন রাখা হয়েছে। ইংলণ্ডের ইতিহাস সম্পর্কে ডিজ্‌রেলী বলেছিলেন, "সাধারণতঃ বড় বড় ঘটনাকেই বিকৃত করিয়া দেখান হইয়াছে। প্রকৃত জরুরী কারণগুলির অধিকাংশই গোপন রাখা হইয়াছে। কতক কতক প্রধান চরিত্র একেবারেই আমাদের সামনে আসে না। যাহারা আসে তাহাদেরও এত ভুলভাবে দেখানো হয় যে, ফল সমস্ত জিনিসটাই একটা প্রহেলিকার মত হইয়া উঠে।" সুতরাং বৃটিশ আমলে যে-সব ইতিহাস লেখা হয়েছে তাতে যে সত্যরূপ প্রকাশ পাবে না এটা অত্যন্ত স্বাভাবিক, কারণ যারা নিজের দেশের আসল ইতিহাস গোপন করেছে, তারা যে-দেশে শুধু লুণ্ঠন আর দস্যুতাই করেছে, সেই দেশের আসল ও সত্য ইতিহাস রচিত হতে দিতে পারে না। কিন্তু আজ সময় এসেছে ভারতের ইতিহাসকে নূতন দৃষ্টিকোণ থেকে দেখবার এবং অত্যন্ত গৌরবের কথা যে ভারতীয় মনীষীদের মধ্যে সেই প্রচেষ্টা দেখা যাচ্ছে।

বর্তমান প্রবন্ধের আলোচ্য বিষয় হল, অষ্টাদশ শতাব্দীর বাংলা অর্থাৎ সেই সময়ের বাংলার প্রধানতঃ অর্থনৈতিক ও সামাজিক কাঠামো। কারণ সামাজিক ও অর্থনৈতিক কাঠামো পর্যালোচন না করলে তৎকালীন ভাবধারা, মতবাদ, দৃষ্টিভঙ্গি কোনটার সম্বন্ধেই বিজ্ঞানসম্মত ধারণা গঠন করা যাবে না। মার্কস বলেছেন, "মানুষের সামাজিক অস্তিত্বই তাহার চৈতন্য বা চিন্তাধারাকে নিয়ন্ত্রণ করে।" এর বিশ্লেষণে স্তালিন বলেছেন, "সমাজের অধ্যাত্মজীবনের গঠনের উৎস, সামাজিক ধারণা ও মতবাদ রাজনীতিক মতবাদ ও প্রতিষ্ঠানের মূল উৎস সন্ধান করিতে হইবে ঐসব ধারণা, মতবাদ, অভিমত ও রাজনৈতিক প্রতিষ্ঠানগুলিতে নয়, বরং সন্ধান করিতে হইবে সমাজের বাস্তব জীবনব্যবস্থায়, সমাজসত্তার মধ্যে, যে জীবনব্যবস্থা ও সমাজসত্তার প্রতিচ্ছবি হইল ঐসব ধারণা, মতবাদ, অভিমত, ইত্যাদি।"

এর জন্য চাই ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি। কারণ এই বস্তুজগৎ পরস্পর সম্পর্কহীন বা বিচ্ছিন্ন এবং আকস্মিক কতগুলি ঘটনার সমাবেশ নয়। বরঞ্চ ডায়ালেক্‌টিক্‌স্ পদ্ধতি অনুসারে, "অবিচ্ছিন্ন ও সমগ্রভাবে সুসংহত এবং ইহার প্রতিটি বস্তুপুঞ্জের সঙ্গে অন্যের প্রকৃতিগত যোগ আছে, তাহারা পরস্পরের উপর নির্ভরশীল ও পরস্পরের দ্বারা নিয়ন্ত্রিত।" সুতরাং কোন বস্তু বা ঘটনা সম্পর্কে আমাদের জ্ঞান তখনই বিজ্ঞানসম্মত হবে যখন সেই বস্তু বা ঘটনাকে পারিপার্শ্বিকতা থেকে বিচ্ছিন্ন না ক'রে বিচার করা হবে। "কোন বস্তুকে বোঝা যাইবে ও তাহার ব্যাখাও সহজ হইবে যদি পারিপার্শ্বিক অন্যান্য বস্তুর সঙ্গে তাহার অপরিহার্য সম্পর্কের প্রতি দৃষ্টি রাখিয়া তাহার বিচার করি।" কেন তখন ভারতবর্ষে বৃটিশ আধিপত্য স্থাপিত হয়েছিল, ব্রিটেনে সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার ধ্বংস হলেও, কেন ভারতে সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার ক্ষয়িষ্ণুভাব দেখা দেওয়া সত্ত্বেও তা ধ্বংস হল না, কেন ভারতবর্ষে, পুঁজিতন্ত্রের বিকাশে, যে দেশীয় বুর্জোয়া শ্রেণীর সৃষ্টি ব্রিটেনে হয়েছিল, তা বাধাপ্রাপ্ত হল প্রতি প্রশ্ন ভূপরিষ্কার হবে যদি আমরা সেইসব ঘটনা বিচার করি যেগুলোর

সঙ্গে এই সমাজব্যবস্থা বা রূপান্তরের অপরিহার্য সম্পর্ক আছে। একমাত্র এই ঐতিহাসিক দৃষ্টিভঙ্গিই আমাদের সত্যের মণিকোঠায় পৌঁছে দিতে পারে। রবীন্দ্রনাথ 'শেষের কবিতা'য় অমিত রায়ের মুখ দিয়ে বলিয়েছেন, "মানুষের ইতিহাসটাই এই রকম। তাকে দেখে মনে হয় ধারাবাহিক ; কিন্তু আসলে সে আকস্মিকের মালাগাঁথা।" কিন্তু এই পদ্ধতি অনুসারে আমরা উল্‌টিয়ে বলব, "তাকে দেখে মনে হয় আকস্মিকের মালাগাঁথা ; কিন্তু আসলে সে ধারাবাহিক।" কাজেই প্রধান আলোচনার বিষয় হয়ে দাঁড়াচ্ছে তখনকার সামাজিক-অর্থনৈতিক কাঠামো।

মধ্যযুগীয় বাংলা ছিল সামন্ততান্ত্রিক বাংলা। এই সামন্ততান্ত্রিক সমাজ ছিল স্বয়ং-সম্পূর্ণ গ্রামগুলির উপর নির্ভরশীল। গ্রামগুলি যা উৎপাদন করত তা শুধু ভোগের জন্য, বিনিময়ের জন্য নয়। যদিও দুই একটি বড় শহরের সৃষ্টি হয়েছিল, তবুও অর্থনৈতিক দিক দিয়ে সেগুলির গুরুত্ব খুব বেশী নয়। শহরগুলোতে কিছু কিছু পণ্য উৎপাদন করা হতো বাইরে চালান দেবার জন্য। কাজেই শহরগুলো উৎপাদন করত বিনিময়ের জন্য। কিন্তু মুখ্য ভূমিকা ছিল গ্রামগুলির। এই সামন্ততান্ত্রিক গ্রামীণ সভ্যতার বিশ্লেষণে Marx বলেছেন, "Those small and extremely ancient Indian communities, some of which have continued down to this day, are based on possession in common of the land, on the blending of agriculture and handicrafts, and on an unalterable division of labour, which serves, whenever a new community is started, as a plan and scheme ready, cut and dried. Occupying areas of from 100 up to several thousand acres, each forms a compact whole producing all that it requires. The chief part of the products is destined for direct use by the community itself, and does not take the form of a commodity, Hence, production here is independent of that division of labour brought about, in Indian society as a whole, by means of the exchange of commodities." এই গ্রামগুলোর গঠন কাঠামো সম্পর্কেও Marx খুব বিস্তারিত বিবরণ দিয়েছেন। তাদের বণ্টনপ্রথায় ছিল যৌথ ব্যবস্থা। Marx-এর উক্তি অনুসারে, "In those of the simplest form the land is tilled in common and the produce divided among the members." তাছাড়া গ্রামের ধোপা, নাপিত, শিক্ষক, কর্মকার, পূজারী প্রভৃতি শ্রেণীর ভরণপোষণ সম্পর্কে Marx বলেছেন, "These dozens of individuals are maintained at the expense of the whole community." আপাতদৃষ্টিতে সুন্দর এই গ্রামগুলির অবস্থা মোটেই আশাপ্রদ নয়। বাইরের পরিবর্তনগুলোর সাথে এগুলির কোন সম্পর্কই ছিল না। নানা কুসংস্কারে পরিপূর্ণ ও জাতিভেদে খণ্ডিত গ্রামগুলি ছিল

নিশ্চল, অসার, সৃষ্টিবিমুখ। জীবনকে সুন্দর ও পূর্ণাঙ্গ ক'রে গড়ে তুলবার মতো কোন উপকরণই এখানে ছিল না। "The simplicity of the organisation for production in these self-sufficing comumnities that constantly reproduce themselves in the same form, and when accidentally destroyed, spring up again on the spot and with the same name—this smplicity supplies the k y to the secret of the unchangeableness of Asiatic societies, on nchangeableness in such striking contrast with the constant dissol ion and refounding of Asiatic States, and the never-ceasing change of dynasty. The structure of the economical elements of society remains untouched by the storm-clouds of the politcial sky."—*Marx.*

শ্রেণীসম্পর্কের ক্ষেত্রে প্রধান ছিল কৃষক, কারিগর আর সামন্ত প্রভু অর্থাৎ জমিদার, জায়গীরদার, রাজা এই কয়েক শ্রেণী। রাজস্ব আদায়ের দায়িত্ব ছিল জমিদার বা জায়গীরদারদের উপর। কৃষকদের উপর অত্যাচারেই এরা ইতিহাসবিখ্যাত। খাজনা ছাড়াও ব্যক্তিগত বিলাসব্যসনের জন্য এরা অন্যায় জুলুম ক'রে কৃষকদের কাছ থেকে অর্থ আদায় করত। জিয়াবারনী লিখেছেন, "লোকে রাজস্ব বিভাগের কর্মচারীদের যমের মত ভয় করত। এই বিভাগে কেরানীগিরি করা পাপকর্ম বলে গণ্য হত এবং এই কেরানীদের সঙ্গে কেউ মেয়ের বিয়ে দিতে চাইত না। এই বিভাগে চাকরী নেওয়ার চেয়ে মৃত্যুকে অনেকে শ্রেয় বলে মনে করত।"

সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থায় বাঁধা থাকলেও এরা মাঝে মাঝে গর্জে উঠতো। অত্যাচার অসহনীয় হয়ে উঠলে তার বহিঃপ্রকাশ হতো নানা ভাবে। মাঝে মাঝে তারা চাষবাস ফেলে গ্রাম ছেড়ে পালিয়ে যেত, আবার জমিদারের বিরুদ্ধে বিদ্রোহও করত, সে নজীরও আছে। বৃটিশ আমলের পূর্বে ও পরে কৃষকবিদ্রোহ বাংলার একটি দৈনিক ঘটনা ছিল। তা হলে দেখা যাচ্ছে শ্রেণীসংগ্রাম প্রাক্-বৃটিশ যুগেই একটি বিশেষ রূপ নিয়েছে। কিন্তু রাজনৈতিক জ্ঞানের অভাব এবং তৎকালীন অপরিহার্য সামাজিক অনগ্রসরতার দরুন আন্দোলনগুলি সীমাবদ্ধ ও ব্যর্থ হয়েছে। উপরন্তু চতুর নবাব ও জমিদারেরা এই বিদ্রোহ-গুলোকে নিজেদের রাজনৈতিক স্বার্থসিদ্ধির কাজে ব্যবহার করেছে। ফলে সমাজের কাঠামোতে কোন আঁচড় পড়ে নি।

এই সামন্ততান্ত্রিক অচলায়তনের মধ্যেও দেখা যেতে লাগল এমন কতকগুলো লক্ষণ যা সামন্ততন্ত্রের ক্ষয়িষ্ণুতার পূর্বাভাস সূচনা করল। ইতিহাসের বজ্রমুষ্টির আঘাতে সামন্ততন্ত্রের প্রাচীরে ফাটল দেখা দিল। জাহাঙ্গীরের আমল থেকেই ইংরেজ ও ডাচ বণিকেরা সরাসার বাণিজ্য করবার সুবিধে লাভ করল। জাহাঙ্গীর তাদের সুরাটে কুঠি স্থাপন

করবার অনুমতি দেন এবং ক্রমে বাংলার সাথে বাণিজ্য সম্পর্ক স্থাপিত হয়। এর ফলে বাংলায় মুদ্রা অর্থনীতি গড়ে ওঠে। নরহরি কবিরাজ যে পরিসংখ্যান দিয়েছেন তাতে উল্লেখ করা হয়েছে, "হিসাব করে দেখা গেছে যে ১৬৮০-১৬৮৩ মাত্র এই চার বছরের মধ্যে একমাত্র ইংরেজ বণিকেরাই পণ্যদ্রব্য কেনার জন্য শুধু বাংলাদেশে ২০০,০০০ পাউণ্ড মূল্যের রৌপ্য নিয়োগ করেছিল।" ফলে প্রত্যেকটি শ্রেণীর হাতে কিছু কিছু অর্থ আসে এবং বাণিজ্য প্রসারের সহায়তা হয়। সাথে সাথে শিল্পোৎপাদনের ঝোঁক দেখা যেতে লাগল। এখানেই সামন্ততান্ত্রিক সমাজের ক্ষয়িষ্ণুতার একটা আভাস পাওয়া যাচ্ছে। যদিও সামন্ততান্ত্রিকতা এখনও সমাজে প্রধান শক্তি তবুও ডায়ালেকটিক্সের দৃষ্টিভঙ্গিতে আমাদের লক্ষ্য হবে পুঁজিতন্ত্রের দিকে, অথচ এটা সমাজের প্রধান শক্তি নয় কিন্তু বিকাশশীল শক্তি। কারণ অচিরেই আমরা দেখছি এই সামন্ততান্ত্রিকতার অবক্ষয়ের মধ্যেই দেশীয় বুর্জোয়া-শ্রেণীর আবির্ভাব। এই বুর্জোয়াশ্রেণী নূতন পরিস্থিতিতে অর্থবান হয়ে পড়ায় রাষ্ট্রের উপর তাদের কর্তৃত্ব প্রকাশ পেতে থাকে। সুতরাং পুঁজিতন্ত্রের বিকাশ এবং বুর্জোয়াশ্রেণীর আবির্ভাব প্রাক্-বৃটিশ যুগের ভারতেই দেখা যাচ্ছে। কিন্তু কেন দেশীয় বুর্জোয়াশ্রেণীর আবির্ভাব বাধাপ্রাপ্ত হয়ে পুঁজিতন্ত্রের বিকাশ ভারতে তখন সম্ভব হল না তা পরে আলোচনা করব। বর্তমানে আমরা ধরে নিচ্ছি যে ভারতে দেশীয় বণিকসমাজের প্রতিকূলতায় পুঁজিতন্ত্রের বিকাশ বাধাপ্রাপ্ত হয়েছে। কিন্তু সেই সময় খাস বৃটেনে পুঁজিতন্ত্রের বিকাশ শুরু হয়েছে, সামন্ততন্ত্রের ধ্বংসযজ্ঞ সমাপ্ত হয়ে। Morton তাঁর People's History of England-এ উল্লেখ করেছেন, "The thirteenth century in England is marked by a general transformation of feudalism leadnig ultimately to its decline and the growth of a capitalist agriculture."

কিন্তু বৃটেনে পুঁজিতন্ত্র ছিল বাণিজ্যগত। শিল্পগত পুঁজিতন্ত্র গড়ে উঠতে হলে যে পরিমাণ পুঁজি জমে ওঠা দরকার তা বৃটেনের অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে ছিল না। কাজেই স্বীয় প্রয়োজনে ইংলণ্ড বাধ্য হল ভারতের দ্বারে এসে আঘাত করতে। ভারতের সামন্তসমাজ বিদেশী বুর্জোয়াদের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হল নিজেদের অন্তর্দ্বন্দ্বের জন্য। শেষ হল পলাশীর যুদ্ধ। বাংলার স্বাধীন সিরাজদ্দৌল্লার পরাজয়ে ঘটল স্বাধীন সামন্ততান্ত্রিক সমাজের অবসান।

ব্রিটিশ শাসন কায়েম হবার পর থেকে বাংলা তথা ভারতবর্ষের পুঁজিতন্ত্রের বিকাশ-ধারা বাধাপ্রাপ্ত হল। দেশে যে বুর্জোয়াশ্রেণীর আবির্ভাব হচ্ছিল তা সমূলে ধ্বংস হল। এ সম্পর্কে রজনী পাম দত্তের উক্তি স্মরণীয়—"অপেক্ষাকৃত উন্নত শিল্পরীতি, সামরিক সাজসজ্জা এবং সামাজিক-রাজনৈতিক সংযোগের অধিকারী, অপেক্ষাকৃত উন্নত ইউরোপীয় বুর্জোয়াশ্রেণীর প্রতিনিধিদের সঙ্কটের দিন ভারত-অভিযান বিবর্তদের এই স্বাভাবিক গতিকে ব্যাহত করিয়া দিয়া উহাকে ভিন্নপথে পরিচালিত করিল। ফলে পুরাতন

ব্যবস্থার ধ্বংসের পর যে বুর্জোয়া শাসন ভারতে দেখা দিল, তাহা পুরাতন ব্যবহার কাঠামোর ভিতর বিকাশোন্মুখ ভারতীয় বুর্জোয়ার শাসন নহে। তাহা হইল বিদেশী বুর্জোয়ার শাসন। পুরাতন সমাজের বুকের উপর উহা নিজেকে জোর করিয়া চাপাইয়া দিল। অভ্যুত্থানশীল ভারতীয় বুর্জোয়াশ্রেণীর বীজ পর্যন্ত ধ্বংস করিয়া দিল।"

ইস্ট ইণ্ডিয়া কোম্পানী দে[খল] যে ভারতে রাষ্ট্রীয় অধিকার তারা লাভ করেছে, স্থতরাং এখন যত কম টাকা দিয়ে যত [বে]শি মাল পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। ফলে বৃটিশ সাম্রাজ্যবাদের এক অসহনী[য়] লুণ্ঠনের যুগ শুরু হলো বাংলার বুকে। শাহ্‌জাহানের আমল থেকেই কোম্পানী বিনা শুল্কে বাণিজ্য করবার অধিকার লাভ করেছিল। কিন্তু কোম্পানীর কর্মচারীরা ব্যক্তিগত ব্যবসা-বাণিজ্যে এই অধিকার প্রয়োগ করে। উপরন্তু নিষেধ থাকা সত্বেও তারা বহির্বাণিজ্যে অংশ গ্রহণ করে। সিরাজের আমলেই এই দুর্নীতি চরম সীমায় পৌছে যায়। কোম্পানীর কর্মচারীরা সিরাজের কোন নিষেধ মানে নি। উত্তরোত্তর এদের এই অন্যায় লুণ্ঠন ও বাণিজ্য বেড়ে যেতে থাকে। মীর কাশিম জানিয়েছিলেন যে কোম্পানীর কর্মচারীরা শুল্ক ফাঁকি দেওয়ার ফলে বছরে প্রায় পঁচিশ লক্ষ টাকা নবাবের ক্ষতি হয়ে থাকে। তাছাড়া কোম্পানীর দস্যুগিরিও এই সময় চরমে ওঠে। যত কম দিয়ে বেশি নেওয়া যায় এই নীতি বাস্তবে রূপায়িত হতে থাকে। মীর কাশিম কোম্পানীর এজেন্টদের কাছে অভিযোগ করেন, "তাহারা ন্যায্যমূল্যের চার ভাগের এক ভাগ দিয় জোর করিয়া কৃষক ও ব্যবসায়ীর নিকট হইতে জিনিসপত্র লইয়া যাইতেছে এবং গায়ের জোর ও দমননীতির সাহায্যে কৃষকদের নিকট হইতে এক টাকার জিনিসের জন্য পাঁচ টাকা দাম আদায় করিতেছে।" উইলিয়াম বোল্টস্‌ বলেছেন, "কোনো উৎপাদককে কত মাল দিতে হইবে, এবং তাহার জন্য সে কত দাম পাইবে সে কথা ইংরাজরা তাহাদের মুৎসুদ্দি ও কালো গোমস্তাদের সাহায্যে যথেচ্ছভাবে স্থির করিয়া ফেলে। ···দরিদ্র তন্তুবায়ের সম্মতি সাধারণত দরকার বলিয়াই মনে করা হয় না, কারণ কোম্পানীর কাজে নিযুক্ত গোমস্তারা রায়তদের দিয়া যাহা খুশি সই করাইয়া লয় এবং তন্তুবায়দের যে টাকা তাহারা দিতে যায় তাহারা তাহা লইতে অস্বীকার করিলে তাহাদের যে কোমরে দড়ি বাঁধিয়া বেত মারিয়া তাড়াইয়া দেওয়া হয়—একথাও জানা আছে" [Consideration on Indian Affairs]। এই সময়ে কোম্পানীর কর্মচারীরা যে কত শঠতা ও প্রবঞ্চনার আশ্রয় নিয়েছিল ক্লাইভের উক্তিই তা প্রমাণ করে। "I can only say that such a scene of anarchy, corruption and extortion was never seen or heard of in any country but Bengal...under the absolute management of the Company's servants." ১৮৫৮ খৃঃ কমন্স সভায় জর্জ লুইস বলেছিলেন, "আমার দৃঢ়বিশ্বাস যে ১৭৬৫ সাল হইতে ১৭৮৪ সাল পর্যন্ত

ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর গভর্নমেণ্টের চেয়ে অসাধু, শঠ, প্রবঞ্চক ও লোভী গভর্নমেণ্ট সভ্য জগতে আর কখনও দেখা যায় নাই।"

দেখা যাচ্ছে যে অষ্টাদশ শতকে কোম্পানীর একমাত্র উদ্দেশ্য ছিল যে-কোন উপায়ে এদেশ থেকে অর্থ নিয়ে যাওয়া। বাংলার সামাজিক প্রগতি বা সাংস্কৃতিক উন্নতির দিকে তারা কোন লক্ষ্য রাখে নি। ক্লাইভ বলেছিলেন যে বাংলা ছিল inexhaustible riches-এর দেশ। তাই এদেশ থেকে অপর্যাপ্ত অর্থ নিয়ে তারা দেশে পাঠাতে লাগল। রজনী পাম দত্ত যে পরিসংখ্যান হাজির করেছেন তা থেকে এই ল্ণ্ঠনের একটা আঁচ পাওয়া যাবে। "১৭৭৩ সালে পার্লামেণ্টে প্রদত্ত কোম্পানীর প্রথম ছয় বৎসরের শাসনের সময়কার রাজস্ব আদায় এবং খরচপত্রের হিসাবেই দেখা যায়। মোট রাজস্বের পরিমাণ দেখান হইয়াছিল ১৩,০৬৬,৭৬১ পাউণ্ড; মোট খরচ হইয়াছিল ৯,০২৭,৬০৯ পাউণ্ড; বাকি ৪,০৩৯,১৫২ পাউণ্ড বিলাতে পাঠান হইয়াছিল।" "কোম্পানীর কর্মচারীরাও বিপুল সম্পদের অধিকারী হইয়া উঠিয়াছিলেন। প্রথম দিকে ক্লাইভের কিছুই ছিল না; কিন্তু তিনি যখন দেশে ফিরিলেন তখন ভারতে বাৎসরিক ২৭ হাজার পাউণ্ড আয়ের জমিদারী ছাড়াও তাহার অন্যান্য ধনসম্পত্তির মূল্য হইল সাড়ে বারো লক্ষ পাউণ্ড।...গভর্নর ভেরেল্স্ট-এর মতে ১৭৬৬ হইতে ১৭৬৮ এই তিন বৎসরের মোট রপ্তানি হইয়াছিল ৬,৩১১,২৫০ পাউণ্ড অথচ আমদানির পরিমাণ হইল মাত্র ৬,২৪,৩৭৫ পাউণ্ড।" সুতরাং কোম্পানীর যে উদ্দেশ্য ছিল বিনিময়ে কিছু নিয়োগ না করে অর্থ উপার্জন তা সার্থক হল। ক্লাইভের কাউন্সিলের সদস্যের উক্তিতে তা অত্যন্ত স্পষ্ট। "এই গৌরবময় সাফল্য জাতির হাতে প্রায় ত্রিশ লক্ষ পাউণ্ড আনিয়া দিয়াছে; কারণ সত্য কথা বলিতে কি, সুবা হইতে যে প্রচুর অর্থ পাওয়া যায়, তাহার সবটাই শেষ পর্যন্ত ইংলণ্ডেই কেন্দ্রীভূত থাকে।" উপরন্তু ইহাও উল্লেখ করা হয়েছে যে কোম্পানী "এক আউন্সও সোনা বা রূপা না পাঠাইয়াও পুরা তিন বৎসর বাণিজ্য চালাইয়াছে।"

এইভাবে বাংলাদেশে লুণ্ঠনের অবশ্যম্ভাবী পরিণাম দাঁড়ালো মন্বন্তর। লক্ষ্য করবার জিনিস হল কোম্পানীর ক্রমাগত রাজস্বের পরিমাণ বৃদ্ধি। বাংলার শ্রমজীবী মানুষ যত অর্থহীন হয়ে পড়ছিল কোম্পানীর রাজস্বের পরিমাণ তত বেড়ে যাচ্ছিল। "১৭৬৪-৬৫ সালে বাংলার শেষ ভারতীয় শাসকের শাসনের শেষ বৎসরে ৮,১৭,০০০ পাউণ্ড ভূমিরাজস্ব আদায় করা হইয়াছিল। ১৭৬৫-৬৬ সালে কোম্পানীর শাসনের প্রথম বৎসরে বাংলার ভূমিরাজস্ব আদায় করা হয় ১,৪৭০,০০০ পাউণ্ড। ১৭৭১-৭২ সালের মধ্যে উহাই আবার ২,৩৪১,০০০ পাউণ্ডে গিয়া ঠেকিয়াছে এবং ১৭৭৫-৭৬ সালে গিয়া ঠেকিয়াছে ২,৮১৮,০০০।" তা হলে দেখা যাচ্ছে মন্বন্তরে বাংলার এক-তৃতীয়াংশ লোকের মৃত্যু সত্ত্বেও রাজস্বের পরিমাণ কমে নি, বরঞ্চ বেড়েছে।

এই লুণ্ঠনের ইতিহাস, ইতিহাসের সমস্ত বড় বড় আক্রমণ ও লুণ্ঠনের কাহিনীকে হার

মানিয়েছে। নাদির শাহ, চেঙ্গিস খান প্রভৃতি বড় বড় লুণ্ঠনকারীদের ভারতে আসতে দেখা গিয়েছে, কিন্তু যুগের পর যুগ ভারতের মাটিকে অস্ত্রবলে কবলিত ক'রে এদেশের অর্থ অপহরণের কাহিনী তাদের লুণ্ঠনকে নিষ্প্রভ করেছে।

আশ্চর্যের কথা হল এই লুণ্ঠন ও বঞ্চনা সত্ত্বেও কোন সামগ্রিক বিপ্লব তখনও গড়ে ওঠে নি। তার প্রধান কারণ বাঙালীর তখনও জাতীয়তাবোধ জাগে নি। যদিও অত্যাচারে পীড়িত মানুষ অসন্তোষ প্রকাশ করেছে, কিন্তু সর্বক্ষেত্রেই তাদের পরাজয় বরণ করতে হয়েছে। প্রাক্-বৃটিশ যুগে তাদের অনেক বিদ্রোহ সার্থকতা লাভ করছে, কিন্তু বর্তমান শাসক সভ্যতার সমস্ত উপকরণের মধ্যে শক্তিশালী।

কিন্তু এই ধ্বংসাত্মক ভূমিকার মধ্যেও ইংরেজ এমন কতকগুলো পরিবর্তন সাধন করতে বাধ্য হ'য়েছিল যার মধ্যে ছিল ভবিষ্যতের শুভ সম্ভাবনা। এই পরিবর্তনগুলোর মধ্যেই ছিল বাংলার রেনেসাঁসের বীজ। কিন্তু এর জন্য ইংরেজ কোন গৌরব দাবী করতে পারে না। কারণ ভারতের প্রতি তাঁর মোটেই লক্ষ্য নয়। Marxএর মতে ইংরেজ শুধুমাত্র "Unconscious tool of history"।

এই পরিবর্তনগুলোর মধ্যে প্রধান হলো গ্রামীণ সভ্যতার ধ্বংসসাধন। বাংলাদেশে ও সমস্ত ভারতে যে সামন্ততান্ত্রিক গ্রামীণ সভ্যতা গড়ে উঠেছিল, যার সম্বন্ধে আমরা পূর্বেই আলোচনা করেছি, ইতিহাসের নির্মোঘ নিয়মে তা ভেঙে পড়তে শুরু করে। এই সময়টাকে Marx বলেছেন ভাঙনের যুগ। গ্রামীণ সমাজের পরিবর্তন কোনদিকে চলছিল তা অনুধাবন ক'রে Marx এই পরিবর্তনকে এশিয়ার সবচেয়ে বড় 'Social Revolution' বলে অভিহিত করেন। "English interference having placed the spinner in Lancashire and the weaver in Bengal, (On a par) or sweeping away both Hindu spinner and weaver, dissolved these small semi-barbarian, semi-civilised communities, by blowing up their economical basis and thus produced the greatest, and to speak the truth, the only Social Revolution ever heard of in Asia."—Marx. গ্রামীণ সভ্যতার ধ্বংসসাধনের ফলে গ্রামগুলো বৃটেনের বাজারের কাজ করতে লাগল। গ্রামগুলো সস্তায় কাঁচামাল নেওয়া এবং উৎপন্ন পণ্য বেশি দরে দেওয়ার কেন্দ্র হ'য়ে উঠল। ফলে কৃষকসমাজ শহরের পথে পা বাড়ালো—সৃষ্টি হ'ল সস্তায় ক্রয়যোগ্য শ্রমশক্তি দিনমজুর। আর গ্রামের ভদ্রলোকেরা শহরে এসে দুপাতা ইংরেজী শিখে হলো কেরানী। এলো এক মধ্যবিত্ত সমাজ যারা সৃষ্টি করল বাংলার বুকে রেনেসাঁস। বাংলার সামাজিক বিকাশধারা একদম পরিষ্কার হ'য়ে যায় A. F. Pollard-এর কথা মনে করলে। "The industrial and commercial system of modern history requires two factors feudalism did not provide, it requires a middle class and it requires an urban population. Without

these two there would be little to distinguish between modern from mediaeval history. Without commerce and industry there can be no middle class ; where you had no middle class, you had no Renaissance and no Reformation." কিন্তু এই যে বিকাশোন্মুখ বীজ নিহিত হ'য়েছিল ইংরেজ এদেশে থাকতে তা সম্পূর্ণ সার্থকতা লাভ করতে পারে নি।

সুতরাং ইংরেজ যেজন্য এই দেশে এসেছিল তা পূর্ণতার দিকে। ভারতীয় অর্থ লুণ্ঠনের ফলে বৃটেন শিল্পবিপ্লবের মুখে এসে দাঁড়িয়েছে। ১৭৫৭-এর পর থেকে বৃটেনে যত তাড়াতাড়ি পরিবর্তন সাধিত হ'য়েছিল তা আর আগে হয়নি। একথা নিশ্চিত যে ভারত বৃটেনে শিল্পবিপ্লবের মুখ্য ভূমিকায় অভিনয় ক'রেছিল।

পরিশেষে অষ্টাদশ শতাব্দীতে কোম্পানীর শাসনের বিরুদ্ধে যে সমস্ত সংগ্রাম হ'য়েছে তার একটা সংক্ষিপ্ত আলোচনা প্রয়োজন। কারণ এই সংগ্রামের কাহিনীগুলো না হ'লে প্রবন্ধ তো অপূর্ণ থেকে যাবেই উপরন্তু ভারতের স্বাধীনতা-সংগ্রামের সুচনার পটভূমি ব্যাখ্যা না করলে স্বাধীনতার বিগত সংগ্রামীদের প্রতি অবিচার করা হবে, যা মোটেই মার্জনীয় নয়।

এই সময়ে ইংরেজশাসনের বিরুদ্ধে যে সব অগ্ন্যুৎপাত হ'য়েছে তার ব্যাখ্যায় এটা মনে রাখা প্রয়োজন, রেনেসাঁসের একটি ফল যে জাতীয়তাবোধ তা তখনও গড়ে ওঠেনি। কারণ বাংলায় রেনেসাঁস এসেছে উনবিংশ শতাব্দীতে। যে সমস্ত আন্দোলন ও বিদ্রোহ এই সময়ে দেখা গেছে তার মূলে ছিল দেশপ্রেম আর অসহনীয় অত্যাচারের প্রতিবাদের ইচ্ছা। দেশপ্রেমের মূলে ছিল ইংরেজের প্রতি ঘৃণা।

মীরজাফরের চরম দাসত্ব সত্ত্বেও লোভী ইংরেজ সন্তুষ্ট হলো না। তাকে সরিয়ে বাংলার মসনদে বসানো হল মীরকাশিমকে। মীরকাশিম দেখলেন কোম্পানীর অত্যাচারে দেশীয় বণিকদের ব্যাবসা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সুতরাং তিনি তাদের বাণিজ্যগত সুবিধা রহিত ক'রে দিলেন এবং ঘোষণা করলেন যে দেশীয় বণিকদেরও আভ্যন্তরীণ বাণিজ্যে শুল্ক দিতে হবে না। ইংরেজের বিরুদ্ধে তাঁর সংগ্রাম ছিল একজন দেশপ্রেমিকের সংগ্রাম। বাংলার পরাধীনতার ব্যথা তাঁকে পীড়ন ক'রেছিল। তাঁর অনুপ্রেরণায় সমস্ত বাংলায় ইংরেজ-বিরোধী মনোভাব দানা বেঁধে ওঠে। ঢাকার মহম্মদ আলী [illegible]মীনকে লিখে জানাচ্ছেন, "কোন ইংরেজকে সহ্য করবে না এবং ইংরেজ নামধারী প্রত্যেক ব্যক্তিকে শাস্তি দেবে।" পরিশেষে মীরকাশিম যুদ্ধ ঘোষণা করতে বাধ্য হন এবং ফলাফল হয় তাঁর পরাজয়। এটাই বোধ হয় দেশের স্বাধীনতা রক্ষার শেষ চেষ্টা এবং জাতীয় মুক্তি আন্দোলনের সূত্রপাত।

এবার আসা যাক বাংলার শ্রমজীবী মানুষের প্রতিরোধে। বাংলার শ্রমজীবী মানুষ কোন কালেই কোম্পানীর স্বেচ্ছাচারকে মেনে নেয়নি। শান্তিপুরের তাঁতীদের কাছ থেকে কর্মচারীরা যে দরে মাল কিনতে চাইত তাতে তাদের পোষাত না। কিন্তু না দিলে তাদের

শাস্তি দেওয়া হতো। ফলে তাঁতীরা সংঘবদ্ধ হয়েছিল। শিঙা বাজিয়ে তারা এক জায়গায় জমা হতো। কোম্পানীর কর্মচারীরা এতে অত্যন্ত ভীত হয়ে পড়েছিল এবং ছয়জন নেতাকে অবরুদ্ধ করা হ'য়েছিল।

মালঙ্গীদের সংগ্রামও এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। মেদিনীপুরের তমলুক ও হিজলী ছিল লবণশিল্পের প্রধান কেন্দ্র। কো নীর বঞ্চনা ও শঠতায় মালঙ্গীদের অবস্থা দিন দিন নিঃস্ব হতে থাকে। না খেতে পেয়ে ব সা ছেড়ে তারা চুরি করতে যায়। ফলে তারা অসহ-যোগিতা শুরু করলো। লবণ ৎপাদন বন্ধ ক'রে দিল। নরহরি কবিরাজের বিবরণে দেখা যায় যে পরমানন্দ সরকার তার ভ্রাতা মালঙ্গীদের জমায়েত ক'রে কাছারিতে নিয়ে যায় এবং তারা জানায় যে তাদে দাবি পূরণ না হ'লে তারা কাজ করবে না।

কৃষকবিদ্রোহ বাংলার ইতিহাসে চিরদিন অক্ষয় হ'য়ে থাকবে। এই কৃষকবিদ্রোহ বাংলাদেশে জাতীয় মুক্তি আ দালনে অফুরন্ত শক্তি যুগিয়েছে। কুখ্যাত দেবীসিংহের অত্যাচারে রঙপুরের কৃষকেরা রীয়া হ'য়ে ওঠে। তারা খাজনা আদায়কারীদের ঘেরাও করে এবং খাজনা দেবে না ব ঘোষণা করে। এই বিদ্রোহটি একটি পুরো রূপ নিয়েছিল। বিদ্রোহীরা নেতা দিরজী নার কে নবাব বলে ঘোষণা করে। লেফ্‌টন্যাণ্ট ম্যাক্‌ডোনাল্ড্‌কে নেতৃত্ব দিয়ে ফৌজ পাঠিয়ে কাম্পানীকে এই বিদ্রোহ দমন করতে হ'য়েছিল। এর পর চোয়ার বিদ্রোহও খুব বির আকার ধারণ করেছিল। বিদ্রোহের আগুন প্রথমে মেদিনীপুর জেলায় জ্বলে ল, তারপর ক্রমশঃ বীরভূম ও বাঁকুড়ায় ছড়িয়ে পড়েছিল। এইসব বিদ্রোহ দমন করতে কাম্পানীকে সামরিক বাহিনী পাঠাতে হ'য়েছিল।

এই সব বিদ্রোহের ও বাংলাদেশে ফকীর ও সন্ন্যাসীদের বিদ্রোহ আরও ব্যাপক আকা রণ করে। ব দ্র তাঁর 'আনন্দমঠে' সন্ন্যাসীদের বিদ্রোহকে চিরস্মরণীয় ক'রে গেছেন। এই বিদ্রো কায় কুঠি আক্রমণ ও দখল ক'রে নিয়েছিল। ১৭৬৯খৃঃ সন্ন্যাসীরা রংপুর আক্রম এবং সরকারী বাহিনীকে পরাস্ত করে। নরহরি কবিরাজের বিবরণ অনুসারে ১৭৭২ পুরের সন্নিকটে সন্ন্যাসীরা জমায়েত হয় এবং সরকারী বাহিনীর সাথে তাদের ঘোর যুদ্ধ হ নেতা টমাস সিপাহীদের বেয়নেট দিয়ে ছিন্নভিন্ন করবার আদেশ দিলে তারা আদেশ পালন রতে অস্বীকার করে। সন্ন্যাসীরা টমাস্‌কে হত্যা করে। পরে সন্ন্যাসীরা ঢাকা শহরের ক অগ্রসর হয়। কিন্তু বিশেষ ব্যবস্থা অবলম্বনে তারা ঢাকায় প্রবেশ করতে পারে না। সব দেশীয় সিপাই ও সেনাপতি ক্যাপ্টেন টমাসকে সাহায্য করতে অস্বীকার ক'রেছি কামানের মুখে দাঁড় করিয়ে তোপ দেগে তাদের জীবন নাশ করা হয়।

এই বিদ্রোহের প্রধান তা হিসেবে কবিরাজ মহাশয় মজনু শাহ ও তাঁর অনুচরদের যেমন মুশা শাহ, চেরাগ আলি হ, পরাগল শাহ প্রভৃতির নাম করেছেন। যদিও ফকীর ও সন্ন্যাসীদের মধ্যে মাঝে মা সংঘর্ষ দেখা দিয়েছে, কিন্তু কোম্পানীর শাসনের বিরুদ্ধে

দাঁড়াতে তারা এক সারিতে এসে দাঁড়িয়েছে। তাদের কার্য্যপন্থায় এত মিল ছিল যে কোম্পানীর কর্তৃপক্ষ তাদের উভয় দলকেই সন্ন্যাসী বলে অভিহিত করতেন।

এইভাবে বাংলাদেশে স্বাধীনতা-সংগ্রামের ভিত্তি গড়ে উঠতে থাকে। বোঝা যায় যে বাংলার জনসাধারণ কখনই বিনাপ্রতিরোধে বিদেশী শাসন মেনে নেয়নি। তারা সংগ্রাম ক'রেছে, অত্যাচারীর বিরুদ্ধে মাথা তুলে দাঁড়ি[redacted]ছে। আরও উল্লেখযোগ্য এইসব বিদ্রোহে অংশগ্রহণ ক'রেছে এবং নেতৃত্ব দিয়েছে বা[redacted]ার শ্রমজীবী জনসাধারণ। এই সংগ্রামগুলো হলো স্বতঃস্ফূর্ত, স্থানীয় সংগ্রাম। কোন [redacted]ামগ্রিক রাজনীতি এদের পেছনে কাজ করেনি—ফলে তারা বারবার পরাস্ত হয়েছে, কি[redacted] হার মানেনি, আবার বিদ্রোহ ক'রেছে, কারণ, তারা বুঝতে পেরেছিল :

"My country, in thy day of glory [redacted]st
A beauteous halo circled round t[redacted]brow,
And worshipped as a deity thou w[redacted].
Where is that glory, where that re[redacted]ence now ?
Thy eagle opinion is chained down[redacted] last,
And grovelling in the lowly dust a[redacted]hou :
Thy minstrel hath no wreath to we[redacted] for thee
Save the sad story of thy misery."

[To India—My Native Land—Henry[redacted]. Derozio]*

---

* বিঃ দ্রঃ—যে সব বই-এর সাহায্য নেওয়া হ'য়েছে—

(১) রজনী পাম দত্ত—আজিকার ভারত [পরিমল চট্টোপাধ্যায় [redacted]ত]

(২) নরহরি কবিরাজ—স্বাধীনতা সংগ্রামে বাংলা

(৩) বিনয় ঘোষ—বিদ্যাসাগর ও বাঙালী সমাজ (১ম খণ্ড)

(৪) জোসেফ স্তালিন—দ্বন্দ্বমূলক ও ঐতিহাসিক বস্তুবাদ।

(৫) Karl Marx—*British Rule in India*.

বিবেকানন্দ স্মরণে

অধ্যাপক হরপ্রসাদ মিত্র

বুদ্ধির সারথি-হাতে অসংশয় মনের লাগামে
ইন্দ্রিয়ের ঘোড়া বেঁধে
স্বাধ্যায়-সংকল্পে দিনে দিনে
প্রশান্ত সিদ্ধান্ত-যোগে যে পেয়েছে পরম প্রত্যয়,
সময়ের কোনো ছেদে
চিতাভস্মে নেই তার ক্ষয়।

এদিকে ভঙ্গুর প্রাণে অজ্ঞানের যন্ত্রণা নিশ্চিত।
ইন্দ্রিয়ের গণ্ডী ছেড়ে
মুক্তি, হায়, সাধ্যের অতীত।
তাই ফিরে ফিরে আসা—
বুদ্ধিবশে বুদ্ধির এলাকা
ক্রমে বোঝা যায় তুচ্ছ তৃপ্তি-অতৃপ্তির লক্ষ জ্বালা।
তপস্যা ভিনয়ে তখন এ-বিহ্বল চেতনা
খোঁজে পরিত্রাণসুখ
দেখা দেয় দর্শন-এষণা।

নব্য, সনাতনী অধ্যুষিত বিচিত্র চর্চায়
সমতাবিচ্যুত আত্মা।
বু কী সক্রিয়,—সেই কাল!
মোহনের ক্ষণ,—পরিব্যাপ্ত বিদ্যার সাগর,
কৃষ্ণ-কেশবের, বঙ্কিমের উনিশ শতক।
ওঁ ব্রহ্মই আত্মা,—সেই নাম বাজে ক্ষণে ক্ষণে
স্তর বাণীময় দেবেন্দ্র ও রবীন্দ্রের মনে।
কি-চালিত কর্মে আনন্দের তপস্যা উন্মুখ—
শতবর্ষ পরে কে দেবে সে সংকল্পের সুখ?

একটি নির্জন সন্ধ্যা

রূপেন্দু মজুমদার

প্রাক্তন ছাত্র

সূর্য ডুবে গেছে অনেকক্ষণ। পশ্চিমাকাশে ত বিবর্ণ ছোপটুকু মুছে গেছে। দূরের পাটখেতটা একতাল কালো অন্ধকারে ঢাকা পড়ে । রাশিরাশি তালতাল কালো ছোপ এসে জমা হয়েছে আমার আশেপাশে। আর আ মি সেই অন্ধকারে আগাপাছতলা মুড়ি দিয়ে ঝিমোচ্ছি। ট্রেন আসতে দেরী আছে।

মাঝে মাঝে লাল পাথুরে রাস্তাটা বিদ্রোহ করছে। সাবেককালের নড়বড়ে লোহার বেঞ্চিটা একটা বিকট শব্দ করে সরে যাচ্ছে। স্টেশনের বনঝাউটা মাথা নেড়ে অপরিচিত আগন্তুকটাকে আমন্ত্রণ জানাচ্ছে।

স্টেশনের কুলিটা ছায়ামূর্তির মত বসে ছিল। তা দাওয়ায়। নীচেই লাইনের ধারে বসে ছিল একতাল অন্ধকার। আর একটা ছায়ামূ । মাথা নাড়িয়ে কি একটা অস্পষ্টস্বরে তালহীন গান গাইছিল। গানে অবশ্য সম বা খা র কোনো বালাই ছিল না। আমার মনে কিন্তু একটা হারানো স্মৃতির আমেজ ছড়াচ্ছিল।

মিষ্টিস্বরে হঠাৎ শাঁখ বেজে উঠল। একটা ছোট দী তার ক্ষীণ আলোয় জেগে উঠল। সেই সঙ্গে ঝিমধরা ভৌতিক পরিবেশটা অসংগতভাবে স পড়ল।

অস্পষ্ট আলোয় অবয়বহীন খোয়াগুলোর দিকে ত য় তাকিয়ে ভাবছিলাম। ভাবছিলাম আজ থেকে অনেকদিন আগের কথা। সেদিনও 'মোগলসরাই প্যাসেঞ্জার' মিস্ করে 'গয়া প্যাসেঞ্জারে'র জন্য বসে বসে নিজের আশু পি বানের কাছে সুপারিশ করছিলুম।

কোন এক দুর্বিষহ মাতালের অসংবদ্ধ প্রলাপের ম ড় আর বৃষ্টি স্টেশনের ঝিমধরা পরিবেশটাকে মুখর করে তুলেছিল। বৃষ্টির শব্দে র হাওয়ার গোঙানিতে কোন এক অদৃশ্য প্রলয়ের ইঙ্গিত ছিল। মাঠ-ভর্তি পাট একগলা জল দাঁড়িয়ে গিয়েছিল।

হঠাৎ আঁতকে উঠেছিলুম। দেখি একটা ছায়ামূর্তি নের ওপরে উঠে পড়েছে। পেছনে টলতে টলতে আসছে আর একটা। আরও পে একটা বিকট শব্দ আর একরাশ ছায়ামূর্তি সমস্ত পাটখেতটাকে দুমড়ে, ভেঙ্গে, একট তীব্র ঝোড়ো হাওয়ার মত এগিয়ে আসছে বিদ্যুৎগতিতে। পেছনের ছায়ামূর্তিটা লা নের উঁচুনিচুতে আছড়ে পড়ে গেল। মুহূর্তের অসাবধানতা। একটা পেশীবহুল মজবুত ত আলতো ক'রে বুকে তুলে নিতে যাচ্ছিল। সেই মুহূর্তে সেই উৎকট সমাজের অজস্র ঠির প্রচণ্ড ঝড় এসে পড়েছিল

তাদের ওপর। পৈশাচিক বর্বরতা দিয়ে সেদিন দুটো প্রাণের নিবিড়তম মিলন-সম্ভাবনাকে ধ্বংস করে সমাজ তার যুক্তিহীন বিধিনিষেধের জয়ঘোষণা করেছিল। সমাজের সেই গলিত জৈবিক মুখের জান্তব মুখব্যাদানে ভয় পেয়ে নারীমূর্তিটা আকাশের দিকে তার মৃণাল বাহুদুটোকে তুলে আর একবার আকুল স্বরে বাঁচবার আবেদন জানিয়েছিল "হেই বাবা"!

জমিদারের নায়েব আমি চাকরি রাখতে হবে। আর জমিদারদের সে সব দিনকালও নেই। এদিকে 'গয় প্যাসেঞ্জার' ও যক্ষ্মারুগীর মত হাড়-পাঁজর বের করে একরাশ ধোয়া কাশতে কাশতে এসে পড়েছিল স্টেশনে। আর আমি দুর্বল শৃগালের মত বিবেকের কণ্ঠরোধ করে নিয়ে মুখ লুকিয়েছিলুম ট্রেনের জনারণ্যে।

কিন্তু ঘুম ভেঙ্গে ট্রেন থেকে তাকিয়ে দেখলাম দুটো মানব-মানবীর বিদ্রোহী অন্তরের তাজা রক্তে লাল হয়ে উঠছে আকাশের পুবকোণ।

ঈপ্সা ও শীত

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়
তৃতীয় বর্ষ, ইংরাজী

হাড়তলিতে বিকেল নামছে
দেবদারু গাছের গোড়ায়
াওতাল ছেলেমেয়ের চোখে।
ামি 'মার্‌লো'র ফসটাস্ :
যদিও দেয় না ভার হেলেন
শষবেলার প্রহরগুলো
তবু তার মতো ভীতু
াবি আর ক' ঘণ্টা বাকি ?
ক উঠছে ঘন ঘন
নার্সরা করে করুণা,
একটা বেদনা
শর্মিলা একথা জানে না।

দু-বছর আগে যেদিন
        স্যানিটোরিয়ামের পথে
হাওড়া স্টেশনে আমায় ওরা তুলে দিলো
সেদিন ও আসেনি—ও জানতো না।
আমি দোষ দি না,
        ও তো নয় অন্তর্যামী নয় কোন সর্বজ্ঞ।
আজ ভাবি, জানলেও কি ও আসতো ?
        ও তো আমায় ভালবাসেনি :
আমার প্রেম ? তাও বোধহয় বোঝেনি।
না, না, ওসব কথা ভেবে
        শেষবেলায় কাঁদবো না।
আজকে ওরা আমার ঘরের
        ছেলেটাকে সরিয়ে দিয়েছে
কাল ভোর হবার আগেই
        হয়তো আমার শেষ
যাবার আগে পৃথিবীর কাছে কি বলবো ?
        কিচ্ছু না—
শুধু আলো তোমার কাছে প্রার্থ…
        কোলকাতার স্যাকরা… ল দিও
শর্মিলার গয়নাগড়ার সময়
        আমার হাড়ের গুঁড়ো
সে সোনাতে মিশিয়ে দিতে
তবু আমি বাঁচবো ওর হাতে, গ… কানে
        নাইবা থাকলাম ওর মনে… বাসনে—
আবার কাশির ঝলক, গলাতে র… াধ
        ও তো নয় রক্ত, ওযে ভ… তার ঋণশোধ।

কোনও এক নির্বাসিতের জন্য

সুমিত্র মিত্র

দ্বিতীয় বর্ষ, বিজ্ঞান

এখানেই কোথায় সে নির্বাসিত হয়ে আছে।

বৈশাখের [illegible]তাস মাঝে মাঝে,
ফুলওয়ালার হাতের রজনীগন্ধার
সৌরভ বয়ে নিয়ে যায়,
নড়তে থাকে পানবিড়ির দোকানের পাল্লা
আর ম্যাজিকওলার তাঁবুর ছেঁড়া কানাত।
লম্বাগলা হাড়উঁচু পথযাত্রীর ভিড়;
সন্ধ্যার [illegible]জারে,
সস্তায় [illegible]তেও পারে
কীটভুক্ত ফসলের বর্জিত অবশেষ।
রেডিও [illegible] হিন্দী গান,
পোস্[illegible] রঙের সাজ,
সা-[illegible]-মা হর্নের আওয়াজ,
এরই [illegible] তার নিবাস,
[illegible]সিত ভদ্রলোকের—
[illegible] আছে এখানে,
নি[illegible]রঙ্গ, বর্ণহীন ছায়া,
আ[illegible]স্পন্দ জীবনের কোণে কোণে
ভীরু [illegible]গোসের মত লুকিয়ে।

এসপ্ল্যানেড

পিনাকী গুপ্তভায়া
দ্বিতীয় বর্ষ, বিজ্ঞান

পরিক্লান্ত দিবসের বহুম্লান ছায়া,
এসপ্ল্যানেড্ মোড় হ'তে ছুটে চলে বাসের ফোয়ারা !
মনে হয় আছে তাতে জীবনের কত শুভ্র রে !
কিন্তু হায় ! সে যে শুধু পেয়ালার তলানির শেষ !
জানালার মাঝ দিয়ে শুধু দূরে চেয়ে চেয়ে দে া,
নিয়নের বাতি দেখে মন আমার মেলে দেয় প থা।
মনে ভাবি,
আমাদেরও জীবনেতে আছে বহু রঙের আকুতি
কিন্তু যেই কিছুক্ষণ বাদে,
চলে যাই গলিপথে, ভাঙা ম্লান সেই জীর্ণ খাদে
যেখানেতে শুধু অন্ধকার,
আর হাহাকার !
যেখানেতে জ্বলে শুধু প্রভাহীন ম্লান হারিকেনই,
সব মৃত ! শুধু দারিদ্র্য মরে নি !
(তখন) মনে হয় নিয়নের বাতিগুলো সব,
প্রবঞ্চক অতি বড় ! মোহময়ী তীব্র সে আস
জীবনের অন্ধকার হোক সত্য হোক !
সত্য কেন নেবে যেচে মিথ্যার নির্মোক ?

রোমন্থন

সুভাষরঞ্জন বসু

চতুর্থ বর্ষ, ভূগোল

—আমার কিন্তু মনে হয় মেয়েটাকে দেখতে বেশ।

—হুঁঃ, তবে চোখদুটো একটু ছোট।

—আচ্ছা, ওর নাম জানিস্?

—দিদিরা বলছিল, ব্রততী না ঐ ধরনের একটা কি।

—চাকরি পেয়েছে শুনলাম।

—আমিও শুনেছি।

—Sad!

—কি?

—ওই ওদের বাড়ির ব্যা বলছিলাম।

—হুঁঃ।

দু'জনের এলোমেলো চিন্তার জাল, প্রশস্ত হতে হতে একসময় অব্যক্ত বেদনায় গুমরে মরে। সৌমেন, শিবুর নি ভাবটায় একটু থমকে গিয়ে আকাশ দেখে। কালপুরুষটা চট্ করে খুঁজে বের করতে ও দিক্ হারিয়ে ফেলে।

—আচ্ছা শিবু, দেবযানী নাকি drop করেছে।

—কার কাছে শু

—দীপক শূর বল ।

—হতে পারে। তনু আর ওকে নিয়ে কলেজে কি ঝড়টাই না উঠেছিল জানিস্ তো।

—না তো। শান্ত ক বল্ ত?

—কেন, 4th yea পড়ত সেই লম্বা ফর্সা মতন ছেলেটা।

—ডান হাতে ঘড়ি ত?

—হ্যাঁ।

—ওটাতো number e চালবাজ ছিল রে!

—তাতে কি হয়েছে?

—আমাদেরই bad luck.

—সত্যি বলেছিস্।

—আসল কথাটা কি জানিস্, আমরা ঠিক মতন পারি না।

—না পারলে হবেও না।

—না হলো।

—তবে আবার কপালের দোহাই দিচ্ছিলি কেন

—যাকগে। তুই কাল যাচ্ছিস্ তো?

—কোথায়?

—সিনেমায়।

—দেখি। দাদার কাছ থেকে manage করতে পারি কিনা।

—উঠে পড়ল দু'জনে। সৌমেন এগুতে থাকে। শিবু ডাকে:

—দাঁড়া। টুলটা দিয়ে আসি।

—দিয়ে আয়।

শিবু টুলটা দু'হাতে তুলে রবীনদের বাড়িতে ঢোকে।

সৌমেন একা দাঁড়িয়ে থাকে রাস্তায়। এখন বর্ষাকাল। আকাশটা কিন্তু শরতের মতন মেঘের সাজে সেজেছে।—ওর দেখতে বেশ লাগে।—পাশের বাড়িতে কে যেন গান গাইছে। গলাটা বেশ। সুরটাও চেনা লাগছে।—সৌমেন মনোযোগ দেয়।

—চল।

—হুঁঃ, দাঁড়া গানটা শুনি।

—তোকে দেখি রোগে ধরেছে।

—মানুষ তো, রোগে ধরবে তাতে আশ্চর্য কি।

—বাজে কথা রাখ্। চল্ তো দেখি এখন।

—চল্—শুনতে যখন দিবিই না।

দু'জনে গলির আবছা আঁধারে এগুতে থাকে।

—বই বদলাতে যাবি না, সৌমেন?

—হ্যাঁঃ।

তবে চল্, বইটা বাড়ি থেকে নিয়ে আসবি।

—চল্।

—কেমন বই আছে রে লাইব্রেরীটায়।

—মন্দ না। তবে কি জানিস্ অধিকাংশ বই আমারে পড়া। যে দু'চারখানা নতুন বই আছে, তা চাইলেই বলে out.

—বোগাস্।

—তুই এখানে দাঁড়া, বইটা নিয়ে আসি।

—চট্ করে আসিস্। বাড়ি ঢুকলে তো আর বেরুতে চাস্ না।

সৌমেন চলে যায়। শিবু একলা দাঁড়িয়ে থাকে। একসময় ঘড়িটা দেখে। ৮টা বেজে ৫। কি বিশ্রী গরম। বিকেলে স্নান করেও শান্তি নেই। পকেট থেকে রুমালটা নিয়ে মুখটা মুছতে থাকে।

—ধর।

—কি ?

—খেয়েই দেখ্ না।

—পেঁয়াজি কোথায় পেলি?

—মা ভাজছিলেন, নিয়ে এলাম।

—মোড়ের দোকানের পেঁয়াজি খেয়েছিস্ ?

—হ্যাঁ।

—কেমন।

—চমৎকার। আমি তা প্রায়ই খাই।

—এটা তোর উচিত নয়।

—কেন ?

—অপারেশনের ক ভুলে গেলি।

—ওঃ। আচ্ছা ে কি মনে হয় ব্রততী মেয়েটার খুব শীঘ্রই বিয়ে হয়ে যাবে ?

—মোটেই না।

—কেন ?

—ওর পরে পুরে lyটা depend করছে জানিস্ তো।

—তা জানি, তে

—তবে কি ?

—পুঁজি আছে শু· লাম।

—থাকলেও, সেটা া permanent নয়।

—হবে হয়ত।

—আজকে একটা ার দেখলাম।

—কি ?

—Private car এ ে য়টা ফিরল।

—আমিও দেখেছি।

—আমার কিন্তু সন্দেহ

—তুই চট্ করে বড্ড এগিয়ে যাস্।

—কিরকম ?

—বিপিন আমাকে বলছিল, ভদ্রলোক ওদের কে হয়।

—বাজে কথা রাখ্। আমি শুনেছি বলেই বলছি।

—কি শুনেছিস্ ?

—পরে বলব।

লাইব্রেরীর কাছে এসে পড়ে ওরা। সৌমেনের তে বইটা দিয়ে শিবু হাতঘড়িটা দেখে নিয়ে বলে।

—পাঁচ মিনিটের মধ্যে ফিরবি কিন্তু।

—কেন ? তুই যাবি না।

—না। যা গরম, আমি বাইরেই থাকি। তুই চ করে বইটা নিয়ে আয়।

সৌমেন লাইব্রেরীটায় ঢুকে পড়ে। শিবু মাঠটার ম্যে ভেঙ্গে-পড়া একটা নারকেল গাছের উপর বসে পড়ে। এলোমেলো চিন্তা করতে ওর গাল লাগে না। গুনগুন করে একটা রবীন্দ্রসংগীত ধরে। গানটা ওর ভালই আসে।··· দিকটায় কারা যেন ফিস্‌ফিস্ করছে। দু'টোই ছেলে! না, একটা মেয়ের গলা বলে নে হচ্ছে। বাজে লাগে ওর। —ঘড়িটা আর একবার দেখে।···

সৌমেন লাইব্রেরী থেকে ডাকে :

—শিবু ?

—এই যে।

—শিবু এগিয়ে যায়।

—"কড়ি দিয়ে কিনলাম" টা নিলাম।

—পড়া।

—কেমন রে।

—মন্দ না। "Pearl" বইটা পড়েছিস্ ?

—হ্যাঁ। আমার ভারী ভাল লেগেছে।

—আমাকে দিস্।

—আচ্ছা।

অন্ধকারে সৌমেনের চটিটা হঠাৎ কাদায় স্লিপ । দু'জনেই চমকে ওঠে। খানিকটা কাদাজল ছিট্‌কে গিয়ে শিবুর পাজামায় লাগে।

—দিলি তো বারোটা বাজিয়ে।

—লাগে নি বোধ হয়।

—না, লাগে নি আবার।

শিবু নিচু হয়ে পাজামাটার অবস্থা দেখতে চেষ্টা করে। অন্ধকারে ঠিক বুঝতে পারে না কতটা নোংরা হল। পাজামাটা একটু ঝেড়ে নিয়ে আবার এগোয়। পা'র নিচের দিকটা ভিজে ভিজে ঠেকছে। বিরক্তিকর।

—শিবু ?

—বল।

—তোর মার্কশীট্ পেয়েছিস ?

—না রে। কেরানীটার অসুখ করেছে।

—কিছু হবে না তো ?

—না, officeএ বলে এসেছি।

—আচ্ছা—বড়দার কি খবর রে ?

—দারুণ।

—কি রকম !

—যেমন বড়লোক, তেমনি দেখতে সুন্দরী।

—বেশ আছে, তাই-ন

—হ্যাঁ। সেদিন দেখলাম মেট্রো থেকে বেরুচ্ছে। কি সেজেছিল, তোকে কি বলব।

—সাজবেই। যুগের হাওয়ায় ভেসে যাওয়াই তো নিয়ম।

—আমার ভাল লা না।

—তোমার না লাগ কি হবে! Maximumই ওটা চায়।

—এদিক থেকে বি াকে আমার খুব ভাল লাগে।

—ও

—সেটা ঠিক অ

শিবুর বাড়ির দর ওরা এসে পৌছায়। শিবু সৌমেনকে বাইরের ঘরে বসতে বলে ভেতরে চলে যায়। সৌমেন চেয়ারে না বসে খাটটার উপর শুয়ে পড়ে। একটা শিথিলতা ওকে গ্রাস । ঘরের ভেতর হ্যারিকেনের আবছা আলো। সৌমেন কড়িকাঠের দিকে একদৃ তাকিয়ে থাকে।···একটা মাকড়শা একটা তেলাপোকাকে কামড়ে ধরেছে। পোকা পালাতে চেষ্টা করেও পারছে না।···কিসের তাড়নায় ওটা আনন্দে শুঁড় নাড়ছে। সে ন অবাক হয়।

—কিরে ঘুমলি ?— [আলোটা বাড়িয়ে দিতে দিতে বলে।

—না।

—ওঠ্।

—কেন, এই তো বেশ ছি। ক'টা বাজে রে ?

—সাড়ে দশ।

—দেরী হয়ে গেল। বাড়ির সবারই বোধ হয় খাওয়া হয়ে গেছে।

—তোরা বড্ড তাড়াতাড়ি খাস্।

—তাড়াতাড়ি খাওয়াটাই স্বাস্থ্যের পক্ষে ভাল।

—কি স্বাস্থ্যটাই না বাগিয়েছিস্!

—সৌমেন একটু মুচকি হেসে শিবুর পিঠে একটা থাপ্পড় মেরে বলে—চলি।

—কে এল রে?—গলিতে একটা রিক্শা ঢোকার শব্দ শুনে শিবু জিজ্ঞাসা করে সৌমেনকে।

—দেখি।···ও জানলার গরাদে দুটো চেপে ধরে অন্ধকারে চোখ রাখে।—রিক্শাটা গলির মধ্যে খানিকটা ঢুকে থেমে গেল। রিক্শা থেকে প্রথমে একটা মেয়ে, পরে একটা ছেলে নামল। রিক্শার ভাড়া মিটিয়ে দিয়ে ওরা এগিয়ে আসছে। সৌমেন চিনল।

—শিবু—দেখ।—সৌমেনের কণ্ঠস্বরটা চাপা।

—কে? শিবু এগিয়ে যায়।—ব্রততী আর সেই ভদ্রলোক।

—চিনেছিস্?

—হুঃ। চুপ কর।···শিবু আলোটা ডিম করে দিতে দিতে ফিস্‌ফিস্ করে বলে।

ওরা প্রায় জানলার কাছের রাস্তায় এসে গেছে। শিবুরা ওদের কথা শুনতে পায়।

—আমার ভারী আনন্দ হচ্ছে।

—তাই বুঝি—! মেয়েটার স্বরে খুশির আমেজ।

—হ্যাঁ। তোমাকে মার ভীষণ ভাল লেগেছে জান

—তোমার বুঝি লাগে নি।···

একটা মিষ্টি হাসির রেশ ভেসে আসে। ওদের কথা শোনা যায় না। শিবু হাত বাড়িয়ে আলোটা জ্বালাতে চায়। হাতে লেগে আলো শব্দে মাটিতে পড়ে যায়। ঝন্‌ঝম্ করে চিমনিটা ভেঙ্গে যায়। শিবু বিরক্ত হয়।

—দুর ছাই।

—কি ব্যাপার রে।

—রাখ্ তোর ব্যাপার। ওদিকে যাস্ নে, কাঁচ আছে

—তাই নাকি।

—দাঁড়া, মাকে ডাকি। ও মা—মা। একটা আলো নিয়ে শীগগির এসো।

নেপথ্যে শিবুর মার গলা ভেসে আসে—কি হল রে খে ?

—আরে এসোই না।—শিবু চেঁচিয়ে উত্তর দেয়। দু'জনে চুপ করে অন্ধকারে দাঁড়িয়ে থাকে। শিবুর মা আলো নিয়ে আসছেন। অন্ধকারের মধ্য দিয়ে মনে হচ্ছে একটা হ্যারিকেন হেঁটে আসছে। অন্ধকারটা কমে আস ।

চলার পথে

নন্দিতা রায়

প্রাক্-মেডিকেল

কলকাতার কাছেই একটি ছোট শহর—গঙ্গানদী এখানে আধখানা চাঁদের মত বাঁক নিয়েছে। সকাল থেকেই শশিভূ্ষণ ভিলায় আনন্দ কোলাহলের অন্ত নেই। কারণ অবশ্য একটা আছে, তা হ'ল বাড়ির স চয়ে ছোট মেয়ে শিখা এবারে হায়ার সেকেণ্ডারী পরীক্ষায় পাশ করেছে বৃত্তি পেয়ে। শশি ষণ ভিলার কর্তা প্রসন্নবাবু এই শহরেরই একজন নামকরা ডাক্তার। রাত্রে খাওয়ার টেবিলেই কথাটা উঠল। শিখা এবারে কি করবে। শিখার মা সুবালা দেবী বয়সে সেকালের হলেও তিনি চান মেয়ে যাতে স্বাবলম্বী হতে পারে। কর্তা প্রসন্নবাবু বাড়ির ব্যাপারে মাথা ঘামান কম—সে সময়ও তাঁর নেই। তবু তিনি মনে ক্ষীণ আশা রাখেন যে মেয়ে তাঁর ড ক্তার হোক। কিন্তু সব মতলব উল্টেপাল্টে গেল মনে হয়। শিখার পিসিমা স্পষ্টবাদী মা, তিনি সোজা বললেন—"মেয়ের তো প্রায় ষোল বছর বয়স হল, এবারে একটা পাত্র টাত্র খুঁজলে তো হয়—পরে আবার হয়ত নিজে পছন্দ করেই বিয়ে করতে চাইবে।"

"তুমি একটা ভাল পা সন্ধান করে দাও তো আমি বাঁচি"—বলেন প্রসন্নবাবু। কথাটা তাঁর মনোগত কি কে জানে তবে বর্ষীয়সী এই দিদিটিকে তিনি বিলক্ষণ সমীহ করে চলেন।

"কিরে, তুই এখনও যাস নি?" হঠাৎ খাবার ঘরে শিখাকে দেখে ওর মা বললেন কথাটা। ... ার জের টানেন সুবালা দেবী, "মেয়ের আমার পড়াশোনার খুব ঝোঁক"—কিন্তু পি াধহয় সে কথাটা শুনতে পেলেন না। গম্ভীরভাবে বললেন "সুবালা, মেয়েকে এবার পরাও। ঐ পায়জামা আর ফ্রক পরে বেড়ান আমার মোটেই পছন্দ নয়।" খাবার ঘ আবহাওয়াটা ভারী হয়ে ওঠে। যে রুমালটা খুঁজতে শিখা এ ঘরে ঢুকেছিল তা আর হল না। সে নিঃশব্দে বেরিয়ে গেল।

যে মানুষটিকে ঘি এত আলোচনা সে কিন্তু একটুও চিন্তিত নয়। তার নিজের জগৎ তার পড়ার ঘরে, দী রিদ্রের দুঃখমোচনের চিন্তায়—যেখানে সে একা সম্পূর্ণ স্বতন্ত্র। গাছে ওঠা, সাইকেল চা রাইফেল ছোঁড়া, ঘোড়ায় চড়া, সাঁতার কাটায় যেমন পটু তেমনি পড়াশোনায় বরাব সে ভাল। ছুটির সময় বস্তীর ছেলেমেয়েদের অক্ষর পরিচয় করিয়ে দেয় আবার মাঝে ঝে তাদের কি করলে উন্নত করা যায় ভাবতে বসে। সকাল থেকে হাসি আনন্দের মধ্য দি বেশ কাটছিল কিন্তু রাত্রের এই আলোচনাটা তার কানে যেতে হঠাৎ সে বিষণ্ণ হয়ে প অথচ বিষয় এমনই যে বাবা, মা কিংবা দাদাদের সঙ্গে

আলোচনা করতে ইচ্ছে করে না। তার বন্ধুদের মধ্যে দু-একজনের অবশ্য বিয়ে হয়ে গেছে, তাদের বিয়েতে খুব উৎসাহের সঙ্গেই যোগ দিয়েছিল। আজ হঠাৎ তার বিয়ের কথাটা এমন করে উঠে পড়ায় সে কিছুটা চিন্তিত হয়ে পড়ে। অবশ্য কলেজে সে পড়বেই। বইপত্র কেনাও কিছু হয়ে গেছে তবু আজ একটা অজানা আশঙ্কা তার মনকে থেকে থেকে বিচলিত করে তুলছে।

ঢং ঢং করে দশটা বাজল। মফস্বল শহরে ঘুমের আমেজ এসে গেছে। বাড়ির সবাই এতক্ষণ শোবার আয়োজন করছেন। শিখার পিসেমশাই বারান্দার ইজিচেয়ারে বসে একটা চুরুট ধরালেন। শিখা আস্তে আস্তে গিয়ে পিসেমশাই-এর পায়ের কাছে বসল। শিখার পিসেমশাই উমানাথবাবু সরকারী ইঞ্জিনিয়ার ছিলেন, বিহার ও যুক্তপ্রদেশের নানা জায়গায় কাজ করে সম্প্রতি অবসর নিয়েছেন। উমানাথবাবু কথাবার্তা একটু কমই বলেন। শিখাকে নিঃশব্দে বসে থাকতে দেখে বললেন, "কিরে, এমা চুপচাপ কেন ? কিছু বলবি ?" শিখা আর নিজেকে সামলাতে পারল না, অভিমানরুদ্ধকণ্ঠে বলল, "পিসেমশাই, আমাকে বিদায় করতে পারলে আপনারা খুব নিশ্চিন্ত হন,—না ?"

উমানাথবাবু কিছুক্ষণ চুপ করে থেকে বললেন, "তোমার কোন আনন্দ হচ্ছে না।" পিসেমশাই যখন কোন বিষয় নিয়ে গভীরভাবে কথা বলেন তখনই তুই থেকে তুমিতে চলে যান এটা শিখা বরাবরই দেখেছে। চুরুটে একটা হালকা টান দিয়ে উমানাথবাবু বললেন, "আচ্ছা ভেবে দেখ যখন তোমার বাবা-মা থাকবেন না তখন কার ওপর তুমি নির্ভর করবে ? কে তোমাকে দেখবে ?"

"আচ্ছা পিসেমশাই, বিয়ের পরই তো অনেক মেয়ের স্বামী মারা যান তাতে মেয়েরা দুঃখ পায় খুবই, কিন্তু যদি তাদের নিজস্ব বিদ্যাবুদ্ধি থাকে তবে কি তারা নিজের পায়ে দাঁড়াতে পারে না ?"

শিখার কাছ থেকে এধরনের জবাব আশা করেন নি উমানাথবাবু। সেদিনের ছোট্ট মেয়েটা এমন গুছিয়ে কথা বলতে শিখল কবে ? কথাটাকে হালকা করার জন্য তিনি বললেন, "আরে অল্প কয়েকজনের কথা রেখে দাও, বেশীর ভাগ লোকই তো বিয়ে-থা করে সংসার করছে।"

"পিসেমশাই, চিরাচরিতভাবে লোক যা করে তার বাইরেও কিছু লোক থাকে আর তাদের নিজস্ব মত একটা থাকেই। এক অজানা ব্যক্তির ওপর নির্ভর করে সারাজীবন পরগাছার মত কাটান বোকামী নয় কি ? আরো একটা কথা বলি যদি কিছু মনে না করেন"—শিখা একটু থামল, উমানাথবাবু সস্নেহে তার মাথায় হাত বুলিয়ে দিয়ে বললেন—"বল, তোমার যা বলবার নিঃসঙ্কোচে বলতে পার।" শিখা বলল, "ধরুন, আমার বিয়ের পর স্বামীর সঙ্গে মতের মিল নাও হতে পারে—সেখানে ... অশান্তি লেগেই থাকবে।" উমানাথবাবু বললেন, "তোমার কি বিশেষ কোন ছেলেকে পছন্দ ? তাকেই বুঝি বিয়ে

করতে চাও ?" শিখা কিছুক্ষণ নিরুত্তর রইল। তারপর ধীরে ধীরে বলল, "না পিসেমশাই, সেরকম কিছু নয়। আমি অন্যধরনের চিন্তা করছি। আমি সকলকে ভাইবোনের মত ভালবাসি। বর্তমান দুর্দিনে চারিদিকে নানা সমস্যার দিনে ছেলেরা যদি কেবল পরিবার পুষ্ট করে চলে এবং মেয়েরা যদি আপন সংসার ও সন্তানদের মাঝে জড়িয়ে পড়ে, তবে মহত্তর, বৃহত্তর বিপ্লব তো আমাদের দেশে কোনদিনই সম্ভব হবে না। আমার মনে হয় বিয়ের পর মানুষ কিছুটা আত্মসুখী হয়ে পড়ে, আদর্শের চেয়ে নিজের ও নিজের পরিবারের কথাই বেশী করে ভাবতে শেখে।

"আমার আদর্শ স্বামী বিবেকানন্দ ও নিবেদিতা, আচার্য প্রফুল্লচন্দ্র ও ডাক্তার বিধানচন্দ্র। এঁরা যদি সংসারী হয়ে পড়তেন তাহলে কি নিঃস্বার্থভাবে দেশের জন্য এতটা কাজ করতে পারতেন ? কে জানে ?"

রাত অনেক হয়েছে। দূর নদীবক্ষে একটা স্টীমারের দূরাগত বংশীধ্বনি মনকে থেকে থেকে কোথায় ভাসিয়ে নিয়ে যায়। উমানাথবাবুর শোবার সময় হয়ে গেছে কিন্তু তিনি শিখার সব কথা না শুনে উঠতে চাইছিলেন না। শিখা তখনও একভাবে বসে আছে। নিভে-যাওয়া চুরুটটা আবার ধরিয়ে নিলেন উমানাথবাবু।

শিখা আবার বলতে শুরু করল, "পিসেমশাই, আমার মধ্যে স্বার্থপরতার ভাব আসবার আগেই আমি তাকে নির্মূল করতে চাই, আপনারা তাতে বাধা দেবেন না ; যে সত্য আমি উপলব্ধি করেছি বাস্তব জীবনে তাকে প্রকাশ করতে চাই।"

পিসেমশাই অন্যমনস্কভাবে উঠে দাঁড়ালেন। তারপর বারান্দায় কয়েকবার পায়চারি করে শিখার কাছে এসে দাঁড়ালেন। সস্নেহে তার মাথায় হাত দিয়ে বললেন—"তোমার প্রচেষ্টায় আমার শুভ কামনা সময় থাকবে, আর"—কথাটা বলতে গিয়ে পিসেমশাই একটু থামলেন—"তোমার পথে যাতে কোন কাজ না হয় তা আমি দেখব।"

উমানাথবাবু নিজের ঘরের দিকে চলে গেলেন। বারান্দার মৃদু আলোতে তাঁর চোখের কোণটা চিক্‌চিক্ করে উঠল।

চিরসাথী

বিষ্ণুপদ উকীল

চতুর্থ বর্ষ, অর্থনীতি

সবাই যেদিন অন্তরে মোর হানবে কঠিন বাজ,
ওরা যেদিন বুঝবে আমায় ভুল ;
হাঁপিয়ে যবে উঠবে পরান অন্ধকারের মা
তোমার মাঝে পাবই খুঁজে আলো উপকূল ।

জীবনসিন্ধু 'পরে আমার হৃদয়-তরীখানি
ভাসিয়ে দিলেম স্বপন দিয়ে ভরি ;
দুখের রাতে আসবে তুফান উঠবে লহর জা
ডুবাতে আমার কনকভরা তরী ।

দুই পারেতে নামবে আঁধার, ঢেউএর চাপে ভাঙবে বেলাভূমি,
চিকুর-হাসি হাসবে বিধি দূরদিগন্তকে ;
অন্ধকারের ওপার থেকে, প্রভু ! অভয় দি মি—
শুধু তোমারি আদেশ হৃদয় যেন শো

বন্ধু যদি না-ই মিলে মোর বন্ধুভরা হাটে,
দুঃখে হিয়া কাঁদবে না মোর তবে ;
শুধু তোমারি সাথে যেন গো মোর উজল বে ট,
অনন্ত হে, তুমিই আমার বন্ধু হয়ে রবে

সবাই মোরে করুক আঘাত, আগুন জালাক ত.
সামনে থাকুক তপ্ত মরুর ছবি ;
সকল জালা জুড়িয়ে যাবে হৃদয়সমাধিতে
লাগলে তব প্রেমের পরশ, কবি !

সবাই মোরে কাঁদায় যদি, কাঁদাক প্রভু অ
হাসির ছোঁয়া নাই বা দিল প্রাণে

চোখের জলে নয়তো হল সাগর রচার কাজ,
বক্ষ না হয় ভেসেই গেল বানে।

তুমি কেবল থেকো প্রভু হয়ে আমার সাথী,
মুছিয়ে দিও অরুণ আঁখির জল ;
যতন ক'রে রাখব ঘরে আসন তোমার পাতি',
স্নিগ্ধ, সখা ! কোরো চিত্ততল।

যদি কেউ না আসে আমার পাশে, না শোনে মোর গান,
নিভবে যেদি আমার দীপের শিখা ;
ওগো প্রেমিক, সঙ্গে থেকে অভয় কোরো দান,—
লুপ্ত কোরে রাতের বিভীষিকা।

জীবনের এই সাগ বেলায় ঘূর্ণি হাওয়া এলে
ভাঙ্গবে য সাধের খেলাঘর ;
বন্ধুরা সব, জানি প্রিয়, আমায় যাবে ফেলে
একলা র বইব যতেক ঝড়।

সব হারিয়ে র ড়ে তিমির-তীরে একা,
শূন্যত পূর্ণ রব আমি ;
রিও রে দাও যদি হে, দেখা,—
শূন্য য়ায় তোমার পূর্ণ করো, স্বামি !

স্মিতা সরকার

মলয়কুমার চট্টোপাধ্যায়

ষষ্ঠ বর্ষ, দর্শন

'শুনুন একটু।'

বেশ চমকে উঠলুম। বামাকণ্ঠ। সঙ্গে সঙ্গে তাকালুম ; ফলে চটির স্ট্র্যাপটা জবাব দিল। রাত তখন এগারটা। ট্রামের নড়বড়ে দেহের ধড়ঘড়ানি শব্দ স্তব্ধ। বাসটা লাস্ট কার, হু হু করে চলছিল। ঘণ্টার আওয়াজে আর্তনাদ ক'রে কাতরাতে কাতরাতে থামল। গাড়ি আবার এগিয়ে চলল স্টপেজ পেরিয়ে। আমার অনেক কসরতের পরেও নামা হল না। না মেয়েটা দেখতে সত্যিই ভালো। ফিটফাট চেহারা, জৌলুস আছে ; তারপর মাজাঘষায় আরো রূপ উপছে পড়ছে। চুলের প্রান্তে ঘোড়ার লেজ, ফিকে সবজে রঙের ম্যাচ করে জামাকাপড়, পায়ে স্যাণ্ডেল, হাতে এখনকার চলতি একটা ঝুড়ি।

আমার চোখে তখন অবাক বিস্ময় ; মহাসমুদ্রের গভীরতা নিয়ে সে আমায় দেখছে। আমার হার্টের গতিটা বেড়ে উঠেছে, পাল্‌স্ রেট নর্মাল সীমা ছাড়িয়ে গেছে। মৌন এক মুহূর্ত ; আমার কাছে এক যুগ। বাসের কণ্ডাকটারটা তার অপাঙ্গ ইঙ্গিতে আমায় বিদ্ধ করছে। উৎসুক যাত্রীরা রহস্যের গন্ধ পেয়ে ঝিমুনো বন্ধ করেছে। দু'একজন ছোকরাও মধ্যযুগের নাইটদের মত শিভালরি দেখাতে প্রস্তুত হয়ে উঠে।

নির্বিকার শুধু কর্ণধার চালক। পরের স্টপে গাড়ি থামল। প্রথমে ভেবেছিলুম মেয়েটাই শুধরে দেবে, বলবে, 'ক্ষমা করুন, ভুল করেছি।' কারণ প্রমীলা-রাজ্যের সঙ্গে আমার মত মুখচোরা ছেলের পরিচয় খুবই সামান্য। না, সেদিকে পা বাড়ায় না।

প্রথমটা বেশ থতমত খাই। তারপর মনের গুপ্ত গোপন সন্ধান চালাই। হ্যাঁ, এযে সেই দু'দিন আগে দেখা মেয়েটা। অফিস বাসেই এর সঙ্গে সামান্য পরিচয়। গাড়িতে তখন ভীষণ ভিড় ; পোর্টফলিও ব্যাগকে নিয়ে দাঁড়াতে খুবই অসুবিধা হচ্ছিল। লেডিজ সীটের পাশে তখন দাঁড়িয়ে। এই সুবেশা নারীই ব্যাগটা সযত্নে চেয়ে নিলেন নিজের হাতে, তারপর কোলের উপর। বোঝা খুবই কমল। ধন্যবাদ জানালুম ; উনি মৃদু হাসলেন। তার কিছুক্ষণ পরেই মেয়েটার পাশের মধ্যবয়সী নারীটি নামলেন। আমার অভাবিত বসার সুযোগ মিলল। এক অদৃষ্টপূর্ব শিহরনের আস্বাদন। মনে হল আজ দিনটা বড় ভাল, কাজের পর্বতপ্রমাণ স্তূপ যে আমার অফিসের টেবিলে জমেছে তাও ভুলে গেলুম। এক স্বল্পসময়ে হল অল্প আলাপ। পরিচয় দেওয়া নেওয়ার। নাম তার স্মিতা সরকার। বাড়ি তার বনেদী পাড়ায়। চেহারার আভিজাত্য বংশের আভিজাত্য স্মরণ করিয়ে দেয়।

(২)

সামান্য সময়ের সংলাপ। তবুও সুগভীর এর প্রভাব। সপ্তাহের কাজ একদিনেই সারলুম। মিঃ ব্যাক আমার বস। কাজে পরিতুষ্ট হয়ে প্রমোশনের সুপারিশও করলেন। কিন্তু এত সবের পরেও ভুলে গেছি মেয়েটাকে! মনে মনে ভাবলুম কী হতভাগাই না হয়েছি!

এবার ওর দিকে সমীহের সলজ্জ হাসি হাসলুম। ওরও মুখে বিদ্যুতের ঝিলিক। তাঁর ইঙ্গিতে গাড়ি থেকে নামলুম। একান্ত অনুগত সামন্ত।

'চলুন ঐ পার্কে বসি!'

আমি তটস্থ হয়ে সায় দিই। তারপর সাহস সঞ্চয় করি। ডেল কার্নেগীর ধার করা বিদ্যেতে প্রশস্তি শুরু করি তার চেহারার। শুনেছিলুম মেয়েরা নার্সিজমের রুগী!

দরাজ গলায় বলি, 'বাঃ, কি সুন্দর মানিয়েছে আপনাকে!'

'তাই নাকি?' কণ্ঠে তা অবাক-বিস্ময়।

তারপর সেই তূণটাই ছুঁড়ে আমার দিকে। 'আপনাকেও ত খুব ভালো দেখাচ্ছে!'

আমি বলি, 'ওসব ফর্মা টি রাখুন!' তবে মনে মনে বিরাট আলোড়ন জাগে, সেও আমায় এপ্রুভ করেছে। এত ক্ষণে মাঠে পৌঁছে গেছি। কিন্তু না, এখানে একটাও বেঞ্চি খালি নেই। বুড়োরাই য় সব দখল করে রেখেছে।

আবার আহ্বান, 'আসু ঐ ঘাসের উপর আমরা বসি।' আমি কোন্ সময়ই বা গররাজী? তবে একটু বাি বলি, 'বেঞ্চের চেয়ে ঘাসে বসলেই বেশী আরাম হবে!' অবশ্য বলেছি মনের ভাব এ ম চেপে; পাটভাঙ্গা প্যাণ্টের শোক তখনও মনে দগদগ করছে। বসলুম দুজনে; মু ; মাঝখানে হাতখানেকের তফাত। আজকের প্রশ্নকর্তা ও, আমি মুগ্ধ উত্তরদাতা সিনেমা থেকে শুরু করে, গড়ের মাঠে মোহনবাগান পর্যন্ত। ও ঘড়ি দেখে, আমিও 'সাড়ে এগারটা।' আমরা উঠে পড়ি। আমি বলি, 'আজকের দিনটা মনে রাখ ।'

স্মিতা বলে, 'দোহা আপনার, এত বাড়িয়ে বলবেন না।' কথাটা স্তুতির মত কানে এসে লাগে। যাবার আগে ওই অ্যাপয়েণ্টমেণ্ট করে সন্ধ্যে ছটায় ভবানীপুরের কফি হাউসে! আমি মাথা নাড়ি, দ্ব্যর্থহীন উত্তর। সেদিন আর অফিস যাই নি। স্মিতার কথা ভাবতেই সময় কেটে গেল। সাড়ে পাঁচটায় আমি হাজির; ও কিন্তু সময়নিষ্ঠ। সামনে এসে বসল। দু'প্রস্থ কফি আর স্যাণ্ডউইচের অর্ডার দিই।

স্মিতা বলে, 'বড্ড গরম, তাই দেরী হয়ে গেল।' আমি বিগলিতপ্রাণ, বলি, 'ঠিক সময়েই এসেছেন। আমিই একটু ফাস্ট!'

ও হাসে, কৌতুক করে বলে, 'এখানে আসার খুব লোভ বুঝি আপনার!' আমার মুখ থেকে ফস করে বেরিয়ে পড়ে, 'আপনার সঙ্গে দেখা করার—'

ও হাসে আবার, আমার মুখে অপ্রস্তুতের হাসি। আজকের আলোচনা একটু বেশী এ্যাকাডেমিক। আধুনিক কবিতা, সাহিত্য সমালোচনার মধ্যেই সময় কাটে বেশী। উঠে পড়ে আটটার সময়, মনে হয় কি যেন বলি বলি ক'রেও বলতে পারছে না। আমি ভাবি এও কি মুখচোরা ঠিক আমার মতো।

ও রবিবার ভিক্টোরিয়া মেমোরিয়ালে দেখা করতে বলে। সন্ধেবেলায়। আমি সেখানেও হাজির। ও আসে। জলের ধারে ঘাসের উপর একটু নিবিষ্ট হয়েই বসি। সঙ্কল্প করি আজই সব বলে ফেলব।

ও বলে, 'বাড়ি করুন।' আমি আঁতকে উঠি। এসব কি এনগেজমেণ্টের আগে কনডিশান! গাড়ির প্রসঙ্গে আসে। এ্যাকসিডেণ্টের কথাও পাড়ে। জানিয়ে দেয় কার ইনসিওরেন্স করলে আর্থিক লোকসান মিটবে। অনেক লোকই নাকি আজকাল এ্যাকসিডেণ্ট ক'রে পুরানো গাড়ি সারিয়ে নতুন গাড়ি কিনছে। তারপর আসে বাড়ির সকলের কথা, আমার জীবনবীমা করার উপদেশ, স্বাস্থ্য মেনে চলার কথা। আমি মনে মনে ভাবি মেয়েরা কত কথাই না ভেবে ফেলে এত তাড়াতাড়ি। মাঝে মাঝে তারিফ করি তার বিষয়বুদ্ধির। ও প্রশংসা শুনে আরো জোর দেয় জীবনবীমা করার। আমি নীরবে ঘাড় নাড়ি। জীবনবীমা আমার পছন্দসই নয়। নিজে প্রিমিয়াম দিয়ে ভবিষ্যতে আমার আত্মীয়স্বজন পাবে এ আমি পছন্দ করি না। তবে স্মিতা পাবে? সে কথা স্বতন্ত্র। ঈষৎ সায় দিই ওর কথায়। ভয় হয় এই সব সামান্য মতানৈক্যে যদি স্মিতা ধরা না দেয়! রাত বেশ গভীর হয়ে উঠেছে। আমরা উঠে পড়ি। আবার আমি অফিসে ওকে দেখা করতে বলি। স্মিতা স্মিত হাসি হেসে রাজী হয়ে যায়।

মন আনন্দে ভরপুর। যে এত ভাবছে আমার জন্যে সে কি আমায় ব্যর্থ করতে পারে? মনে মনে ভাবি বন্ধুদের দেখিয়ে দেব আমার চয়েস কি রকম! দেখিয়ে দেব, তাদের টেক্কা দিয়েছি!

ক্লাবের মণ্টুদা এই প্রেমে পড়তে খুবই এক্সপার্ট। চার চার জনকে খেলিয়ে রেণুদিকে নিয়েছেন। তবে আমার স্মিতা মণ্টুদার চয়েসকেও হার মানিয়ে দেবে। রেণুদির রঙটা একটু চাপা! ক্লাবে যাওয়া অনেকদিন বন্ধ করেছিলুম। কিন্তু আমার মন বলবার জন্যে উদ্‌গ্রীব। তাই বকেয়া খাজনা নিয়ে হাজির হই।

সব শুনে মণ্টুদা বলে, 'আরে তুই যে দেখছি ডুবে ডুবে জল খাস!' মণ্টুদা আবার সব রসিয়ে রসিয়ে বলে চণ্ডীকে।

চণ্ডী বলে, 'প্রেমেতে পড়ে অনেকেই, যেমন অনেকে পড়ে খানায় ডোবায়। কিন্তু দেখিস্ হাড়গোড়-ভাঙা 'দ' হয়ে যাস নি।'

মণ্টুদার অভিজ্ঞতা অনেক; তাই বলে, 'আরে এত এখন লাভ এ্যাট ফার্স্ট সাইটের মত নয়, ছোট ফোড়া ছিল, এখন সেটা টিউমারে দাঁড়িয়ে গেছে।'

আমি চুপ ক'রে থাকি। অপরের সময় আমি বলেছি। তবুও রোমান্টিক হিরো মনে ক'রে খুব খুশী হই। সকলে ধরে বসে সামান্য জলযোগের জন্যে। আজ এড়ানোর জো নেই। চায়ের পর্ব চলে।

পরের দিন সন্ধে। ফিরছিলাম অফিস থেকে। এসপ্লানেডের কাছেই ঘাড় ফেরাতে চোখে পড়ল একটা দৃশ্য। দেখলুম স্মিতা দাঁড়িয়ে, সঙ্গে সুগ্রীব। ওরা হাতে হাত দিয়ে, তন্ময় হয়ে। আমি ফানুসের মত চুপসে গেলুম। আমার নিষ্ফল আক্রোশ।

মেজাজ সপ্তমে চড়ে গিয়েছিল। বাসের মধ্যেই একজনের সঙ্গে এক পসলা ঝগড়া হয়ে গেল। লোকটা নেমে বাঁচল। আমার সাময়িক বিজয়।

রাতে বিছানায় এপাশ ওপাশ করি। ঘুম বিদায় নিয়েছে, মাথায় তখনও আগুন জলছে। নিজের উপর নিজের রাগ হচ্ছে। নেমে সুগ্রীবটার সামনে স্মিতার পরিচয়টা বের করে দিলেই বোধ হয় ভাল হত। আমার মত ওটারও ঘুম হত না। তবে আমার নার্ভের অনেক জোর। নইলে এই স্বর্গ থেকে বিদায়ের পর অনেকেই সুইসাইড করে। না, আমি ঠিক করলুম ইতিহাসের নায়ক আমি হব না। ভুলব স্মিতাকে। না তাও সম্ভব হল না।

দু'দিন পরে অফিসে।

দরওয়ান ভিজিটারের স্লিপটা সামনে রাখল। নাম পড়লুম স্মিতা সরকার। প্রথমে ভাবলুম হাঁকিয়ে দিই, ওর সঙ্গে দেখা আর আমি করব না। কিন্তু দুর্বার আকর্ষণ!

দরজা ঠেলে ও ঢুকল; আজও প্রসাধন। আহত পৌরুষ আজ খ্যাপা কুকুরের মত। কাজের ফাঁকে যেন মুখ তুলবার অবকাশ পাই না। ও নির্বিকার! কিছুক্ষণ পরে মুখ তুলে দেখি ও আমাকেই দেখছে।

এবার আমি ফেটে পড়ি।

বলি, 'কেন অসময়ে অফিসে?' ও বলে, 'আপনিই ত বলেছিলেন।' হাতে ব্যাগের মধ্যে থেকে কীসব কাগজপত্র বার করতে থাকে!

আমি যুক্তি দেখাই, 'সেদিন আপনার সব জানতুম না।'

ওর চোখে সপ্রশ্ন দৃষ্টি। আমি বাঁকা ইঙ্গিতে পরিষ্কার করে দিই সেদিনের সেই বিসদৃশ দৃশ্য।

ও একান্তভাবে জবাব দেয়, 'ও আমার স্বামী।'

স্বর সপ্তমে চড়িয়ে দিই, 'আগে থেকে রেড সিগন্যালটা চাপালে এতদূর এগোতুম না।'

চুলের ছোট্ট আচ্ছাদন সরিয়ে দেখায় সিঁথিতে একটু লালের ছোঁয়া!

আমার উচ্চগ্রাম এবার খাদে নামে।

ও এর পরেও নিজের বিষয় ফাঁদে। জানায় ও একজন জীবনবীমার এজেণ্ট, আমাকে বড় কাপ্তেন ঠাউরেছে। অভাবের সংসার। স্বামীসঙ্গে স্ত্রীও কর্মক্ষেত্রে।

স্মিতা বলে, 'এই বীমার কমিশনে বাচ্ছাটার এমাসের দুধের দাম উঠে আসবে।'

আমি এতক্ষণে অতলে তলিয়ে গেছি। প্রিয়া—সংসার—জীবনবীমার এজেণ্ট স্মিতা সরকার—সন্তানের জননী ঃ না সবই জার্মান সিলভার!

আধুনিক বাংলা কবিতা ঃ একটি প্রশ্ন

রামেশ্বর শ'

ষষ্ঠ বর্ষ, বাংলা

কৃষ্টির ধারাকে বলতে চাই নদীর ধারা। সে ধারা কখনো দু'কূল ছাপিয়ে ওঠে, কখনো ক্ষীণপ্রাণ হয়ে বয়ে চলে, কখনো আবার শুকিয়ে যায় একেবারে। কৃষ্টির এই প্রবাহ যখন মন্থর হয়ে আসে, তখন বান ডেকে যায় সেখানে ক্রান্তির নবোচ্ছ্বাসে। একে বলি, ইতিহাসের অমোঘ বিধান। ক্রান্তির বন্যা না এলে জীবনে এবং সমাজে নতুন প্রাণ পেতাম না। প্রাণ না পেলে প্রগতি হত না।

সাহিত্যেকে ধরেছি কৃষ্টির অন্যতম অঙ্গ বলে। সাহিত্যেও তাই আসে যুগে যুগে ক্রান্তি। ক্রান্তি নিয়ে আসে প্রাণ। প্রাণ চলে প্রগতির পথে এগিয়ে।

বাংলা সাহিত্যে—বাংলা কাব্যে—এমনি দু'টো বড় ক্রান্তিকাল হল ষোড়শ শতকের চৈতন্য-যুগ আর উনিশ শতকের রিনাইস্যান্স্। দু'টোই, দেখেছি, বাঙ্গালীর দু'টো বড় নব-জাগরণের—নতুন সংগঠনের যুগ। আমাদের সমাজে সভ্যতার উৎক্রান্তিমুখীনতার দু'টো বড়ো ইতিহাস বিধৃত রয়েছে এই দুই ক্রান্তিকালে। তার পরে, বলা হয়, আর একবার ক্রান্তি এসেছে বাংলা কাব্যে, বাংলা সাহিত্যে। এই ক্রান্তি অবশ্য আগের দুটোর মতো কোন মহৎ আত্ম-উদ্বোধনের, কোন নব-সংগঠনের ইতিহাসকে আশ্রয় করে নেই। বরং একটা বিরাট ভাঙনের বিষাদময় স্বীকৃতিতেই এই ক্রান্তিকালের সাহিত্যের সংগঠন। বাংলা সাহিত্যের ইতিহাসে এই ক্রান্তিকালের অভিধা দিয়েছেন অনেকে—'কল্লোল যুগ'।

বাংলা কাব্যে যুদ্ধোত্তর ক্ষয়িষ্ণুতা ও ভাঙনের ইতিহাসকে ধারণ করে আছে এই যে 'কল্লোল যুগ' আজ তো তার সঙ্গে আমাদের অপরিচয়ের কোন ব্যবধান নেই। একজন পশ্চিমী কবি আমাদের কাছে এই যুগের পরিচয় করিয়ে দিতে গিয়ে বলেছেন—

This is the way the world ends
This is the way the world ends
This is the way the world ends
Not with a bang, but a whimper !

—T. S. Eliot : 'The Hollow Men.'

মনে হয়েছে এ যুগ চরম নারকীয় যন্ত্রণার যুগ : এই নরকের গানই হয়েছে এ যুগের কবির সামগান—

অমেয় জগতে
নিজস্ব নরক মোর বাঁধ ভেঙে ছড়ায়েছে আজ ;
মানুষের মর্মে মর্মে করিছে বিরাজ
সংক্রামিত মড়কের কীট ;
শুকায়েছে কালস্রোত, কর্দমে মিলে না পাদপীঠ ।
অতএব পরিত্রাণ নাই ।···

—সুধীন্দ্রনাথ : 'নরক' ।

এ যুগের ক্ষয়িষ্ণু জীবন তাই আত্মরক্ষার জন্যে আপ্রাণ যুদ্ধরত। এ জীবনে তাই অনেক আবর্ত, অনেক তির্যক্ গতি; অনেক জটিলতা। কাব্যেও তাই এল দুর্বোধ্যতা, দুরূহতা, বিক্ষিপ্ততা। এ যুগের কবি-সমালোচক এইজন্যেই বলতে বাধ্য হয়েছেন—

> Our civilisation comprehends great variety and complexity playing upon a refined sensibility, must produce various and complex results. The poet must become more and more comprehensive, more allusive, more indirect, in order to force, to disolate, if necessary, language into his meaning.
>
> —T. S. Eliot : 'Selected Essays', p. 289.

এ যুগের শিল্পোদ্যোগে, যন্ত্রজীবনে তাই বাস্তবতাই ধ্যান, এ যুগের অবসরের গানও হট্টগোলের আতঙ্কে পীড়িত। এসবই আমরা জানি—একই সুরে সবাই আমরা এই কথাই বলে আসছি! একটি প্রশ্ন কিন্তু এর পরে না এসে পারে না : আধুনিক যুগের গোলযোগে গলা-যোগ করেছেন এই যে আধুনিক কবিরা, তাঁদের সাধনার সিদ্ধি কি এইখানে ? জীবনে ও কাব্যে এই যে ক্ষয়িষ্ণু যুগ, এই কি আমাদের কৃষ্টির ধারার সাগর-সঙ্গম ?

এই প্রশ্নের উত্তর আমাদের নিজেদের কাছে। আমাদের অন্তর-পুরুষ কি বর্তমান যুগ ও জীবনকে নিয়েই তৃপ্ত হয়েছে ? বর্তমান সমাজের ভাঙন ও চক্রাবর্তে নিষ্পিষ্ট হয়েই কি জীবনের মহত্তম সিদ্ধির আনন্দ পাব ? নিঃসন্দেহে আমাদের সকলের এক উত্তর হবে : বর্তমানকে আমরা অস্বীকার করি না, কিন্তু বর্তমানই আমাদের চরম লক্ষ্য হতে পারে না। ভাঙন জীবনেরই একটা সত্য, কিন্তু এই ভাঙনও আর একটা মহত্তর সংগঠনের জন্যেই। নইলে ভাঙনের এমন স্বীকৃতি আমাদের কাছে হত না।

মৃত্যুকে আমরা চাই, কিন্তু মৃত্যুকে মৃত্যুর জন্যে চাই না। মৃত্যু আমাদের জীবনের সঞ্চিত আবর্জনাকে ধুয়ে জীবনকে করে শুদ্ধ, সুন্দর, বার বার তাকে ভেঙে নতুন করে গড়ে—এতেই জীবনে মৃত্যুর প্রয়োজন অনুস্যূত। মৃত্যুকে চাই না, চাই অমরত্বকে। মৃত্যু হয়েছে সেই অমৃত-সাধনার সহায় মাত্র। ভাঙন ও মৃত্যুর এই সার্থকতা যুদ্ধোত্তর বাংলা কাব্যের কবিরা হয়তো ধরতে পারেন নি, কিংবা অবসর হয়তো পান নি এত কথা ভাববার। হতে পারে, দুঃখ-মৃত্যু-ভাঙনকে আমরা চিরকাল স্বীকার করতে ভয় পেয়েছি বলেই তাঁরা আরো জোর গলায় তাঁকে স্বাগত জানিয়েছেন। মৃত্যুর পথ অতিক্রম করেই হবে তাঁদের অমরত্ব লাভ, পিতামহ যেমন বলেছেন—

অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে।

কিংবা মহাকবি দান্তে যেমন স্বর্গযাত্রার জন্যে প্রথমে নেমেছিলেন নরকে।

কিন্তু আজ আবার সেই প্রশ্ন উঠেছে,—দুঃখ-মৃত্যু-জরা-ভাঙন—এই কি জীবনের পরম প্রাপ্য, সর্বশেষ এষণা? এই প্রশ্নই আনতে চাইছে বাংলা কাব্যে আর এক ক্রান্তিকাল। কল্লোলের পরে একে বলব আর এক ক্রান্তিকাল, কিংবা তারই পরিপূরক দিব্যপরিণতি। বাংলা কাব্যে এই নতুন ক্রান্তির পদধ্বনি বেজেছে। কবি তাই নতুন দৃষ্টিতে আবিষ্কার করেছেন মৃত্যু ও তমিস্রার যথার্থ উপযোগিতা—

ডুবতে হবে মৃত্যুর তিমিরে
নয়তো কেমন করে বেঁচে উঠবে আবার?
লুপ্ত হতে হবে পাতালে
নয়তো কেমন করে ফিরে আসবে আলোয়?

—বুদ্ধদেব বসু : 'শীতরাত্রির প্রার্থনা'।

কবি সেই অমৃতময় নতুন পৃথিবীর স্বপ্ন দেখেছেন—

তৃপ্তিহীন বিরহে তুমি জ্বলছো—
জ্বলতে দাও পুড়ে যাক যা-কিছু
তোমার পুরানো,
ডিমের খোলসের মত ফেটে যাক
তোমার পৃথিবী, বেরিয়ে আসুক
অন্য এক জগৎ……। —বুদ্ধদেব বসু : 'শীতরাত্রির প্রার্থনা'।

এ যুগের এক কবি-মনীষী এই কথাই ঘোষণা করেছেন তাঁর অভ্রান্ত দৃষ্টি থেকে—

He has need of darkness to perceive some light,
And need of grief to feel some bliss,
He has need of death to find a greater life.

—Sri Aurobindo ; SAVITRI, Book III, Canto IV.

আমাদের বক্তব্য হল—প্রত্যেক নবযুগের জোয়ার তখন আসে, যখন প্রথমে থাকে একটা উত্তেজনা, উন্মাদনা, বিক্ষোভ, প্রচণ্ডতা। জাতির দৃষ্টি তার পরে হয়ে আসে শান্ত, প্রত্যয়বান ও সংগঠনশীল। বাংলা রিনাইস্যান্সের প্রথম পর্যায়ে এমনি দেখি 'হিন্দু কলেজ' ও 'ইয়ং বেঙ্গলে'র প্রচণ্ড উন্মাদনা। একজন সমালোচক যথার্থই বলেছেন—It was more a destruction of the old than a construction of the new. এই আবেগ, এই উচ্ছ্বাস যখন শান্ত হয়ে এল, তখনই পেলাম প্রকৃত বড় সৃষ্টি, মহৎ সংগঠন। পেলাম যথার্থ নবযুগ-স্রষ্টা বিদ্যাসাগর, মধুসূদন ও বঙ্কিমকে। আমাদের আধুনিক কালেও এই প্রচণ্ডতা, এই কল্লোল আজ শান্ত হয়ে আসছে, জীবনদৃষ্টির বিক্ষুব্ধ ঘোলা-জল থিতিয়ে স্বচ্ছ হয়ে আসছে। এই স্বচ্ছতার জন্যেই জীবনের একটা লক্ষ্য, একটা অর্থ ধরা পড়ছে কবিদৃষ্টিতে। আধুনিক বাংলা কাব্যের যে পাঁচজনকে প্রধান ("major five") বলে ধরা হয়, তাঁদের জীবনদৃষ্টির মধ্যে ক্রমে স্পষ্ট হয়ে উঠেছে বা উঠছে একটা-না-একটা দৃঢ় প্রত্যয়। বুদ্ধদেব প্রেম ও কাব্য-সত্যে আস্থাবান্। সুধীন্দ্রনাথের 'নেতি'র উল্টো পিঠে রয়েছে 'ইতি'র পরোক্ষ স্বীকৃতি। বিষ্ণু দে সাম্যবাদী আদর্শে প্রত্যয়বান। এমনকি যে জীবনানন্দ ছিলেন 'এক বিমূঢ় যুগের বিভ্রান্ত কবি', তাঁরও কবিমানসে আসন পেতেছে রোমান্টিক সত্যের শেষ বিজয়ে অব্যভিচারী শ্রদ্ধা—

শঙ্খশুভ্র মেঘপুঞ্জে শুক্লাকাশে নক্ষত্রের রাতে
ভেঙে যায় কীটপ্রায় ধরণীর বিশীর্ণ নির্মোক
তোমার চকিত স্পর্শে, হে অতন্দ্র দূর কল্পলোক !

—'নীলিমা'।

আর সবচেয়ে লক্ষণীয় অমিয় চক্রবর্তীর আশ্চর্য বিশিষ্ট সুর—নব্যবিজ্ঞান ও অমৃতবিদ্যাকে সমন্বিত করার, দিব্যসত্যের প্রতি আস্থার, এক বিশিষ্ট সুর—পরম পুরুষের কল্যাণধর্মে সুদৃঢ় প্রত্যয়—

তোমার সৃষ্টি, আমার সৃষ্টি, তাঁর সৃষ্টির মাঝে
যত কিছু সুর, যা-কিছু বেসুর বাজে
মেলাবেন।···
মেলাবেন, তিনি মেলাবেন।

—'সংগতি'।

আধুনিক বাংলা কাব্যে নানাভাবে যিনি বিশেষ প্রভাব বিস্তার করেছেন, সেই এলিয়টের জীবনেও দেখছি আশ্চর্য রূপান্তর। প্রথম যুদ্ধোত্তর কালে এই শতকের দ্বিতীয় দশকে তাঁর মনে হয়েছিল—এই জীবন ও জগতে আর কিছু উর্বরতা রইল না, সবই হল 'পোড়ো জমি' (Waste Land)—

Here is no water but only rock—
Rock and no water and sandy road.

সেই Waste Land ও Hollow Man-এর কবির জীবনদৃষ্টি ক্রমে আরো প্রশান্ত হল, প্রজ্ঞাবান হল। প্রবীণ প্রাজ্ঞ জীবনদর্শন যখন গড়ে উঠল, তখন এল প্রসন্ন নিরাসক্তি। কবি খুঁজে পেলেন অমৃতপুত্র মানুষের জীবন-সাধনার প্রকৃত যুগোপযোগী পথ —অহং থেকে মুক্তি ও নিষ্কাম কর্মসাধনা। 'অহংকে উত্তীর্ণ হবার সাধনাই তিনি করেছেন। এখন থেকে কর্মহীনতা নয়, নিষ্কাম কর্মই তাঁর লক্ষ্য। Waste Land-এর Inferno-র Four Quartets-এর এই Paradiso (নাকি এখনও Purgatorio ?) এমন এক অবাঙ্‌মনসোগোচর জগতের অবতারণা করেছে যেখানে মানুষের ভাষা প্রায় মন্ত্রের স্ফটিক-সংহত রূপ গ্রহণ করেছে।' আধুনিক বাংলা কাব্যজগতেও অনন্তের স্বাদ নিয়ে কেউ কেউ সাগর থেকে ফিরছেন। অনেকে আবার সাগর পানে নতুন করে যাত্রা করছেন। কণ্ঠে তাঁদের ব্যাকুল অমৃত-পিপাসা।

বাংলা কাব্যে এই স্বতন্ত্র সুরের আর এক অধিকারী হলেন কবি নিশিকান্ত। রবীন্দ্র-সাহচর্য থেকে বিচ্ছিন্ন হবার পর সাধারণ বাঙ্গালী পাঠকের কাছে তিনি অপরিচিত হতে চলেছেন। কিন্তু তাঁর কাব্যে অমৃত-সংবেদনা একটি গভীর তীব্র লিরিক অনুভূতিময় প্রকাশ লাভ করেছে। কল্লোলের পরে আধুনিক বাংলা কাব্যে এসেছে যে নতুন পর্যায়, কবি নিশিকান্ত তার মধ্যে সর্বাধিক স্বাতন্ত্র্য বজায় রেখেছেন।

যুগ ও জীবনের জটিল সংঘাতে আধুনিক বাংলা কাব্যের সুর বিচিত্র। কারো সুরে 'নেতি', কারো 'ইতি', কারো বা 'অজ্ঞেয়বাদ'। কিন্তু সকলেরই সোচ্চার আত্মঘোষণার মধ্যে একটা দৃঢ় প্রত্যয় ক্রমশঃ স্পষ্ট হয়ে উঠেছে। এই দৃঢ় প্রত্যয়ই উত্তর-ক্ষয়িষ্ণু যুগের (post-decadent period) একটা ইতিমূলক নতুন সম্ভাবনার ইঙ্গিত আনে। ইতিহাসের এই সাক্ষ্য।

স্বপ্নের জগৎ বাস্তব হ'তে বহুদূরে

অসীমকুমার চট্টোপাধ্যায়

দ্বিতীয় বর্ষ, পদার্থবিজ্ঞান

প্রীতম, যখন তোর অবাক দৃষ্টি এই পরিচিত অক্ষরগুলোর মাঝে বিচরণ করবে কৌতূহলচরিতার্থতায়, তখন হয়তো আমার বিচার সাঙ্গ হয়েছে। ইতালীর কোন অজানা স্টুডিওতে তোর 'মডেল' যখন অবাক হবে তোকে হঠাৎ বিচলিত দেখে, তখন হয়তো আমার মামলার রায় বেরিয়ে গেছে। হয়তো তখন আমি চরম শাস্তির প্রতীক্ষারত। জানি, তখন তোর আর করার কিছু থাকবে না। সব জেনে কিছু করার ইচ্ছেও থাকবে না তোর। ঘৃণায়, লজ্জায় ভুলে যেতে চাইবি সমস্তই—তোর, আমার আর নীলিমার—আমাদের 'ত্রিভুজে'র স্মৃতিজড়িত ঘটনাবলীকে স্থান দিবি বিস্মরণের কোঠায়। কিন্তু তবুও তোকে সব কথা না বলে থাকতে পারছি না। ইতালী যাবার আগে তোর নিরীহ জিজ্ঞাসাটা আজ আলিপুরের বিলাসবহুল এক কক্ষে ক্লান্ত এক প্রাণের সব সুপ্তি চুরি করে নিচ্ছে। প্লেনে চড়বার আগে আবেগে আমার হাতদুটো ধরে যে বেদনায় তোর জিজ্ঞাসা মুখরিত হয়েছিলো, তার নিবিড়তা আর অকৃত্রিমতা আমি জানতাম। উত্তরও আমার জানা ছিল, প্রীতম। সেই ডিসেম্বরের সকালে হাতে হাত রেখে শুনলাম তোর জিজ্ঞাসা :

—"কেন এলো না ; নীলিমা আজও কেন এলো না, সুপ্রিয় ?"

সেদিন আমিও উত্তর দিতে পারতাম, প্রীতম। বলতে পারতাম যে তার কলঙ্কিত কৌমার্যের স্বাক্ষর বহন করে তোর সামনে সে দাঁড়াতে পারবে না। কিন্তু উত্তরটা আমার বলা হয় নি, প্রীতম। তোর বেদনাতুর জিজ্ঞাসু চোখ দুটোর ঐ নিরীহ দৃষ্টিকে কঠিনতর আঘাতে সজল ক'রে দিতে সংকোচ বোধ করেছিলাম। কিন্তু আজ আর কোন সংকোচ নয়, প্রীতম। আজ সব কথাই তোকে জানাবো।

আমাদের 'ত্রিভুজ'-এর কথা তোর মনে আছে ? তুই, আমি আর নীলি ; প্রীতম রায়, সুপ্রিয় চৌধুরী আর নীলিমা মল্লিক। মনে আছে, প্রীতম ? মনে আছে কলেজের সেই দিনগুলো ?—'ত্রিভুজ'-এর সেই নিষ্কাম বন্ধুত্বের স্মৃতি। আমাদের জগৎ ছিল আলাদা। 'ত্রিভুজ'-এর জগত। সেখানে তুই, আমি আর নীলিমা বাদে আর সবারই ভূমিকা ছিল আগন্তুকের। মনে আছে ? মনে না থাকলেও আজ সব কথাই মনে করতে হবে নতুন করে। নয়তো আমার অপরাধের গুরুত্ব লাঘব করতে চাইবে তোর বন্ধুবৎসল মন। তাই 'ত্রিভুজ'-এর কথা তোকে স্মরণ করতে হবেই।

সেখানে দু'টি শিল্পী মন বুনে চলতো পৃথক জাল একটি সুন্দর ভাবপ্রবণতাকে ঘিরে। কলেজের নামকরা আর্টিষ্ট প্রীতম রায়ের তুলি আর ইউনিভার্সিটির কৃতী ছাত্র সুপ্রিয়

চৌধুরীর কলম ব্যস্ত ছিল নীলিমা মল্লিক নামে কোন সেন্টিমেন্টের সার্থক রূপায়ণে ক্যানভাস আর কাগজের বুকে। তোর ক্যানভাসে অঙ্কিত হত নীলিমার পশ্চিমী 'ফিগার'-এর সাথে অ্যামালগামের পারদের মতো আঁটা মিষ্টি মুখটা অপূর্ব দক্ষতায় আর আমার লেখনী যে মোহনীয় 'মানসীর' বন্দনায় আকুল হত কাগজের বুকে তার মোহনীয়তার উৎস ছিল ঐ নীলিমা মল্লিকের লোভনীয় সঙ্গই। সরস, প্রাণবন্ত এক বন্ধনে বাঁধা ছিলাম আমরা।

মনে পড়ে কলেজের সেই সবুজ 'লন'টা? আমরা আসর সাজাতাম ওর বুকে প্রতি ঋতুর প্রতিটি দিনে।

তুই চলে যাবার পরও কলেজে গেছি। দেখেছি সেই পুরাতনের পুনরাবর্তন নবরূপে। প্রীতম, পাঁচটা ঋতুর হার্ডল পেরিয়ে সেই বসন্ত এখনো আসে। কলেজের 'লন'টা এখনও সবুজ—ঘাড়কাটা কবন্ধ ঘাসগুলো আজও ওর নরম অসমতল বুকটা আগলে রাখে ঘন অন্তরঙ্গতায়।

তোর কথা জানি না, প্রীতম, কিন্তু আমার চোখ জ্বলতো, লোভ জ্বলতো—প্রকাশের পথ ছিল না যদিও কালচারের দেওয়াল ভেদ ক'রে। মনও জ্বলতো। তখন বাতাসে গা ঢেলে রোমাঞ্চকর আবেশ অনুভব করতাম, ফাঁকা 'পিরিয়ড'গুলোর ফাঁক বেয়ে যে রোদটুকু আসতো, তাতে পেতাম তারুণ্যের আমেজ। আজ একবছর বাদে সেই সুপ্রিয়কে আর পাবি না, প্রীতম। সে সুপ্রিয়ের মৃত্যু ঘটেছে আজ প্রকাশিত লোভের তাড়নায়।

স্বপ্নের জগৎ বাস্তব হ'তে বহুদূরে। জানতাম আমরা তবুও স্বপ্ন দেখেছিলেম। স্বপ্ন দেখেছিলো 'ত্রিভুজে'র তিনটি বাহুই। গর্ব করেছিলো—'ত্রিভুজে'র বন্ধন শুধু বাহু দিয়েই নয়, তার চেয়েও মৌলিক কিছু দিয়ে। বলেছিলেম আমরা, 'ত্রিভুজে'র আত্মা তিনটি নয়—একটি।

দীপাঞ্জনকে মনে আছে তোর? হাত-পা নেড়ে তর্ক করতো ছেলেটা। 'ত্রিভুজ'-এর এক কোণ বাদ দিয়ে সরলরেখায় রূপান্তরের সম্ভাবনার কথা তুলে সতর্ক করতো আমাদের। আমি প্রতিবাদ জানাতাম। তর্ক করতাম আবেগ দিয়ে। কথার তরঙ্গ তুলতাম। তুই হাসতিস্। নীলিমাও। 'মরালিস্ট' সুপ্রিয় চৌধুরীর দামী কথার ফুঁয়ে নিবে যেতো দীপাঞ্জন। আর তোদের হাসির অন্তরালে কোন বিদ্রূপের অস্তিত্ব সম্ভাবনায় ব্যস্ত হতো আমার দুর্বল মন। আমার নীতিবাদিতায় তোদের আস্থার পরিমাপ করতাম আমি। তোর যে আস্থা ছিল আমার ওপর, আমার আদর্শবাদী মনের ওপর তা' আমি অনুভব করতাম। খুশী হতাম খুবই। কিন্তু তুই কি জানিস্, প্রীতম, মুখে যতোই নিষ্কাম বন্ধুত্বের গর্ব করি না আমি, আমার মোহনীয় 'মানসী'র লোভনীয় সঙ্গ আকুল করতো আমায়? তুই কি জানিস্, আমার বাহ্যিক বৈরাগ্যের মুখোশের নীচে দুটো ক্ষুধার্ত চোখ জ্বলতো অতৃপ্ত কামনায়? যখন গর্ব করেছি নিছক বন্ধুত্বের, বলেছি বাসনা কামনা হ'তে বহুদূরের

কথা, তখন কামনার লালাসিক্ত জিহ্বাটাকে গোপন করেছি কী কষ্টকর প্রয়াসে, জানিস্ তা' প্রীতম ? বোধহয় এতক্ষণে তোর আমার ওপর শ্রদ্ধা, আস্থা লুটিয়ে পড়েছে ; এতক্ষণে ঘৃণায়, লজ্জায়, রাগে হতবাক হয়েছে প্রীতম রায় মুখোশের নীচে সুপ্রিয় চৌধুরীর আসল স্বরূপ দেখে। কিন্তু এখনই না, প্রীতম। আরও আছে। আরও শোনাবো তোকে। সব কথা।

মনে আছে সেদিনের কথা। তোর ইতালী যাবার মাস কয়েক আগে। যেদিন নীলিমা শেষ দেখা করে তোর সঙ্গে। আমি ছিলাম না। কলেজের 'লন'-এ তোর সামনে ঝরঝর করে কেঁদেছিলো নীলিমা। বলেছিলো—"আমাদের 'ত্রিভুজ' আর টিকবে না, প্রীতম। সুপ্রিয় তাকে ভেঙ্গে দিলো।" অনেক কাকুতিমিনতি করেও আর কিছু জানতে পারিস্নি তুই ওর কাছ হ'তে। আমায় জানিয়েছিলি সব। তুই লক্ষ্য করিস্নি। কিন্তু যদি দেখতিস্ ভালো করে, তবে তোর আদর্শবাদী বন্ধুর পাংশু মুখটার, কম্পমান আঙ্গুল-গুলোর অন্তরালে যে মনটা ভীষণ সংগ্রামে রত তোর জিজ্ঞাসার উত্তর গোপনের অভিলাষে, তার আসল রূপ তোর চোখ এড়াত না। তুই বিক্ষুব্ধ হয়ে দোষারোপ করেছিলি নীলিমার উপর—"মিছে তোর ওপর নীলিমা দোষ চাপায় কেন, সুপ্রিয় ? খুব খারাপ এসব।"

আমি চুপ করে ছিলাম। কিন্তু আমার মৌনতা যে কতবড় সত্যের স্বীকৃতি, তা' তুই জানতিস্ না, প্রীতম। দিনকয়েক আগের রাত্রের ঘটনা জানবার কথা নয় তোর। তুই শুধু জানতিস্ সন্ধেয় নীলিমা বেড়াতে গিয়েছিলো আমার সঙ্গে। এই জেনেই পরিতৃপ্ত ছিলো তোর অনুসন্ধিৎসা কিন্তু তারপর, তার পরের ঘটনা, প্রীতম ? জানলে ক্ষোভে, দুঃখে, হতাশায় ভেঙ্গে পড়তিস্ তুই। 'ত্রিভুজ'-এর আদর্শ নিয়ে গর্ব করতিস্ না আর ; ওকালতি করতিস্ না আমার হয়ে।

সেদিনের ঘটনা আমার অক্ষমতার কাহিনী। আমার নিজস্ব রূপ, যা' অনেক প্রয়াসে আড়াল করে রেখেছিলাম তোদের কাছ হ'তে, আমার নারকীয়, লালসাসিক্ত লোভ প্রকাশিত হয়ে যাবার কাহিনী। আজও ভুলিনি, ভুলতে পারিনি, পারবোও না। পার্কের নির্জন বুক নির্জনতর, নির্জনতম হ'লো রাত্রির অগ্রগতির সঙ্গে। প্রতিদিনের মত পরিচিত বাবু আর দিদিমণিকে রাত্রির গভীরতার কথা স্মরণ করিয়ে কর্তব্য সারলো দারোয়ান। চলে গেলো সে। আমাদের গল্পের গতি কিন্তু রইলো অব্যাহত। রাত বাড়লো। তারপর প্রীতম ? তারপর ?.....

প্রীতম, অনুশোচনা হয়েছিলো। ভীষণ জ্বালাময় অনুশোচনা। অক্ষমতার জ্বালা।

প্রীতম, ভেবেছিলেম নটেগাছটি এখানেই মুড়োবো কিন্তু তা' হয়নি। তারপর তুই চলে গেলি ইটালীতে শিল্পের সাধনায় ; আর আমি গ্রেপ্তার হলেম মাসকয়েক পরে। আমারই হঠকারিতার জন্য।

সারা জীবন ভরে আমায় এর প্রায়শ্চিত্ত করে যেতে হবে কারণ বাস্তবতার বিরুদ্ধে মাথা তোলার স্পর্ধা করেছিলাম। কল্পনা ছিল চিরকালের জন্য ত্রিভুজকে বোধহয় বাস্তবের স্পর্শ থেকে বাঁচিয়ে রাখা যায়। কিন্তু বাস্তব বড় নিষ্ঠুর, বড় নির্দয়, ক্রূর। সে তার নিজের দাবি জানিয়েছিল।

দুটি কবিতা

মানস রায়

চতুর্থ বর্ষ। ইংরাজী

মহাপথিক

একদিন পৃথিবীর গল্প শেষ হয়ে
তুমি আমি মিশে যাব এই নদী অসীম সময়ে
তোমার গল্পের ঢেউ আমার গল্পের তট সূর্যপটঅববাহিকায়
সেইদিন চিহ্ন রেখে যাবে কোন অন্তিম নিশায়—
নিরন্তর কাল হতে সেই স্মৃতি ভেসে আসে তীরে
শেষের উদ্দেশ খুঁজে প্রথম সমীরে
নীলাম্বু বারিধি ভিড় সে সমীর জাগায়ে তোমার মুখচ্ছবি
ডাক দিল আমারে যে, তাইতো আকাশ ঘিরে শান্ত উষারবি
অনাদির প্রাচীভূমে পেতেছে আপন মায়াজাল,
নিগূঢ় রাত্রির পিছে ধেয়ে এল উদয়সাগরজ্যোতি প্রসন্ন সকাল,
তোমার আলোর ভিড়ে যে রূপসাগর দেশ এনেছ এ পৃথিবীর পারে,
উদয়ভানুর সখী, সেই রূপভূমে, সখী, চিনিবে আমারে ?

মনে রেখো, হে কিশোরী, তোমার প্রথম খেলাঘর
একদিন ধন্য হোল বুকে নিয়ে আমার স্বাক্ষর।
তোমার অরণ্যদিন ফাল্গুন-প্লাবন
মোর বায়ুতটিনীরে জানাল অরূপ সম্ভাষণ—

প্রথমা তরুণী সেই উষার ব্যাকুল দ্বারে দ্বারী
আর তারে ভালোবেসে সেই প্রাণ নক্ষত্রকুমারী
চলে গেছে বহুদূর কাল-রূপ-জ্যোতিছায়াপথে
সেও কবে আনে গান এই রূপস্বপ্নের জগতে ॥

অনেক ধূসর মৃত্যু, অনেক জীবন, শান্তি, মহাপ্রেম, অক্লান্ত আহ্বান
পার হয়ে এসে এই সময়ের বহুদূর টানে
যুগান্তের নক্ষত্রের অন্তহীন আলো, নদী, সূর্যের আলোয় রক্তস্নান
সেরে এসে জন্মান্তের পটভূমিবাহিকা অম্লানে,
ঘুরে ঘুরে ফিরে তবুও হৃদয়ে মোর, সেইখানে লেখা মোর মরণশরীর
কবে সে যে ছেড়ে এল পৃথিবীর কাহিনীর নীড় ॥

তোমরা কোথায় যাও ওগো নর ওগো নারী এই প্রেম ধূলিধোওয়া জীবনসায়র
এখানে খুঁজেছ দোঁহে পৃথিবীর আদিকালে এই রূপভিড়ে মহাপথিকের ঘর ?
এই প্রাচীন সাম্রাজ্যের বহমান বায়ুদূতী কোন অনন্তের এক এনেছে আহ্বান
আমার ললাট ঘিরে তাহার চুম্বনলেখা রেখে গেছে অনাদির বহুদূর গান ;
তবুও সৃষ্টির ভিড়ে সেই রূপতীর্থপথে হেঁটে গেছে অনাদির নারী আর নর
সূর্যের আলোয় রক্তস্নান আদি পৃথিবীর নিয়েছে হৃদয়ে যারা আশ্চর্য স্বাক্ষর।

তবু সেই সৃষ্টিপথে সূর্য আসে, শূন্য, নদী, নক্ষত্রের বৃহৎ সংসার
পাতে যে হরিণখেলা মায়াজাল বহুদূর লাবণ্যসময়সীমা পার,
সেখানে নেইকো আমি, সে আমারে খুঁজে গেছে এই রূপ-আকাশের তলে,
অরণ্যসাগর হাহাকার ব্যাপ্ত ক্রন্দসীর অবিরাম ব্যথার উচ্ছলে
অনেক ক্লান্তির ভূমি অতিক্রান্ত হয়ে তবু, পার হয়ে এই মেঘ সমুদ্র পর্বত
সূর্যনক্ষত্রের দেশ ছাড়ায়ে গিয়েছে চলে নিরন্তর এই প্রাণ বন্ধহারা রথ ॥

তোমাকে পেয়েছি পাশে, দুজনে হয়েছি পথ পার
অনেক মৃত্যুর ভূমি পার হয়ে, পার হয়ে এই নদী রাত্রি অন্ধকার
অনন্ত রাত্রির পথ অতিক্রান্ত জন্মভূমি আজ এই পৃথিবীর ভোরে
তোমাকে পেলাম পাশে, তোমাকে দেখেছি যেন এই কচি রৌদ্রের প্রহরে
এই ঘাস শিশির-উৎসব আর নীলিমা উষায় ॥

এই পৃথিবীর ভোরে দূর জীবনের গন্ধ মেখে এলে, হে বৈশাখী নারী,
জানি কোনদিন এক অনাদির প্রহরে তোমারি
যে নিগূঢ় প্রেমআত্মা, যে নিগূঢ় জীবনপ্রতিভা
সৃষ্টির প্রথম ভূমে রেখে এসে জেলেছ প্রাণের দীপবিভা
সেও জানি আকাঙ্ক্ষিত রয়ে গেছে অন্তিম উষায়॥

হে প্রাণ, অসীম, মৃত্যু, তোমাদের সাম্রাজ্যের যেই ধূলি গিয়েছে ছড়িয়ে
এই জ্যোতি ব্রহ্মাণ্ডের রূপের কণার দেশে, দিনরজনীর মহাশুভ্রপথ দিয়ে,
কোন সে বিস্মৃত যুগে হৃদয়-সৈকতে মোর নিয়েছিনু ঢেকে সেই জ্যোতিধূলিকণা
তারপর আমারই সত্তার খোঁজে সূর্যতারা ছায়াপথ গেয়েছে বন্দনা
মহাকাল সপ্তপদে শান্ত পদে এনেছে প্রণাম
এই জ্যোতিনিখিলের অস্তিত্বসভায় কবে লিখে গেছি মোর পূর্ণ অতলান্ত নাম॥

হে প্রাণ, অসীম, মৃত্যু-বিজয়ী সম্রাট,
সহস্র বরষ ব্যাপ্ত দ্বাদশ সবিতাদীপ্তি গেঁথে দিল তোমার ললাট
তোমার দক্ষিণ মুখ রুদ্র্যনিত্য অভিলাষে রচনা করেছে পৃথ্বী, স্তব্ধ নীলিমাকে,
তাই আদি সকালের সূর্যউষা এনেছিল প্রণাম তোমাকে
যে তুমি ছড়িয়ে গেছ শত মুক্তিশতাব্দীর মৃত্যু আর জন্মের ধারায়
একটি কাহিনী ঘিরে মহানীড় স্তব্ধ ইশারায়
গাঁথা হয়ে গেল কত যুগান্তের রাত্রি আর দিন
সকল উত্থান, লগ্ন, সকল রহিত, শান্তি, বহুদূর তোমাতে বিলীন
সে ছন্দ-আহ্বান-ঢেউয়ে রূপের সমুদ্রস্নান ছেড়ে যেতে হবে
এ নিখিল মর্মঘেরা—শুভ্রআত্মা-নটরাজ-প্রকাশ-উৎসবে॥

বন্ধু তোমার

বন্ধু তোমার স্মৃতির হাওয়ার অরূপ নিরঞ্জনে
ঢাকো আমার মুখ
অনন্তকাল ছিনু প্রতীক্ষায়
বিরহী উৎসুক,
মেঘের বেলায় সাগরপারের সীমা
ডাক দিল যে চৈতালী পূর্ণিমা

প্রাণের নিরঞ্জনে
কালের ঘরের অতন্দ্র নির্জনে ॥

কালের পথে ফিরে ফিরে পাই নি যার দেখা
সে জন কবে ছড়িয়ে গেল পৃথিবীময় একা
মধুরূপের অন্তরালে, জেনে আমার মন
রয়েছে চেয়ে ঘর বাহির আলোয় নির্জন
উদাস ভোরের মাতন হাওয়ায় লেখা তোমার নাম
বন্ধু হে,
তোমায় চেয়ে
পৃথিবী হারালাম ॥

৩

শঙ্কা মোর রোদের নীড়ে ভাসিয়ে দিয়ে ভেলা
এই পৃথিবীর প্রান্তে কবে বেঁধেছিলেম ঘর
সে কথা আজ ভেসে আসে অনন্ত মেখলা
সময়নীড়ে নয় সে নির্ভর
সে কথা জেনে উজান হল মন
কালের কথা শুনে গেলেম বিরলে এই ক্ষণ ॥

জেনেছি তাই, জেনেছি মনে, তব পায়ের ধ্বনি
রক্তমাদল হৃদয় চলার অতল রনরনি
এই জীবনের বাহির ঘরে রূপের সাজ ঢালা
সাজাক তবে তব প্রাণের বাসর নিরালা।
তোমার খেলা ফেলেছে আলো সূর্যতারার পথে
ঢেউ দিয়েছে রূপের জনম প্রাণের আদি স্রোতে—
যেথায় তব মনের অবিরাম
জোয়ার ভাঁটা খেলে চলে রূপপ্রলয় তলে
সেথায় আমি পাব কি বিশ্রাম
তব প্রাণের গভীর কলরোলে ॥

কলেজ প্রসঙ্গ

প্রতিষ্ঠাতৃ-দিবস ২০শে জানুয়ারি ১৯৬২

"উনবিংশ শতাব্দীতে ভারতবর্ষের সাংস্কৃতিক পুনরুজ্জীবনের প্রথম যুগে স্থাপিত হয়েছিল আমাদের এই শিক্ষায়তন। চিন্তায় ও কর্মে প্রাণের যে ধারাটি সেকালে ক্ষীণ হয়ে এসেছিল, বিদেশী প্রাণশক্তির অভিঘাতে তাতে নতুন স্পন্দন সঞ্চারিত হয়। নবযুগের আদর্শকে বহন করবার গুরু দায়িত্ব নিয়ে ১৮১৭ খ্রীস্টাব্দের ২০এ জানুয়ারি এই কলেজ স্থাপিত হয়। প্রতিষ্ঠাতৃগণের মধ্যে ছিলেন ভারতহিতৈষী ডেভিড হেয়ার, বর্ধমানাধিপতি মহারাজ তেজচন্দ্র বাহাদুর, গোপীমোহন ঠাকুর, রাজা গোপীমোহন দেব, বৈদ্যনাথ মুখার্জি, সার এডওয়ার্ড হাইড ঈস্ট, জোসেফ ব্যারোটো, জে. এইচ. হ্যারিংটন, লেঃ-কর্নেল ফ্রান্সিস আরভিন প্রভৃতি বরেণ্য ব্যক্তি। রাজা রামমোহন ছিলেন এর আদি কল্পক। আজ ১৪৫ বৎসর পূর্বের সেই কল্যাণকামী প্রতিষ্ঠাতা শিক্ষাব্রতীদের আমরা বিনম্রচিত্তে স্মরণ করি।

১৮৫৫ খ্রীস্টাব্দে হিন্দু কলেজ যখন প্রেসিডেন্সি কলেজে রূপান্তরিত হয়, তখন যত আন্দোলন এবং সমালোচনাই হয়ে থাক না কেন, আজ স্বীকার করতে দ্বিধা নেই, এই রূপান্তরণ আদর্শের প্রসারণ ছাড়া আর কিছুই নয়। কলেজের ইতিহাসে যুগ ও জীবন প্রতি পর্যায়েই যথাযথরূপে প্রতিফলিত হয়ে আসছে। মহত্তর গৌরবের অভিমুখে এর নিরন্তর যাত্রা আমাদের নিত্য গর্বের বিষয়।

বাঙলা ও ভারতবর্ষের জ্ঞানী-গুণী নেতা ও কর্মী—যাঁদের অনেকেরই ছাত্রজীবন অতিবাহিত হয়েছে এই বিদ্যাভূমিতে, তাঁদের সঙ্গে আজকের ছাত্রদের আত্মিক যোগ অনুভবের সাধনা সার্থক হোক।"

বিভিন্ন পরীক্ষার ফল

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে ১,৫৮০; তার মধ্যে ছাত্রীসংখ্যা ৫১৬। ২৭১ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি লাভ করেছে। অসচ্ছল অথচ মেধাবী ৩৮৭ জন এবং উদ্বাস্তু ৩৯ জন ছাত্রছাত্রী বিভিন্ন বৃত্তি নিয়ে পড়াশুনা করছে। এ ছাড়া, ৬ জন ছাত্রকে জগদীশ বোস ন্যাশন্যাল সায়ান্স ট্যালেণ্ট সার্চ বৃত্তি দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় কলেজের মান অক্ষুণ্ণ আছে। আই. এ ও আই. এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের হার যথাক্রমে ৯৫·৪ এবং ৯৭·১৪। ঐ পরীক্ষা দু'টিতে যথাক্রমে ৪৪ এবং ১৭৫ জন ছাত্রের মধ্যে ৩৫ এবং ১৫৯ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। আই. এস-সি পরীক্ষার প্রথম দশজনের মধ্যে ন'জন এবং আই. এ পরীক্ষায় একজন আমাদের কলেজের। বি. এ ও বি. এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের সংখ্যা যথাক্রমে ১০২ এবং ১৩০। বি. এ পরীক্ষায় ৭ জন প্রথম শ্রেণীতে এবং বি. এস-সি পরীক্ষায় ৩৮ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা এবং বিজ্ঞান পরীক্ষায় মোট পাসের হার শতকরা ৯৮·৯১—তার মধ্যে কলা বিভাগের ১২ জন এবং বিজ্ঞান বিভাগের ৬৫ জন প্রথম বিভাগে। প্রথম দশজনের মধ্যে চারজনই আমাদের কলেজের।

বিভিন্ন পরীক্ষায় যারা কৃতিত্ব দেখিয়েছে এবং পদক ও পুরস্কার লাভ করেছে, ইংরেজী বিভাগে তাদের নামের তালিকা ছাপা হ'ল।

অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ

অর্থনীতিতে নবসৃষ্ট অধ্যাপক পদে গত অগাস্ট মাসে ডক্টর সুখময় চক্রবর্তী যোগ দিয়েছেন। এই বিভাগের ডক্টর হীরেন্দ্রনাথ রায় পদত্যাগ ক'রে দুর্গাপুর রিজিওনাল ইঞ্জিনীয়ারিং কলেজে যোগ দিয়েছেন। তাঁর

জায়গায় শ্রীঅশোকচন্দ্র সেন গত নবেম্বর মাসে সহকারী অধ্যাপক পদে নিযুক্ত হয়েছেন। রাষ্ট্রনীতি বিভাগে সহকারী অধ্যাপক পদে নিযুক্ত হয়েছেন শ্রীনীরোদবরণ দে। ইংরাজী বিভাগে গত ফেব্রুয়ারি মাসে শ্রীঅরুণকুমার দাশগুপ্ত সহকারী অধ্যাপক পদে যোগ দিয়েছেন। শ্রীনিরুপম চট্টোপাধ্যায় গত মার্চ মাসে সহকারী অধ্যাপক নিযুক্ত হয়েছিলেন কিন্তু সেপ্টেম্বর মাসেই বিদেশ যাত্রার জন্য পদত্যাগ করেন। শ্রীতীর্থঙ্কর বসু লেকচারার পদ ত্যাগ ক'রে উচ্চতর শিক্ষার্থে বিদেশে গিয়েছেন। তাঁর জায়গায় এসেছেন শ্রীপ্রবীরকুমার সরকার। শ্রীযোগেশ ভট্টাচার্য সম্প্রতি এই বিভাগে যোগ দিয়েছেন।

বাঙলা বিভাগের লেকচারার পদে শ্রীহরনাথ পাল ও ডক্টর সত্যনারায়ণ ভট্টাচার্য যথাক্রমে ঝাড়গ্রাম রাজ কলেজ ও কৃষ্ণনগর কলেজ থেকে বদলি হয়ে এসেছেন। ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর অমলেশ ত্রিপাঠী গবেষণাকার্যে কয়েক মাসের জন্য ইংলণ্ড যাত্রা করায় ডক্টর অসীম দাসগুপ্ত প্রধান অধ্যাপকের কাজ করেন। তিনি ইতিহাস বিভাগের দ্বিতীয় অধ্যাপক পদে কিছুকাল পূর্বে নিযুক্ত হয়েছিলেন। শ্রীপ্রশান্তকুমার চট্টোপাধ্যায় এই বিভাগে সহকারী অধ্যাপকরূপে কিছুকাল কাজ ক'রে, পরে পদত্যাগ ক'রে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যোগ দিয়েছেন। ঝাড়গ্রাম রাজ কলেজের শ্রীসুবোধচন্দ্র মজুমদার এখানে বদলির আদেশ পেয়েছেন।

রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক শ্রীপ্রফুল্লকুমার দত্ত অধ্যাপক পদে উন্নীত হয়েছেন। ডক্টর ব্রজেশ সেন বেঙ্গল ইঞ্জিনীয়ারিং কলেজে উচ্চতর পদে যোগ দিয়েছেন। এই বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর এস. সি. সোম আমেরিকা যাত্রা করেছেন এবং তাঁর জায়গায় ডক্টর প্রতুল মুখোপাধ্যায় প্রধান অধ্যাপক নিযুক্ত হয়েছেন। এই বিভাগে দু'জন লেকচারার নিযুক্ত হয়েছেন—শ্রী জে. সি. সরকার এবং শ্রী এস. কে. চক্রবর্তী। শারীরতত্ত্ব বিভাগে শ্রীসুনীলচন্দ্র সেন সহকারী অধ্যাপক পদে আর এক বৎসরের জন্য নিযুক্ত হলেন। শ্রীঅতুলচন্দ্র দেবনাথ লেকচারার পদে এবং শ্রীঅশোক সেনগুপ্ত পদত্যাগ করায় শ্রীঅরবিন্দকুমার সিংহ ডেমনস্ট্রেটর নিযুক্ত হয়েছেন। ভূগোল বিভাগের শ্রীঅমিয়ভূষণ চট্টোপাধ্যায় লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে ফিরে এসেছেন। গণিত বিভাগে শ্রীনারায়ণ বর্মণ লেকচারার পদে যোগ দিয়েছেন। প্রাণিতত্ত্ব বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর শিবতোষ মুখোপাধ্যায় আমেরিকা থেকে ফিরে এসেছেন। এই বিভাগে শ্রীঅরুণ রায় লেকচারার নিযুক্ত হয়ে পরে বদলি হয়েছেন। এই বিভাগে ডক্টর অশোক বসু এবং ডক্টর অজিতকুমার বন্দ্যোপাধ্যায় লেকচারার নিযুক্ত হয়েছেন। সংখ্যাতত্ত্ব বিভাগের শ্রীসম্প্রীত চট্টোপাধায় ডেমনস্ট্রেটর পদ ত্যাগ করেছেন কেম্ব্রিজে উচ্চতর শিক্ষা লাভের জন্য।

উদ্ভিদতত্ত্ব বিভাগে কৃষ্ণনগর কলেজ থেকে ডক্টর এ. কে. চক্রবর্তী সহকারী অধ্যাপকরূপে বদলি হয়ে এসেছেম। ডক্টর এইচ. এল. চক্রবর্তী অন্যত্র চলে যাওয়াতে এই শূন্যপদের সৃষ্টি হয়। ডক্টর এস. কে. পাইন সহকারী অধ্যাপক পদে অস্থায়িভাবে কাজ করেন। তিনি ডক্টর জে. কে. চৌধুরীর শূন্যপদ পুরণ করেন। শ্রীপ্রদ্যোৎ ভঞ্জ এবং শ্রীপ্রবীর চট্টোপাধ্যায় অস্থায়িভাবে লেকচারার পদে নিযুক্ত হন। শ্রীপ্রদ্যোৎ ভঞ্জ পরে পদত্যাগ করলে ডক্টর অপূর্বকুমার ঘোষ গ্রীষ্মের ছুটির পর ঐ পদে যোগ দেন। নবসৃষ্ট পদে ডক্টর এস. সি. দত্ত এবং শ্রীঅমলকুমার মুখোপাধ্যায় লেকচারাররূপে নিযুক্ত হন। শ্রীঅশোক কর উচ্চশিক্ষার্থ বিদেশযাত্রা করেছিলেন; তিনি ফিরে এসে কাজে যোগ দিয়েছেন।

কলেজ অফিসের সহকারী শ্রীশশাঙ্কশেখর ধর পরলোকগমন করেছেন। তাঁর জায়গায় যোগদান করেছেন শ্রীরমেন্দ্রনাথ চক্রবর্তী। শ্রীসত্যচরণ বন্দ্যোপাধ্যায় ছুটিতে যাওয়ায় তাঁর জায়গায় শ্রীরণেন্দ্রমোহন বাগচী (টাইপিস্ট) অস্থায়িভাবে কাজ করছেন। শ্রীসত্যচরণ বন্দ্যোপাধ্যায় ১৬ই জানুয়ারি অবসরগ্রহণ করবেন। শ্রীরণেন্দ্রমোহন বাগচীর স্থলে শ্রীদীপক বন্দ্যোপাধ্যায় কয়েক মাস কাজ করেন। অতঃপর সম্প্রতি শ্রীশচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সেই পদে নিযুক্ত হয়েছেন। কলেজের প্রধান দারোয়ান শ্রীবাবল সিং কার্যে রত অবস্থায় গত ২১এ নবেম্বর করোনারি থ্রমবোসিস রোগে আকস্মিকভাবে মারা যান। তিনি দীর্ঘ পঁচিশ বৎসরেরও অধিক কাল এই কলেজের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন।

পদার্থবিজ্ঞানের সহকারী অধ্যাপক শ্রীসনৎকুমার মুখোপাধ্যায় এবং লেকচারার শ্রীহরিমোহন সরকার উভয়েই উচ্চতর শিক্ষার জন্য পশ্চিম জার্মানী যাত্রা করেছেন। অর্থনীতি বিভাগের শ্রীদীপক বন্দ্যোপাধ্যায় লণ্ডন বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিযুক্ত হয়েছেন। শারীরতত্ত্ব বিভাগের ডক্টর সুখময় লাহিড়ী হিমালয়ের উচ্চ অঞ্চলে গবেষণাকার্য শেষ করেছেন। স্যার এডমণ্ড হিলারি পরিচালিত মাকালু অভিযানে তিনি যোগ দিয়েছিলেন। অক্সফোর্ডে হলডেন শতবার্ষিক অধিবেশনেও তিনি যোগদান করেছিলেন। প্রাণিতত্ত্ব বিভাগের ডক্টর শিবতোষ মুখোপাধ্যায় যুক্তরাষ্ট্রে কয়েকটি বক্তৃতা দেন এবং পরে অক্সফোর্ডে পাঠচক্রেও আমন্ত্রিত হয়েছিলেন। সংখ্যাতত্ত্ব বিভাগে শ্রীমিলনকুমার গুপ্ত দুই বৎসরের ছুটিতে ক্যালিফোর্নিয়া গিয়েছেন। ইংরেজী বিভাগের শ্রীনিরুপম চট্টোপাধ্যায় এবং শ্রীতীর্থংকর বসু উচ্চতর শিক্ষার জন্য অক্সফোর্ড যাত্রা করেছেন। এ বিভাগের শ্রীশৈলেনকুমার সেন দার্জিলিং কলেজের অধ্যক্ষরূপে নিযুক্ত হয়েছেন। রসায়ন বিভাগের ডক্টর এস. সি. সোম টেডিংটন ন্যাশনাল ল্যাবরেটরিতে গবেষণার উদ্দেশ্যে যাত্রা করেছেন। ভূগোল বিভাগের শ্রীঅমিয়ভূষণ চট্টোপাধ্যায় লণ্ডন বিশ্ববিদ্যালয়ের পি-এইচ. ডি উপাধি লাভ করেছেন।

ইতিহাস বিভাগের ডক্টর অমলেশ ত্রিপাঠী লণ্ডন প্রাচ্য ও আফ্রিকা বিদ্যাকেন্দ্র কর্তৃক আধুনিক ভারতীয় ইতিহাসে গবেষণা করবার জন্য আমন্ত্রিত হয়ে গিয়েছিলেন। জেনেভা ও মিউনিকে অনুষ্ঠিত সোভিয়েট ইতিহাস বিষয়ক সেমিনারেও তিনি আহূত হয়েছিলেন। ইতিহাস বিভাগের শ্রীদিলীপকুমার বিশ্বাসকে কলিকাতা বিশ্ববিদ্যালয় 'বিদ্যাসাগর বক্তৃতা' দেবার জন্য আমন্ত্রণ করেছেন।

ডক্টর শিবতোষ মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে গবেষণা ক'রে শ্রীবংশীধর হাজরা, শ্রীবঙ্কুবিহারী গাঙ্গুলী, শ্রীসোমেশ সান্যাল ডি. ফিল উপাধি লাভ করেছেন। শারীরতত্ত্ব বিভাগের শ্রীরবীন্দ্রনাথ সেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডি. এস-সি উপাধি অর্জন করেছেন। রসায়ন বিভাগে কাজ ক'রে শ্রীঅরুণশঙ্কর বসু ঐ বিশ্ববিদ্যালয়ের ডি. ফিল উপাধি পেয়েছেন। উদ্ভিদতত্ত্ব বিভাগের শ্রীঅশোক কর যুক্তরাষ্ট্রেরই লিনয় বিশ্ববিদ্যালয়ের পি-এইচ. ডি অর্জন ক'রে ফিরে এসেছেন। ঐ বিভাগেরই শ্রীঅশোক সিংহ কমনওয়েলথ বৃত্তি নিয়ে বিদেশ যাত্রা করেছেন।

বিভিন্ন বিভাগে বিভিন্ন অধ্যাপকের তত্ত্বাবধানে গবেষণা অব্যাহত আছে। রসায়ন বিভাগে পনর জন কাজ করছেন। কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যাণ্ড ইণ্ডাস্ট্রিয়াল রিসার্চ এবং পশ্চিমবঙ্গ ও কেন্দ্রীয় সরকারও বিভিন্ন বিভাগে একাধিক গবেষণার পরিকল্পনা অনুমোদন করেছেন। রসায়ন বিভাগের শ্রীমতী ইলা মুখোপাধ্যায় সর্ব-ভারতীয় প্রতিযোগিতায় বিজয়িনী হয়ে ইউ. জি. সি. ফেলোশিপ লাভ করেছেন।

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের সুপ্রচুর ব্যবস্থা আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের এই ভ্রমণের প্রয়োজনীয়তা বেশি। এর দ্বারা ছাত্রদের মধ্যে আপন আপন বিষয়ের প্রতি কৌতূহলের সঞ্চার হয় এবং কলেজীয় শিক্ষা যথাসাধ্য সম্পূর্ণ হয়। ভূতত্ত্ব, উদ্ভিদতত্ত্ব, ভূগোলে শিক্ষাদানের অঙ্গ হিসাবেই বাৎসরিক বহির্যাত্রার ব্যবস্থা করা হয়ে থাকে।

ভূতত্ত্ব বিভাগ থেকে এবার কয়েকটি যাত্রার ব্যবস্থা হয়েছিল। মাদ্রাজ, সালেম, ত্রিচিনাপল্লী, চাইবাসা, সিংভূমের অন্তর্গত কুদাদা প্রভৃতি অঞ্চলে ভ্রমণ পরিচালিত হয়েছিল। প্রাণিতত্ত্ব বিভাগ থেকেও মাদ্রাজ, মহাবলীপুরম্ এবং বোম্বাইতে ছাত্ররা গিয়েছে। সংখ্যাতত্ত্ব বিভাগ থেকে এবার তিনটি ভ্রমণের ব্যবস্থা হয়। স্টেট স্ট্যাটিসটিক্যাল ব্যুরো, ইণ্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট এবং নতুন দিল্লীতে সেণ্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশন এবং ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল রিসার্চ স্ট্যাটিসটিকস—এই চারিটি স্থল পরিদর্শন করা হয়। ভূগোল বিভাগের ছাত্ররা গিয়েছিল গুজরাট, কচ্ছ এবং রাজপুতানা। আর-এক দল গিয়েছিল সিকিম-তিব্বত সীমান্তে। তারা ফেরবার পথে জলঢাকা হাইডেল প্রোজেক্ট দেখে আসে।

উদ্ভিদতত্ত্ব বিভাগ থেকে এ বছর কুড়িটি নিকট-ভ্রমণে এবং দু'টি দূর-ভ্রমণে ছাত্রদের নিয়ে যাওয়া হয়েছে। এ ছাড়া আরও একটি দূর-ভ্রমণের সঙ্কল্প আছে।

বিভিন্ন বিভাগের সেমিনারে সারা বছরই সুপরিচিত পণ্ডিতদের দিয়ে বক্তৃতা দেওয়ানো হয়ে থাকে। ছাত্ররা নিজেরাও এখানে আলোচনা ক'রে থাকে। দর্শন বিভাগের সেমিনারে আমেরিকার টাকটস বিশ্ব-বিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক ডক্টর জর্জ. বি. চার্চ. বক্তৃতা দেন ২৮এ এপ্রিল। ২১এ এপ্রিল বোস্টন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কর্টোচি বিভাগীয় অধ্যাপকদের সঙ্গে দর্শন বিষয়ে দীর্ঘ আলোচনা করেন। হিরোসিমা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক য়ুনোকুরা এবং শিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বেরি ভূগোল সেমিনারে বক্তৃতা দেন।

সমগ্রভাবে কলেজের পুনর্মিলন উৎসব ছাড়াও কোন কোন বিভাগ এ রকম উৎসবের অনুষ্ঠান ক'রে থাকে। এই উপলক্ষে নাট্যাভিনয়, শখের ক্রীড়া-প্রতিযোগিতা এবং বিতর্কের ব্যবস্থা হয়ে থাকে। অনেক বিভাগই নিজেদের পৃথক পৃথক পত্রিকা প্রকাশ ক'রে থাকে।

গ্রন্থাগার

১৯৬১ সালের ৩০এ নবেম্বর পর্যন্ত গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা ছিল ৮৯,১৭২ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৩,৪৩৪। ১৯৬০-৬১ সালে কেনা বই ও পত্রিকার সংখ্যা যথাক্রমে ২,১৬২ এবং ২১৬। এর জন্য মোট খরচের পরিমাণ ৭০,৭২৪·৬১ টাকা। এ ছাড়া আলোচ্য বর্ষে ২০৭খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহারস্বরূপ পাওয়া গিয়েছে। আলোচ্য বর্ষে যেসব অতিরিক্ত বরাদ্দ বই কেনবার জন্য গভর্নমেণ্টের কাছ থেকে পাওয়া গেছে তা কেবল বিজ্ঞান, অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের জন্য। অন্যান্য বিষয়ের জন্য অতিরিক্ত কিছু পাওয়া যায় নি। আলোচ্য বর্ষে বরাদ্দ ১৫,০০০ টাকায় ৫,১২৫খানি বই ও পত্রিকা বাঁধানো হয়েছে। ১৯৬১-৬২ সালের বই বাঁধানোর কাজ চলছে। উক্ত বছরে বই বাঁধানোর জন্য ১৮,০০০ টাকা বরাদ্দ হয়েছে। এই কলেজের প্রাক্তন ছাত্র ডক্টর কনকভূষণ মুখোপাধ্যায় রসায়ন ও পদার্থবিদ্যার বই কেনার জন্য ৫০০ টাকা দান করেছেন। দ্বাদশবর্ষব্যাপী আবেদন-নিবেদনের পর অবশেষে গভর্নমেণ্টের কাছ থেকে একটি নতুন টাইপরাইটার পাওয়া গেছে।

১৯৬০-৬১ সালে মোট ৯৩,২৪১খানি বই ব্যবহৃত হয়েছে। তার মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৩৫,৪৩৪খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্য ৩,১৬৭খানি।

'থ্রি-ইয়ার ডিগ্রী কোর্স', 'প্রি-ইউনিভার্সিটি' ও 'প্রি-মেডিক্যাল' ক্লাস এই কলেজে শুরু হওয়ায় ছাত্রছাত্রীর সংখ্যা প্রচুর বেড়ে গিয়েছে। অবিলম্বে অতিরিক্ত কর্মী নিয়োগের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করা হয়েছে; এখনও কোন ফল হয় নি।

পাঠকপাঠিকাদের অধ্যয়নের সুবিধার্থে সকাল, সন্ধ্যায় ও ছুটির দিনে গ্রন্থাগার খোলা রাখার জন্য কর্তৃপক্ষের নিকট অতিরিক্ত কর্মচারী এবং বই, আলমারি ও সেল্‌ফ ঝাড়পোঁছ করার জন্য দু'টি ফরাশ গত নয় বছর ধ'রে চাওয়া হচ্ছে; এখনও পর্যন্ত কোন ফল হয় নি। এ ছাড়া গ্রন্থাগারে ক্রমবর্ধমান কাজের সুবিধার জন্য কয়েকটি অতিরিক্ত কর্মচারী (যেমন উপগ্রন্থাগারিক, অতিরিক্ত তালিকা-প্রণেতা, অতিরিক্ত সহকারী গ্রন্থাগারিক, অতিরিক্ত বেয়ারা, দ্বার-রক্ষক ইত্যাদি) চাওয়া হয়েছে। এ বিষয়ে এখনও কোনও ফলাফল জানা যায় নি। ইউনিভার্সিটি গ্র্যাণ্টস কমিশন-এর সম্প্রতি অনুমোদিত বেতন-হারের পরিপ্রেক্ষিতে গ্রন্থাগার কর্মীদের বেতনহার নির্ধারণ করার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করা হয়েছে—ফলাফল এখনও জানা যায় নি। অস্থায়ী তালিকা-প্রণেতার পদটি অবিলম্বে স্থায়ী করার বিশেষ প্রয়োজন। এ বিষয়ে কর্তৃপক্ষের সঙ্গে পত্র বিনিময় হচ্ছে।

অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে বিভাগীয় গ্রন্থাগার চালু করার জন্য অস্থায়িভাবে একটি সহকারী গ্রন্থাগারিক ও একটি বেয়ারার পদ এ বছরে (১৯৬১-৬২) মঞ্জুর করা হয়েছে। ঐ গ্রন্থাগারের বই-আলমারি কেনার জন্য যথাক্রমে ১৫,০০০ টাকা ও ২০,০০০ টাকা পাওয়া গিয়েছে। গ্রন্থাগারে বই রাখার গুরুতর স্থানাভাব পূর্ববৎ।

ছাত্রসংসদের সভাপতি ডক্টর অতুলচন্দ্র গুপ্ত এবং অন্যতম প্রাচীন সদস্য চারুচন্দ্র ভট্টাচার্য এ বৎসর পরলোকগমন করেছেন। শুধু প্রেসিডেন্সি কলেজ ছাত্রসংসদে নয়, দেশের বৃহত্তর সাংস্কৃতিক জগতে তাঁদের মৃত্যু শূন্যতার সৃষ্টি করল। সংসদ এবার শততম রবীন্দ্রজন্মোৎসব পালন করেছে। এই উপলক্ষে ১৬ই সেপ্টেম্বর শ্রীঅর্ধেন্দ্রকুমার গঙ্গোপাধ্যায়, ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, শ্রীহিরণ্ময় বন্দ্যোপাধ্যায় এবং ডক্টর হরপ্রসাদ মিত্র রবীন্দ্র-প্রতিভার নানা দিক নিয়ে আলোচনা করেন। ৩০এ সেপ্টেম্বর নেতাজী সুভাষ ইনস্টিটিউট-এ সংসদ-সদস্যরা রবীন্দ্রনাথের 'চিরকুমার সভা' অভিনয় করেন। ৩রা ডিসেম্বর শ্রীসৌম্যেন্দ্রনাথ ঠাকুর 'গানে রবীন্দ্রনাথের জীবনতত্ত্ব' এই সম্পর্কে একটি ভাষণ দেন। বক্তৃতার সঙ্গে গান করেন বৈতানিকগোষ্ঠী। ১০ই ডিসেম্বর বেলুড়ে একটি উদ্যান সম্মিলনীর অনুষ্ঠান হয়। ইংরেজীতে পর পর দু'টি বাৎসরিক পত্রিকা প্রকাশিত হয়েছে; রবীন্দ্রসংখ্যাটি গত পূজার ছুটির আগেই প্রকাশিত হয়। কলেজের দুঃস্থ ছাত্রদের সাহায্যকল্পে কয়েকজন সভ্য সংসদে কিছু অর্থ দিয়েছেন।

পরিশেষে, এ বছরের একটি উল্লেখযোগ্য পরিবর্তন এই যে, রাষ্ট্রবিজ্ঞান এবং অর্থনীতি দু'টি স্বতন্ত্র বিভাগে পরিণত হয়েছে। প্রথমোক্ত বিভাগে শ্রীউপেন্দ্রনাথ ঘোষাল এবং শেষোক্ত বিভাগে শ্রীভবতোষ দত্ত প্রধান অধ্যাপক পদে অধিষ্ঠিত। কলেজে যথারীতি ত্রিবর্ষব্যাপী স্নাতক-শিক্ষা, প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান শ্রেণী এবং প্রাক্-চিকিৎসা শিক্ষণ চলেছে। বিভিন্ন বিভাগে অধ্যাপকদের শূন্য পদগুলি অবিলম্বে পূরণ করা দরকার। কর্মভার বহু পরিমাণে বেড়েছে, প্রতিদিনের সাধারণ পঠন-পাঠনের পক্ষে বাঞ্ছিত স্থানের সমূহ সঙ্কোচ অনুভব করা যাচ্ছে।

ইংরেজী সেমিনার

ইংরেজী সেমিনারের কার্যাবলী কিছুটা সীমাবদ্ধ। সেমিনার লাইব্রেরী থেকে আমাদের ছাত্র-ছাত্রীদের হাতে বই পৌঁছে দেবার কাজ ভাল ভাবেই এগিয়ে চলেছে। মাঝে মাঝে অবশ্য সেমিনার ঘরটিতে অসময়ে ক্লাস হওয়ার দরুন কিছুটা অসুবিধা বোধ করতে হয়েছে। ছাত্র-ছাত্রীদের সুবিধার দিকে দৃষ্টি রেখে লাইব্রেরী থেকে বই দেওয়ার পদ্ধতির কিছুটা পরিবর্তন করা হয়েছে। তা ছাড়া, বইগুলি পৃথক পৃথক section অনুযায়ী সাজিয়ে রাখার ফলে এখন আর আগেকার মত অসুবিধার সম্মুখীন হতে হয় না।

মিস বসুর বিশেষ তত্ত্বাবধানে এই বছর আমাদের পক্ষে "প্লে-রিডিং" এর ব্যবস্থা করা সম্ভব হয়েছিল। উৎসাহী দর্শকবৃন্দের সম্মুখে কয়েকটি বিখ্যাত নাটক হইতে কয়েকটি দৃশ্য সাফল্যের সাথে অভিনয় করা হয়েছিল। আশা করা যাচ্ছে যে ভবিষ্যতেও এই ব্যবস্থা আমরা সাফল্যের সাথে চালিয়ে যেতে পারব।

কলেজের প্রাক্তন ছাত্রী ও বর্ত্তমানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা জ্যোৎস্না ভট্টাচার্যের সুইনবার্নের "Atalanta in Calydon"এর উপর এক সারগর্ভ আলোচনা শুনতে যে ছাত্রছাত্রীর সমাবেশ হয় তাতে মনে হয় বর্তমান সাহিত্যের ছাত্রছাত্রীরা সুইনবার্নের প্রতি আগ্রহশীল। এরকম আলোচনার প্রয়োজনীয়তা ও উপকারিতা সুপ্রচুর।

গৌতম চক্রবর্তী
সম্পাদক, ইংরেজী সেমিনার

রাজনীতি সেমিনার

এই সেমিনার ছাত্রবৃন্দের দ্বারা সংগঠিত এবং ইহার কার্য্যসূচিও ছাত্রবৃন্দের দ্বারাই পরিচালিত হয়। এর কার্য্যধারা বহুমুখী। একদিকে সেমিনার লাইব্রেরী, অপরদিকে আলোচনাচক্র, বিতর্কসভা, নবাগত ছাত্র-ছাত্রীবৃন্দকে সংবর্ধনা ইত্যাদি পরিচালনা করে।

এই সেমিনারের উল্লেখনীয় দিক হচ্ছে—এর মাধ্যমে ছাত্ররা তাদের মতামত প্রকাশ করে। আমরা

দুইটি আলোচনাচক্র এবং কয়েকটি অনুষ্ঠানের আয়োজন করি ও শেষের দিকে আরও কয়েকটি করবার আশা রাখি। আমাদের প্রত্যেকটি প্রচেষ্টায় অধ্যাপকবৃন্দের সক্রিয় সহযোগিতা পেয়েছি। বিশেষ ক'রে বিভাগীয় প্রধান—শ্রীঘোষাল, আমাদের প্রয়োজনে তাঁর অকুণ্ঠ সাহায্য পেয়েছি। আমি ব্যক্তিগতভাবে তাঁকে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।

ছাত্রবন্ধুরা সেমিনারের ভার আমাকে দিয়ে অপরিশোধ্য ঋণে আবদ্ধ করেছেন। আমি বলতে পারি না যে কতখানি কর্তব্য আমি পালন করেছি। সবশেষে আমি তাদের কাছে বিরুদ্ধ সমালোচনার পরিবর্তে আরও বেশি সহযোগিতা আশাই করি। ইতি—

বিষ্ণুপদ উকিল
সম্পাদক, পলিটিক্যাল সায়েন্স সেমিনার

ইংরেজী অনার্স লাইব্রেরী

ইংরেজী অনার্স লাইব্রেরীর ভার আমার হাতে এসেছে এ বছরের ফেব্রুয়ারীর শেষের দিকে। বিবরণী দিতে হচ্ছে জুলাই মাসে। তার মধ্যে আবার দু'মাস গরমের ছুটি গেছে। তাই কাজ করার সময় পেয়েছি মাত্র দু'মাস, আড়াই মাস। বিভিন্ন বার্ষিক ছাত্রছাত্রীর কাছ থেকে বাকী চাঁদা মোটামুটি সংগ্রহ করেছি। এ প্রসঙ্গে একটা কথা বলা দরকার। নিয়মিত চাঁদা দেওয়া এবং সময়ে বই ফেরত দেওয়া ব্যাপারে ছাত্রছাত্রীদের ঔদাসীন্য খুবই দুঃখজনক। তাঁদের পূর্ণ সহযোগিতা ছাড়া সুষ্ঠুভাবে কাজ চালানো প্রায় অসম্ভব।

কয়েকখানি নতুন বই কিনেছি, আরও কেনবার জন্য চেষ্টা করছি। ডিগ্রী কোর্সের ছাত্রছাত্রীদের উপযোগী বই কেনা বিশেষ প্রয়োজন। এ সম্বন্ধে অধ্যাপক শ্রীঅরুণকুমার দাশগুপ্তের উপদেশ অনুসারে কাজ করছি। আগামী কয়েকদিনের মধ্যেই আরও কয়েকটি বই কিনতে পারব বলে আশা করি।

প্রাচীরপত্র 'Mural Muse'-এর নতুন সংখ্যা প্রকাশের কাজ ইতিমধ্যে অনেকটা এগিয়ে গেছে। লেখা সংগৃহীত হয়েছে। কলেজ ম্যাগাজিনে আমার এ বিবরণী প্রকাশিত হবার আগেই আমরা প্রাচীরপত্র প্রকাশ করছি।

গত ফেব্রুয়ারী মাসে চতুর্থ বার্ষিক ছাত্রছাত্রীদের বিদায় অভিনন্দন জানানো হয়েছে। এই অনুষ্ঠানে বিভিন্ন বার্ষিক ছাত্রছাত্রীদের পরিপূর্ণ সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ রইল।

পীযূষ বন্দ্যোপাধ্যায়
সম্পাদক, ইংরেজী অনার্স লাইব্রেরী

ইতিহাস সেমিনার

এই বিভাগের সেমিনারের বিশেষ উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ উপস্থিত করতে না পারার জন্য দুঃখিত। নানা কারণে আমাদের পূর্বপরিকল্পিত কাজগুলির বাস্তবে রূপ দেওয়া সম্ভব হয় নি।

ইতিহাস বিভাগের প্রধান ডঃ অমলেশ ত্রিপাঠী মহাশয় সম্প্রতি ইংলণ্ড থেকে দেশে ফিরে এসেছেন। তাঁর অনুপস্থিতিতে ডঃ অসীম দাসগুপ্ত মহাশয় কিছুদিনের জন্য বিশেষ নৈপুণ্যের সঙ্গে কাজ চালিয়েছিলেন।

১৯৬০ সালের ছাত্রছাত্রীদের জন্য একটি বিদায়-অনুষ্ঠান করা হয়েছিল। আশা করা যায় যে নবাগত ছাত্রছাত্রীদের অভ্যর্থনা, আনুষ্ঠানিকভাবে, ভাল করেই করা হবে।

আমাদের একটি ঐতিহাসিক ভ্রমণের প্রস্তাবনা ছিল, কিন্তু শেষ পর্যন্ত কার্যত তা বর্জন করতে হল, তার প্রধান কারণ প্রয়োজনীয় অর্থের অভাব এবং উৎসাহেরও অভাব।

অনিরুদ্ধ মোসলা
সম্পাদক, ইতিহাস সেমিনার

অর্থনীতি সেমিনার

বর্তমানে আমাদের বিভাগের যে প্রচুর জায়গা ও সুন্দর ব্যবস্থা তা' আমরা পেয়েছিলাম দুই বৎসর আগে। আর এই বৎসর ১৯৬২ সালে পেলাম আমাদের নিজস্ব বিভাগীয় গ্রন্থাগার। এইটিই আমাদের কলেজে একমাত্র বিভাগীয় গ্রন্থাগার। গত ফেব্রুয়ারী মাসে আমরা আমাদের পরীক্ষার্থী চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বিদায়-সম্ভাষণ জানাই। এর কিছু পরেই ডঃ তাপস মজুমদারকে তাঁর 'London School of Economics'-এ যাওয়ার প্রাক্কালে এক ঘরোয়া আন্তরিক অনুষ্ঠানে অভিনন্দিত করা হয়। গ্রীষ্মের ছুটির আগে আমরা দুইজন খ্যাতনামা অর্থনীতিবিদ্ Prof. Rosen এবং Prof. Harberger-এর বক্তৃতা শোনার সৌভাগ্য লাভ করেছিলাম। আর একটি অনুষ্ঠানে অধ্যাপক ইউ. এন. ঘোষালের সভাপতিত্বে চতুর্থ বার্ষিক শ্রেণীর ছাত্র শ্রীঅনিমেষ ঘোষাল 'সার্বভৌমত্ব' সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন।

আমাদের আগামী কার্যাবলীর মধ্যে রয়েছে প্রথম বার্ষিক শ্রেণীর নবাগতদের স্বাগত সম্ভাষণ জানান। এবং তার পরেই সপ্তাহব্যাপী 'পরিকল্পনা-সপ্তাহ' উদ্‌যাপন যার কর্মসূচীর মধ্যে রয়েছে প্রবন্ধ প্রতিযোগিতা, প্রদর্শনী বিতর্ক সভা এবং সারগর্ভ বক্তৃতাবলীর আয়োজন করা।

বিশ্বজিৎ দাস
সম্পাদক, অর্থনীতি সেমিনার

ভূগোল সেমিনার

অন্যান্য বৎসরের ন্যায় এবারও কলেজের ভূ-জ্ঞান পরিষদের কার্যকরী সমিতি বিভিন্ন ছাত্র এবং শিক্ষক নিয়েই গঠন করা হয়েছে। বর্তমান সম্পাদকের কার্যকালীন তিনটি সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছিল। গত ৩রা মার্চ, ১৯৬২ সাল তারিখে পরিষদের একাদশ বার্ষিক পুনর্মিলন উৎসব ভূ-জ্ঞান বিভাগেই অনুষ্ঠিত হয়েছিল। সভাপতির পদ অলঙ্কৃত করেন বিভাগীয় অধ্যক্ষ শ্রীনিশীথরঞ্জন কর। সভাশেষে অভ্যাগতদের জলযোগে আপ্যায়ন করা হয়। পরিশেষে সভায় চলচ্চিত্র প্রদর্শনীরও ব্যবস্থা হয়েছিল।

গত ৪ঠা সেপ্টেম্বর তারিখে Indian Geological Survey-এর শ্রী এ. কে. সেন Slide এবং Specimen নিয়ে পরিষদকক্ষে বক্তৃতা করেন। তাঁর বক্তৃতার বিষয়বস্তু ছিল "Phenomenal Aspects in Desert Region of Rajputana." গত ১৪ই ডিসেম্বর তারিখে পরিষদে চিকাগো-বিশ্ববিদ্যালয়-আগত অধ্যাপক বেরী সাহেবের আগমন ঘটে। তিনি প্রাঞ্জল ভাষায় Central Place Theory ব্যাখ্যা করেন। এই স্বল্প সময়ে পরিষদে অনুষ্ঠিত সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হলো ২৩শে ডিসেম্বর তারিখে Moscow বিশ্ব-বিদ্যালয়ের Geography-এর Faculty অধ্যাপক A. M. Riavchikov-এর আগমন। তাঁকে পরিষদকক্ষে চা-এর বৈঠকে আমন্ত্রণ জানান হয়। সেদিন কলেজের অধ্যক্ষ ডঃ সনৎকুমার বসু এবং অন্যান্য বিভাগের বহু অধ্যাপক উপস্থিত ছিলেন।

পরিভ্রমণ

প্রতি বৎসরের মত এবারও ভূ-জ্ঞান বিভাগ থেকে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় শিক্ষামূলক পরিভ্রমণ হয়। গত অক্টোবরে দুটি পরিভ্রমণ সংঘটিত হয়। প্রথমটিতে ডক্টর নিশীথরঞ্জন কর এবং ডক্টর সত্যেশচন্দ্র চক্রবর্তীর পরিচালনায় তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীগণ পূর্ব-হিমালয়ে জলঢাকা উপত্যকা, গ্যাংটক, নাথুলা ইত্যাদি অঞ্চল পরিদর্শন করেন। আর দ্বিতীয়টিতে চতুর্থ এবং দ্বিতীয় বর্ষের ছাত্রছাত্রীরা অধ্যাপক তরুণবিকাশ লাহিড়ী এবং অধ্যাপক নির্মল চট্টোপাধ্যায়ের তত্ত্বাবধানে রাজস্থান, সৌরাষ্ট্র প্রভৃতি আঞ্চলিক ভৌগোলিক বৃত্তান্ত আহরণে

ব্রতী হন। গত ১৮ই জানুয়ারী তারিখে তৃতীয় এবং প্রথম বর্ষের ছাত্রছাত্রীগণ মোটরবাসযোগে বসিরহাট, হাসনাবাদ-টাকী প্রভৃতি অঞ্চলে যান। গত ২১শে মে তারিখে তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীগণ সিমলা প্রভৃতি পশ্চিম হিমালয় অঞ্চলে গমন করেন। সেইসময় সিমলায় অনুষ্ঠিত All India Geographical Society-এর Summer School-এ ভূ-জ্ঞান বিভাগের প্রধান অধ্যাপক ডক্টর নিশীথরঞ্জন কর প্রতিনিধিত্ব করেন।

পাঠাগার

ভূ-জ্ঞান পরিষদের পাঠাগারের পুস্তকসংখ্যা বর্তমানে প্রায় ১৫০০। দেশ-বিদেশের অনেক journal আমাদের পরিষদের পাঠাগারে নেওয়া হয়ে থাকে। পরিষদীয় পাঠাগার বর্তমানে এই কলেজের সেমিনার লাইব্রেরীগুলির মধ্যে শ্রেষ্ঠ একথা নিঃসন্দেহে বলা চলে। এই প্রশংসনীয় উন্নতির জন্য পরিষদ বিভাগীয় ভারপ্রাপ্ত অধ্যাপক শ্রীতরুণবিকাশ লাহিড়ীর নিকট বিশেষভাবে ঋণী। ভূ-জ্ঞান বিভাগের পাঠাগারে পাঠ্যপুস্তক ব্যতীত বিবিধ জ্ঞানগর্ভ এবং গবেষণামূলক প্রচুর পুস্তকের সমাবেশ ঘটেছে।

গত আগষ্ট মাসে ভূ-জ্ঞান বিভাগের অধ্যাপক শ্রীঅমিয়ভূষণ চট্টোপাধ্যায় লণ্ডনে উচ্চতর শিক্ষালাভ ক'রে কলেজে এসে যোগ দেন। পরিষদের সবচেয়ে বেদনাদায়ক সংবাদ হল এই যে পরিষদ তার সর্বজনপ্রিয় অধ্যাপক শ্রীতরুণবিকাশ লাহিড়ীকে হারিয়েছে। অবশ্য পরিবর্তে আমরা পেয়েছি তরুণ অধ্যাপক শ্রীমৃণালকান্তি দত্তকে।

পরিষদের প্রতিটি কাজে ছাত্রবন্ধুদের এবং অধ্যাপকমণ্ডলীর কাছ থেকে যে উপদেশ এবং সহৃদয়তাপূর্ণ আচরণ পেয়েছি তার তুলনা মেলে না। বিশেষ ক'রে বিভাগীয় প্রধান শ্রীনিশীথরঞ্জন করের নিকট পরিষদ বিশেষভাবে ঋণী।

গণেশপ্রসাদ চক্রবর্তী
সম্পাদক, ভূ-জ্ঞান বিভাগ

ভূবিদ্যা সেমিনার

১৯৬০/৬১ সালের ভূ-জ্ঞান পরিষদের পরিচালনা সমিতি এঁদের নিয়ে গঠিত হয়—

সভাপতি—ডক্টর নিশীথরঞ্জন কর
সহ-সভাপতি—ডক্টর সত্যেশ চক্রবর্তী
কোষাধ্যক্ষ—ডক্টর সত্যেশ চক্রবর্তী
সহ-কোষাধ্যক্ষ—সুমিত্রকুমার সেনগুপ্ত
গ্রন্থাগারিক—অধ্যাপক তরুণবিকাশ লাহিড়ী
সহ-গ্রন্থাগারিক—ইন্দিরা গঙ্গোপাধ্যায়
সম্পাদক—অভিজিৎ গুপ্ত
সহ-সম্পাদক—সোমনাথ বন্দ্যোপাধ্যায়
অসীম দাশগুপ্ত

আলোকচিত্র প্রদর্শনীর (Photo Corner) ভার গ্রহণ করেন রত্না সেন ও প্রদীপ ঘোষ এবং প্রাচীর পত্রিকার সম্পাদনাভার অরবিন্দ বিশ্বাস ও মৃদুলবন্ধু নিয়োগীর উপর ন্যস্ত হয়।

২২শে ডিসেম্বর ১৯৬০ তারিখে আমাদের দশম বার্ষিক পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হয়। সভায় ডক্টর নিশীথরঞ্জন কর সভাপতির আসন গ্রহণ করেন। এই সভায় German-Indian Association-এর সৌজন্যে প্রাপ্ত "The Conquest of Nanga Parbat" চলচ্চিত্র প্রদর্শিত হয়। এ বছর বিভিন্ন সভায় নিম্নলিখিত বিষয়গুলি আলোচনা করা হয় : (পাশে প্রধান বক্তাদের নাম দিলাম)

1. The Study of Rocks and Minerals By Dr. A. K. Banerjee (Geology Dept.)
2. The Geological Evolution of Peninsular India By Dr. A. K. Saha (Geology Dept.)
3. Recent Excursion in the Western Himalayas and the Kulu Valley By Dr. N. R. Kar.
4. Recent Excursion : Jabalpur, Rihand and Giridih. By Sri T. Lahiri.
5. Settlements in Japan By Dr. J. Yonokura (University of Hiroshima).
6. Geographical Aspects of Arid Research. By Sri A. K. Sen (Arid Zone Research Institute, Jodhpur).
7. Excursion in Saurastra and Western Rajputana By Avijit Gupta.
8. Studies in Central Place Theory By Dr. J. L. Berry. (Universityof Chicago).

এই বক্তৃতাগুলির প্রায় প্রত্যেকটিতেই রঙিন চলচ্চিত্র ও Slides প্রদর্শনের ব্যবস্থা ছিল। এ বিষয়ে আমাদের বিভাগীয় বিশেষজ্ঞ শ্রীগোপাল রায়কে আমি বিশেষভাবে ধন্যবাদ জানাই।

১৯৬১ সালে অনুষ্ঠিত একটি সভায় Alliance Francoise de Calcutta-র সৌজন্যে প্রাপ্ত ভূ-জ্ঞান-বিষয়ক ফরাসী ডকুমেণ্টারী কয়েকটি চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

১৯৬০ সালে অধ্যাপক বিমলেন্দু ভট্টাচার্যের যুক্তরাজ্যে যাত্রার প্রাক্কালে ১৪ সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিত একটি বিশেষ সভায় তাঁকে বিদায় সংবর্ধনা জানান হয়। এ বছর আমরা ডক্টর অমিয়ভূষণ চট্টোপাধ্যায়কে আমাদের বিভাগে পেয়েছি। তিনি যুক্তরাজ্যে তাঁর উচ্চতর গবেষণার কাজ শেষ ক'রে আবার আমাদের বিভাগে যোগ দিয়েছেন।

১৯৬১ সালের একটি বিশেষ সভায় পরিষদে নবাগত ছাত্রছাত্রীদের অভ্যর্থনা জানান হয়। এই উপলক্ষে পরিষদের প্রাক্তন পরিভ্রমণগুলির কিছু কিছু চলচ্চিত্রের সাহায্যে দেখান হয়েছিল।

পরিভ্রমণ—১৯৬০-৬১ সালে পাঁচটি পরিভ্রমণ অনুষ্ঠিত হয়। ১৯৬০ সালের শারদীয় ছুটিতে চতুর্থ বর্ষের ছাত্রেরা ডক্টর করের পরিচালনায় পশ্চিমহিমালয়, কাংড়া ও কুলু উপত্যকায় ভ্রমণ করেন। ঐ সময়ে তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীরা অধ্যাপক লাহিড়ী ও অধ্যাপক নির্মলচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিচালনায় জব্বলপুর, রিহান্দ ও গিরিডি পরিভ্রমণে ব্যাপৃত ছিলেন।

১৯৬১ সালের শারদীয় ছুটিতে একদল সৌরাষ্ট্র ও পশ্চিম রাজপুতানা অঞ্চলে যাত্রা করেন। অন্য একটি দলের গন্তব্যস্থান ছিল পূর্বহিমালয়। তাঁরা ফেরার পথে জলঢাকা হাইডেল প্রোজেক্ট দেখে আসেন।

অধ্যাপক লাহিড়ী ও অধ্যাপক নির্মলচন্দ্র চট্টোপাধ্যায় প্রথমটি এবং ডক্টর কর ও ডক্টর সত্যেশ চক্রবর্তী দ্বিতীয়টি পরিচালনা করেন।

এ ছাড়া বারুইপুর অঞ্চলে একটি শিক্ষামূলক পরিভ্রমণ হয়েছিল। এটিতে ডক্টর কর, অধ্যাপক লাহিড়ী ও চতুর্থ বর্ষের ছাত্রছাত্রীরা যোগদান করেন।

এ ছাড়া দ্বিতীয় বর্ষের ছাত্রদের নিয়ে আরও একটি পরিভ্রমণ অনুষ্ঠিত হয়।

ভূ-জ্ঞান পরিষদের পক্ষ থেকে দুটি প্রাচীর-পত্রিকা ('পরিক্রমা' ও 'Traverse') বার করা হয়। এ ছাড়া মধ্যে মধ্যে আলোকচিত্র প্রদর্শনীর ব্যবস্থাও করা হয়ে থাকে, তবে এ দুটি বিষয়ে আরও উন্নতির যথেষ্ট প্রয়োজন রয়েছে।

পরিষদের প্রধান গর্বের বিষয় তার পাঠাগার। ভারতবর্ষ এবং বিদেশের সবক'টি প্রয়োজনীয় জার্নালে আমাদের পাঠাগার সমৃদ্ধ। বইগুলির প্রাচুর্য এবং সুব্যবস্থার জন্য বিভাগের প্রতিটি ছাত্রছাত্রী অধ্যাপক শ্রীতরুণবিকাশ লাহিড়ী মহাশয়ের কাছে ঋণী।

পরিষদের সম্পাদক হিসাবে কাজ করবার সময় সকল সদস্যের কাছ থেকে সহযোগিতা পেয়েছি। তাঁদের মধ্যে অরবিন্দ বিশ্বাস, সুমিত্র সেনগুপ্ত ও গণেশ চক্রবর্তীর কথা বিশেষ ক'রে উল্লেখ করতে হয়।

প্রতিটি কাজে আমাদের অধ্যাপকদের কাছ থেকে উপদেশ, প্রেরণা ও সহানুভূতি পেয়েছি। তাঁদের পরিষদের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

অভিজিৎ গুপ্ত
সম্পাদক, ভূ-জ্ঞান পরিষদ

উদ্ভিদবিদ্যা সেমিনার

উদ্ভিদবিদ্যা সংক্রান্ত সেমিনারে পোস্ট-গ্র্যাজুয়েট ক্লাসের ছাত্রছাত্রীরা ও শিক্ষকেরা যোগদান করতে পারেন। ১৯৬০-৬১ সালে এই বিভাগের বইএর সংখ্যা শতকরা ১৯ ভাগ বেশী হয়েছে। এবং আশা করা যায় যে, এই বছরে আরও অনেক বেশী বই সংগ্রহ করা যাবে।

এই বিভাগের সভ্যেরা, "Improved Method of Crop Productivity" সম্বলিত ফিল্ম প্রদর্শনীর জন্য ও "Metabolism of the Dreaded Vibrio Chlora" বিষয়ে আলোচনার জন্য আগ্রহসহকারে অপেক্ষা করে আছেন। এই আলোচনাটি উত্থাপন করবেন Indian Institute of Biochemistry & Applied Medicineএর একজন রিসার্চ-কর্মী।

অশোক মুখার্জী
সহ-সম্পাদক

শারীরবিদ্যা বিভাগ

এই সংসদের প্রথম অনুষ্ঠান বিভাগীয় প্রধান ডক্টর মুখার্জীর সভাপতিত্বে, ১৯৬১ সালের ৩০শে আগস্ট অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে আমরা ষষ্ঠ বর্ষের ছাত্রছাত্রীবৃন্দকে বিদায় অভিনন্দন ও নবাগতদের স্বাগত সংবর্ধনা জানাই। একদল ছাত্র কৃতিত্ব অর্জন করে কর্মভার গ্রহণ করবার জন্য বহির্বিশ্বে পদক্ষেপ করছে আর একদল তাদের স্থান পূর্ণ করছে। এই বাৎসরিক পরিবর্তনের মধ্যে মহাবিদ্যালয় প্রাচীন্য লাভ করেও তার যৌবন অক্ষুণ্ণ রাখে।

দ্বিতীয় অধিবেশন ১৬ই সেপ্টেম্বর ১৯৬১ সালে, শারীরবিদ্যা বক্তৃতামঞ্চে অনুষ্ঠিত হয়।

চতুর্থ বর্ষের অজিৎ ঠাকুর এবং তৃতীয় বর্ষের করুণাময় লাহিড়ী এই সংসদের যুগ্ম সম্পাদক হিসেবে নির্বাচিত হন। কোষাধ্যক্ষ অধ্যাপক কর্মকার বাৎসরিক আয়ব্যয়ের হিসাব দেখান।

তৃতীয় অধিবেশনে আমরা চতুর্থবার্ষিক ছাত্রছাত্রীদের আন্তরিক বিদায় অভিনন্দন জানাই।

আমাদের চতুর্থ অধিবেশন ২৮শে এপ্রিল অনুষ্ঠিত হয়। এই অধিবেশনে অধ্যাপক রবীন্দ্রনাথ সেনকে ডি. এস্-সি ডিগ্রী অর্জন করার জন্য সংবর্ধনা জানাই। কিছুদিন পরেই, তিনি ভারত সরকারের একটি কার্যভার গ্রহণ ক'রে আমাদের ছেড়ে চলে যান।

এর পরের অধিবেশনটিতে বিভাগীয় প্রধান ডক্টর মুখার্জী সভাপতির পদ অলঙ্কৃত করেন। এই বিভাগের অধ্যাপক ডক্টর সুখময় লাহিড়ী উচ্চ বায়ুমণ্ডলে শারীর অবস্থা সম্বন্ধে একটি সারগর্ভ বক্তৃতা দেন। অভিযান-কালে পর্বতারোহণকারীদের যে সমস্ত শারীর পরিবর্তনের সম্মুখীন হতে হয় সে সম্বন্ধেও বলেন। এই প্রসঙ্গে বলা যেতে পারে যে, ডক্টর লাহিড়ী স্বয়ং পর্বতারোহণ বিষয়ে Himalayan Mountaineering Instituteএ শিক্ষা গ্রহণ করেন। এবং তিনি পরে Edmund Hillaryর দলে যোগ দেন। তাঁর বক্তৃতার বিষয় বোঝানর জন্য পর্বতারোহণকালে গৃহীত একাধিক রঙিন চিত্র আমাদের দেখান।

বিগত গ্রীষ্মাবকাশে ২০ জন ছাত্র দ্বারা গঠিত একটি দল, চারজন অধ্যাপকের নেতৃত্বে দার্জিলিং

পরিদর্শন করেন। একই সঙ্গে শিক্ষণীয় বিষয়ে জ্ঞানলাভ করা ও এই বিশিষ্ট শৈলাবাসটির অপূর্ব সুন্দর প্রাকৃতিক দৃশ্য উপভোগ করার সুযোগ পাওয়ার জন্য এই সফরটি বিশেষ আনন্দ দান করেছিল।—আমাদের কার্যাবলী শুধু সভাসমিতিতেই সীমাবদ্ধ নয়। প্রত্যেক মাসে 'প্রাচীরিকা' নামে একটি প্রাচীর-পত্রিকা প্রকাশ করা হয়।

এই পত্রিকা ষষ্ঠ বর্ষের নীনা ঘোষ এবং চতুর্থ বর্ষের প্রসাদ মুখার্জীর সুযোগ্য সম্পাদনায় প্রকাশিত হয়।

এই বিবরণী দেবার সঙ্গে আমাদের একটি অভিযোগ না জানিয়ে আমার বক্তব্য শেষ করতে পারছি না—কারণ এটি আমরা প্রত্যেকে মর্মে মর্মে উপলব্ধি করি। সেটি হল আমাদের স্থানাভাব। আমাদের সব সময় অন্য বিভাগের কক্ষে ক্লাস করতে হয়। কোন একটি বিভাগ কখনও যাযাবর বৃত্তির মধ্যে দিয়ে সারস্বত সিদ্ধিলাভ করতে পারে না। আমরা আশা করি যে এই অসুবিধার আশু সমাধান হবে।

এই বিবৃতির সঙ্গে বর্তমান সম্পাদক তার উত্তরাধিকারীকে এই সংসদের ভার অর্পণ করছে এবং এই সুযোগে তার অধ্যাপকদের কাছে কৃতজ্ঞতা জানাচ্ছে ও তার সহপাঠীদের শুভেচ্ছা জানাচ্ছে।

করুণাময় লাহিড়ী
সচিব

রসায়ন সেমিনার

রসায়ন সেমিনারের উদ্যোগে নিম্নলিখিত বক্তৃতামালার আয়োজন করা হইয়াছিল :—

1. Biochemistry of Mental Disorder—Dr. J. J. Ghosh, Reader in Biochemistry, Calcutta University (15. 9. 61).
2. New Selective Reducing Agents—Dr. D. Nasipuri, Reader in Chemistry, Calcutta University (5. I0. 61).
3. Growth of Wave Mechanics—Dr. Dilip Biswas (17. 2. 62).
4. Rubber—Old and New—Dr. S. R. Palit, Professor of Chemistry, I. A. C. S., Jadavpore (9. 3. 62.).
5. The Nature of the Valency force in Hydrojen Mollenle—Sri Tapan Kumar Dasgupta (31. 3. 62).
6. Gas Chumatography—Sri Amal Mitra, Lecturer in Chemistry, Presidency College, Calcutta (27. 7. 62).

আর্থিক অসুবিধা ও স্থানাভাববশতঃ আমাদের সেমিনারের কার্য্যাদি ব্যহত হচ্ছে। আশা করা যায় আমরা শীঘ্রই এ অসুবিধা কাটিয়ে উঠতে পারবো।

দিলীপ বিশ্বাস
সরোজ চক্রবর্তী
যুগ্ম-সম্পাদক—রসায়ন সেমিনার

বাংলা সেমিনার

জীবনের জমাখরচের খাতাটায় নিত্য নতুন আঁকের সমারোহ। শূন্য-পূর্ণের অবিরত ঠিকানাবদল প্রত্যহের পরিধিতে এ পালা প্রথাসিদ্ধ। আমাদের তাই হিসেব রাখতে হয়। চাওয়া-পাওয়া-হারানোর একটা ফর্দ সব সময় উত্তেজনা ছড়ায়: হেরে যাওয়ায় লজ্জা দেয়, বেদনা আনে, আবার জয়ের আনন্দে দেয় হাততালি, অভিনন্দনে দেখি স্রকৃচন্দনের বিপুলতা। আমরা তা জানি, আমাদের তা জানা আছে।

তবু বিপদ আসে। সঙ্কোচের কুয়াশা আমাদের আচ্ছন্ন করে যখন দেখি সে হিসেব দাখিল করতে

হবে। পাঁচজনের কাছে তুলে ধরতে হবে একটি বছরের জমাখরচের আঁকগুলো। দাঁড়াতে হবে পাঁচজনের সামনে।

'যে দায়িত্ব একদা তুলে দেওয়া হয়েছিল তোমাদের স্কন্ধে, বলো তোমরা কতখানি তার পালন করেছ, তার কতখানি ভরিয়ে দিতে পেরেছ পরিপূর্ণতার মহিমায়, তার কতখানিতে মাখিয়ে দিতে পেরেছ সাফল্যের দীপ্তি : অথবা সব শূন্য, সমস্ত হিসেব খরচের পাড়ায় বাসা নিয়েছে? তবু বলো, তাই বলো সেই ব্যর্থতার ইতিহাস ; তোমাদের দৈন্য, অবহেলার, আলস্যের স্মৃতিকণা।'

বলতে হয়, আমাদেরও বলতে হয়। এ বড় কঠিন, বড় ভীষণ, ভয়ংকর। তবু বলতে হয়। জমা নেই ; তাই খরচের বিরাট শূন্যতাকেই ভাষার চাকচিক্যে তুলে ধরি। পাঁচজনের মুখে হাসি ফুটে ওঠে, বিদ্রূপের বিদ্যুৎ ইশারা রেখে যায় তাঁদের অযুত ওষ্ঠে। এই বিরাট ব্যর্থতা, সময়ের এই বিপুল অপচয় শ্লেষ হানে, চোখের তারায় তারায় ক্ষোভ রেখে যায়।

তা সত্ত্বেও আমরা জানাবো, আমরা শূন্যই। একটি বছরের হিসেবের খাতাখানায় আমরা এক বিরাট ব্যর্থতা। তাই পাঁচজন যেন আমাদের ক্ষমা না করেন, এ আমাদের সবিনয় নিবেদন, কারণ আমাদের গাফিলতি ক্ষমা পেতে পারে না। শুধু আশ্বাস পেতে পারে ভবিষ্যতের কাছে। সাফল্যলক্ষ্মী যার ঘরে বাঁধা। উঠোনে যার প্রাচুর্যের মরাই।

* * * *

বাংলা পাঠচক্রের পুস্তকসংগ্রহ ব্যবস্থাটি অনেকদিন পর আবার সচল হয়ে উঠেছে। পাঠচক্র প্রতিষ্ঠার পর দীর্ঘদিন কেটে গেছে। ছাত্রছাত্রীদের পক্ষে একান্ত প্রয়োজনীয় যে সকল পুস্তক অন্যত্র দুর্লভ এবং এই সংগ্রহে ছিল না তার মধ্যে অনেকগুলি মহাবিদ্যায়তনস্থ গ্রন্থাগার থেকে পাঠচক্রের সংগ্রহশালায় সম্প্রতি আনানো হয়েছে। এর ফলে ছাত্রছাত্রীদের দীর্ঘদিনের একটি বিশেষ প্রয়োজন যেমন মেটানো সম্ভব হয়েছে, তেমনি সম্ভব হয়েছে সংগ্রহ ব্যবস্থাটির উন্নতিকরণ। আর এই সঙ্গে অনেকগুলি অব্যবহার্য পুরনো বই নতুনভাবে বাঁধিয়ে নিয়ে ব্যবহারোপযোগী করে তোলা হয়েছে।

গত বারোই মার্চ এ বছরের সাম্মানিক পরীক্ষার্থী পরীক্ষার্থিনীদের একটি বিশেষ ভাব-গম্ভীর অনুষ্ঠানের মধ্য দিয়ে বিদায় সংবর্ধনা দেওয়া হয়। জলযোগ প্রভৃতি সাধারণ ব্যাপার ছাড়াও এ অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল 'বসন্তরূপক'। যার রচনা, পরিকল্পনা এবং উপস্থাপনা সম্পূর্ণভাবে পাঠচক্রের সভ্যসভ্যাদের।

দশই এপ্রিল বিভাগীয় প্রধান পাঠচক্রের সভাপতি কবি-অধ্যাপক শ্রীহরপ্রসাদ মিত্রের উল্টোরথ পুরস্কার প্রাপ্তিতে আনন্দ প্রকাশের জন্য পাঠচক্রের সভ্যসভ্যাবৃন্দ এবং অধ্যাপকগণ একটি সংবর্ধনা সভায় মিলিত হব। সভাপতিত্ব করেন অধ্যক্ষ শ্রীসনৎকুমার বসু মহাশয়। তিনি বলেন, অধ্যক্ষ হিসেবে নয়, কবি শ্রীমিত্রের ঘনিষ্ঠতম বন্ধু হিসেবে এবং তাঁর কবিতার একজন অনুরাগী পাঠকরূপে এ পুরস্কার প্রাপ্তিতে তিনি অত্যন্ত আনন্দিত। দেশবাসী কর্তৃক প্রতিভার যোগ্য সমাদরকে তিনি প্রশংসা করেন। উত্তরোত্তর সৌভাগ্যময় গৌরবমণ্ডিত আসন লাভে যাতে কবি শ্রীমিত্র সমর্থ হন সেই আকাঙ্ক্ষাই তিনি রেখে যান। বিভিন্ন অধ্যাপক এই সভায় কবি শ্রীমিত্রের কবি-কৃতি নিয়ে আলোচনা করেন। পাঠচক্রের পক্ষ থেকে কবির হস্তে একটি মানপত্র প্রদান করা হয়।

তিরিশে এপ্রিল বিভাগীয় অধ্যাপক শ্রীহরনাথ পালের স্থানান্তর গমন উপলক্ষে একটি বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন অধ্যাপকদের বক্তৃতা এবং ছাত্রছাত্রীদের তরফ থেকে মানপত্র পাঠের উত্তরে অধ্যাপক পাল তাঁর আবেগোচ্ছল বিদায়ী ভাষণে সহকর্মীদের উদ্দেশে রেখে যান তাঁর আন্তরিক প্রীতি-শুভেচ্ছা এবং ছাত্রছাত্রীদের প্রতি স্নেহাশীর্বাদ এবং শুভকামনা।

প্রখ্যাত কবি-সমালোচক 'শনিবারের চিঠি' সম্পাদক স্বর্গত সজনীকান্ত দাসের স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা নিবেদনের জন্য পাঠচক্রকক্ষে একটি শোকসভা অনুষ্ঠিত হয়। সভায় তাঁর সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করেন

পাঠচক্র সভাপতি বিভাগীয় প্রধান ডক্টর হরপ্রসাদ মিত্র মহাশয়। স্বর্গত আত্মার কল্যাণ কামনা ক'রে একটি শোকপ্রস্তাব গৃহীত হয়।

পাঠচক্রপরিচালিত প্রাচীর-পত্রিকা 'আশাবরী'র প্রকাশ ব্যবস্থা নিয়মিত এবং অব্যাহত রয়েছে। 'ঝড়বৃষ্টি' সংখ্যাটি ছাত্রছাত্রীদের মনে বিশেষভাবে সাড়া জাগাতে সমর্থ হয়েছে দেখে আমরা আনন্দ পেয়েছি।

এই হলো মোটামুটি আমাদের একটি বছরের প্রয়াস-পরিণতি, সংকল্প এবং সিদ্ধির ইতিহাস। জানি, একটি পুরো বছরকে মনের সামনে তুলে ধরলে এ জমাখরচের আঁকগুলো মূল্যহীন। তবু পাঁচজনের কাছে জবাবদিহির খাতিরে তা অবশেষে মূল্যবানের মর্যাদা পাবে সেই সান্ত্বনা নিয়েই সম্পাদকীয় বক্তব্যের উপসংহার আনবো। শুভেচ্ছান্তে

মানস মজুমদার
ডলি মুখোপাধ্যায়
বাংলা পাঠচক্র

বিরামাগার

১৯৬০ সালের ৩রা ডিসেম্বর কাজের ভার হাতে পেয়ে প্রথমেই বিশ্রামাগারের যে অবস্থা দেখেছি বৎসরকাল পরে সে ভার উত্তরসূরীকে হস্তান্তরিত করার পূর্বে তার কিছু পরিমাণ উন্নতি সাধন করতে পেরেছি বলেই মনে হয়। এই ভার গ্রহণের আগে থাকতেই বিরামাগারকে স্থানান্তরিত এবং বিস্তৃত করার কথা শুনে আসছি, কিন্তু দুঃখের সঙ্গে জানাতে হচ্ছে যে আমার কার্যকালে ত নয়ই, আজও সে অবস্থার কোনও পরিবর্তন না হওয়ায় বিরামাগারকে এক সম্পূর্ণ নূতন রূপ প্রদানের আশা আমায় সম্পূর্ণরূপে ত্যাগ করতে হয়েছে।

এই সময় বিরামাগারে কোন প্রকার সংবাদপত্র বা সাময়িক পত্র দেখি নি। আমার কার্যকালের প্রথম থেকে শেষ পর্যন্ত প্রতিদিনই দুইটি সংবাদপত্র "আনন্দবাজার" (বাংলা) এবং প্রথম দিকে "অমৃতবাজার" ও পরে "স্টেট্‌সম্যান" (ইংরেজী) রাখবার ব্যবস্থা ছিল। বাংলা সাময়িক পত্র "দেশ"-এর প্রতিটি সংখ্যা নেওয়া হয়। আরও কয়েকখানি সাময়িক পত্র (ইংরেজী ও বাংলা)-এর ব্যবস্থা করার ইচ্ছা ত্যাগ করতে হয় সীমাবদ্ধ অর্থের জন্য। Messrs. Statesman Limited কিছুদিনের জন্য বিনামূল্যে তাঁদের সংবাদপত্র দিয়ে আমাদের সাহায্য করেন। Consulate-General of the Federal Republic of Germany এবং United States Information Service Library কিছু বই এবং পত্রপত্রিকাদি দিয়ে সাহায্য করেন। তাঁদের আমি ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

খেলার সরঞ্জামের মধ্যে টেব্‌ল্‌টেনিস্ এবং ক্যারম্ বোর্ডগুলিকে প্রথমেই মেরামত এবং পালিস ক'রে খেলার উপযুক্ত করা হয়েছে এবং টেব্‌ল্‌টেনিস্ র‍্যাকেট ও বল এবং ক্যারম ও দাবার ঘুঁটি সবকিছুই নূতন কিনতে হয়েছে ; পূর্ব বৎসরের কিছুই পাওয়া যায় নি। প্রয়োজনমত কয়েকবার টেব্‌ল্‌টেনিস্ র‍্যাকেট, নেট, ক্যারম ও দাবার ঘুঁটি ইত্যাদি কেনা হয় এবং নিয়মিতভাবে প্রত্যহ যথেষ্ট পরিমাণ টেব্‌ল্‌টেনিস্ বল সরবরাহ করা হয়। শেষের দিকে আরও একটি টেব্‌ল্‌টেনিস্ বলও কেনা হয়।

চিরন্তন প্রথা বজায় রেখে এবারও ১৮ই ফেব্রুয়ারী ষ্টীমার পার্টির আয়োজন করা হয়। কিন্তু আমাদের এই কলেজের প্রায় ষোল শ' ছাত্রছাত্রীর মধ্যে দু শ' জনও এই অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারেন নি। অংশগ্রহণকারীদের স্বল্পতার দরুন, এই ষ্টীমার পার্টিতে বিরামাগারের জন্য বরাদ্দ অর্থের চার ভাগের তিন ভাগ খরচ হয়ে যায়। তবে যে কয়েকজন এই অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন তাঁদের যদি আশানুরূপ আনন্দ দিয়ে থাকতে পারি তবে এই আর্থিক ক্ষতি সত্ত্বেও এ অনুষ্ঠানকে আমি সার্থক মনে করবো। এই উপলক্ষে আমাদের সাধারণ সম্পাদক শ্রীযুক্ত ভবতোষ সাহা এবং বিতর্ক পরিষদের সম্পাদক শ্রীযুক্ত তীর্থঙ্কর চট্টোপাধ্যায়,

যাঁহাদের অক্লান্ত পরিশ্রম এই অনুষ্ঠানকে সার্থক ক'রে তুলতে সাহায্য করেছে, তাঁদের আমি বিশেষভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি। আরও কৃতজ্ঞতা জানাচ্ছি অধ্যক্ষ ডক্টর সনৎকুমার বসু, বিভাগীয় অধ্যাপক শ্রীযুক্ত দিলীপকুমার বিশ্বাস এবং সেই সকল ছাত্রছাত্রীকে যাঁহাদের অংশগ্রহণ ব্যতীত এই ষ্টীমার পার্টি সম্ভবপর হত না।

টেব্‌ল্‌টেনিস্‌ ও ক্যারম প্রতিযোগিতা যথারীতি অনুষ্ঠিত হয়। দাবা প্রতিযোগিতা যথেষ্ট সংখ্যক অংশগ্রহণকারীর অভাবে অনুষ্ঠিত হয় নি। যাঁরা অংশগ্রহণ ক'রে প্রথম দুইটি প্রতিযোগিতাকে সার্থক ক'রে তুলতে সাহায্য করেছেন তাঁদের কৃতজ্ঞতা জানাচ্ছি। ১৯৬০-৬১ সালের অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী ও বিজিতদের নাম দেওয়া হল :

প্রতিযোগিতা	চূড়ান্ত খেলায় বিজয়ী	চূড়ান্ত খেলায় বিজিত
টেব্‌ল্‌টেনিস্‌	শ্রীযুক্ত স্বপনকুমার দাসগুপ্ত	শ্রীযুক্ত অভিজিৎ মুখোপাধ্যায়
	(প্রাক্‌-বিশ্ববিদ্যালয়, বিজ্ঞান)	(প্রাক্‌-বিশ্ববিদ্যালয়, কলা)
ক্যারম্‌	শ্রীযুক্ত শোভেন রায়	শ্রীযুক্ত তপনকুমার দাসগুপ্ত
	(১ম বর্ষ, বিজ্ঞান)	(১ম বর্ষ, বিজ্ঞান)

এঁদের রৌপ্যাধার এবং মানপত্র পুরস্কার দেওয়ার জন্য এক অপরাহ্ণে বিরামাগারের অভ্যন্তরীণ ক্রীড়ার কক্ষে সামান্য এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেয়েদের বিরামাগারে প্রতিদিনের ইংরেজী ও বাংলা সংবাদপত্র এবং বাংলা সাময়িক পত্র "দেশ"-এর প্রতিটি সংখ্যা আশা করি পৌঁছেছিল। তাঁদের তরফ থেকে কোন প্রকার অভিযোগ না পাওয়ায়, সারা বৎসরের মধ্যে মাত্র কয়েকখানি টেব্‌ল্‌টেনিস্‌ বল ব্যতীত আর কোনও প্রকার সাহায্য করা সম্ভব হয় নি।

অধ্যক্ষ ডক্টর সনৎকুমার বসু, অধ্যাপক শ্রীযুক্ত দিলীপকুমার বিশ্বাস এবং কলেজের অধ্যাপক ও ছাত্রছাত্রীকে কৃতজ্ঞমনে স্মরণ ক'রে শেষ করছি।

অরূপকুমার মিত্র
বিভাগীয় সম্পাদক—বিরামাগার

॥ রবীন্দ্র পরিষদ ॥ ১৯৬১-৬২

এ যাবৎ রবীন্দ্র পরিষদের উদ্যোগে দুইটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। বাংলার নাট্য আন্দোলনের গতিপ্রকৃতির উপর একটি মনোজ্ঞ আলোচনাসভা এর মধ্যে একটি। আলোচনায় অংশ গ্রহণ করেছিলেন অধ্যাপক আশুতোষ ভট্টাচার্য, অধ্যাপক সাধন ভট্টাচার্য এবং সর্বজনশ্রদ্ধেয় নট শ্রীরাধামোহন ভট্টাচার্য। অনুষ্ঠানটি সকলের প্রশংসা অর্জনে সমর্থ হয়। রবীন্দ্র পরিষদের অন্য অনুষ্ঠানটি ছিল একটি সান্ধ্য রবীন্দ্র-সংগীতের আসর। আসরে শ্রোতাদের মনোমুগ্ধ ক'রে গেলেন সর্বশ্রী দেবব্রত বিশ্বাস, চিন্ময় চট্টোপাধ্যায়, পূরবী মুখোপাধ্যায় এবং নীলিমা সেন। শ্রোতারা সকলেই অনুষ্ঠানের ভূয়সী প্রশংসা করেছিলেন। রবীন্দ্র পরিষদের আরও দুইটি অনুষ্ঠান আয়োজন করার পরিকল্পনা আছে।

ছাত্রবন্ধুগণের অনেকেই এত সাহায্যে করেছেন উপরোক্ত অনুষ্ঠান দুটি উপলক্ষ্যে যে, শুধু কৃতজ্ঞতা প্রকাশ ক'রে তাঁদের সহযোগিতাকে ছোট করতে চাই না। এঁদের আন্তরিক সাহায্য ব্যতীত কোন অনুষ্ঠানই আয়োজন করা সম্ভবপর হত না। অনুষ্ঠান সাফল্যমণ্ডিত হবার পিছনে ছিল অধ্যাপক ডঃ হরপ্রসাদ মিত্রের প্রয়োজনীয় উপদেশ এবং সতত পর্যবেক্ষণ। এঁদের সকলের প্রতি রইলো সম্পাদকের সশ্রদ্ধ ধন্যবাদ।

সঞ্জয়কুমার সেন
সম্পাদক

।। রবীন্দ্র পরিষদ : কবির শতবর্ষ জয়ন্তী ।। ১৯৬০-৬১

রবীন্দ্র পরিষদের গত এক বছরের কর্মপদ্ধতির কথা লেখবার দায়িত্ব আজ যে আমার উপরেই এসে পড়েছে, আমি ব্যক্তিগতভাবে তার জন্য গৌরবান্বিত। গৌরব এজন্য যে, এই কলেজের সংস্কৃতি-চর্চার আর যেসব প্রশস্ত ক্ষেত্র রয়েছে (অবশ্য সামনের এ্যালবার্ট হল বাদ দিয়ে), তার প্রত্যেকটির মানই যথেষ্ট উচ্চে, একথা স্বীকার ক'রেও, রবীন্দ্র-পরিষদকে শীর্ষ-মর্যাদা দিতেই হয়। এই সংস্থাটিকে যদি শুধু ছাত্রছাত্রীদের নাচ-গানের আসর জমাবার কেন্দ্র বলে মনে করা হয়, তবে এর প্রতি চূড়ান্ত অমর্যাদা করা হয়। একদিন রবীন্দ্রনাথের সঙ্গে প্রেসিডেন্সি কলেজের যে সম্পর্ক ছিল, এ-পরিষদ তার সাক্ষ্য বহন করছে তো বটেই, তা ছাড়াও বাঙ্গলাদেশের কলেজী শিক্ষা ও সংস্কৃতির জগতে এক বলিষ্ঠ পদক্ষেপরূপেও এই পরিষদের প্রথম সৃষ্টি। কবির জীবন-সূর্য যখন মধ্যগগনে, সারা বিশ্বের নিমন্ত্রণ যখন পৌঁছেচে তাঁর দ্বারে, সেই সময় এই কলেজে নানা উপলক্ষ্যে ঘটতো তাঁর শুভাগমন, এখানকার তৎকালীন অধ্যাপক ও ছাত্রদের মধ্যে নিবিড়ভাবে মিলতেন, আবৃত্তি করতেন, আলোচনা করতেন, অভিনয় উপভোগ করতেন তিনি। আরও উল্লেখযোগ্য এই যে সেদিনের রবীন্দ্র-পরিষদ বাঙ্গলার বিদ্বজ্জনের পীঠস্থানে পরিণত হয়েছিল।

আজ কবির কায়িক অস্তিত্বের অবসান ঘটেছে, কিন্তু আছে তাঁর কীর্তি ; আমাদের জন্য আরও অমূল্য রত্ন রয়েছে—সেই সব দিনের স্মৃতি। আমরা যদি তার মর্যাদা রক্ষা করতে না পারি, তার জন্য আমাদের ক্ষমা নেই। তাই কবির জন্মশতবর্ষে যখন এই পরিষদের পরিচালনভার আমার উপর ন্যস্ত হল তখন আমার দায়িত্ব বিরাট, স্বপ্ন আকাশ-ছোঁয়া। তার জন্য সাগ্রহে উপদেশ গ্রহণ করেছি অধ্যাপকদের কাছে, সতীর্থ বন্ধুদের কাছে, এমনকি বাইরের অনেক কীর্তিমান গুণী ব্যক্তির কাছে। আমার কার্যকাল স্বল্প, আমার শক্তি সীমিত, ভাণ্ডার অসমর্থ। আমার আশা যতটুকু পূর্ণ হয়েছে, তা' আংশিক হলেও তার পেছনে যে বিপুল সাড়া জেগেছে তাই আমার কাজের শ্রেষ্ঠ পুরস্কার। পরিষদের নিয়মিত কর্ম-পদ্ধতি এবং রবীন্দ্র-প্রণামের কর্ম-সূচী তুলে ধরলাম।

১৩ই জানুয়ারী, ১৯৬১ স্বামী বিবেকানন্দের ৯৯তম জন্ম-জয়ন্তী উপলক্ষ্যে ফিজিক্স থিয়েটারে শ্রীঅচিন্ত্যকুমার সেনগুপ্ত ও উদ্বোধন-পত্রিকার সম্পাদক স্বামী নিরাময়ানন্দ, স্বামীজীর জীবন ও মতবাদ সম্বন্ধে দীর্ঘ আলোচনা করেন। এই সভায় শ্রোতাদের যে স্বতঃস্ফূর্ত আগ্রহ দেখা যায়, তা' অভূতপূর্ব।

১৯শে জানুয়ারী, ১৯৬১ কলেজের প্রতিষ্ঠাতৃ-সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত সাহিত্য-সভায় শ্রীশৈলজানন্দ মুখোপাধ্যায় ও শ্রীমনোজ বসু উত্তর-শরৎচন্দ্র বাঙ্গলা উপন্যাস সম্বন্ধে আলোচনা করেন।

৫ই এপ্রিল, ১৯৬১ সন্ধ্যায় রবীন্দ্র-সংগীতানুষ্ঠান। অংশ গ্রহণ করেন শ্রীদেবব্রত বিশ্বাস, শ্রীপূরবী মুখোপাধ্যায়, শ্রীঅর্ঘ্য সেন এবং কলেজের ছাত্র-ছাত্রী শিল্পীরা।

রবীন্দ্র শতবর্ষপূর্তি উৎসব : এই উৎসবকে দুটি পর্বে পালন করা হয়। প্রথম পর্বের অনুষ্ঠান ২৪ থেকে ২৭শে এপ্রিল ফিজিক্স থিয়েটারে উদ্‌যাপিত হয়।

২৪শে এপ্রিল পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী রায় শ্রীহরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় এই উৎসবের উদ্বোধন করেন। "রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র" পর্যায়ে স্বর্গত অধ্যাপক চারুচন্দ্র ভট্টাচার্য একটি রসগ্রাহী আলোচনায় এই দুই প্রতিভাধর মনস্বীর অন্তরঙ্গ সম্বন্ধ এবং প্রেসিডেন্সি কলেজের সঙ্গে কবির সম্পর্কের বহু অজ্ঞাতপূর্ব তথ্য পরিবেশন করেন। অধ্যক্ষ ডক্টর সনৎকুমার বসু, ডঃ গৌরীনাথ শাস্ত্রী, শ্রীঅপূর্বকুমার চন্দ এবং পরিষদ-সভাপতি ডঃ হরপ্রসাদ মিত্র বক্তৃতা করেন। আবৃত্তি করেন শ্রীশমীক বন্দোপাধ্যায় ও শ্রীশক্তিপ্রসাদ মুখোপাধ্যায়। রবীন্দ্র-সংগীতে অংশ-গ্রহণ করেন সর্বশ্রী প্রমিতা চট্টোপাধ্যায়, তপতী ঘোষ, শিবানী দাশগুপ্তা, অভিজিৎ মুখোপাধ্যায়, সনৎ ঘোষ ও সুধীর সেন।

২৫শে এপ্রিল "রবীন্দ্রনাট্যের প্রয়োগবিধি" ও "রবীন্দ্রনাথের জীবনদর্শন" পর্যায়ে আলোচনা করেন

যথাক্রমে নট-সূর্য শ্রীঅহীন্দ্র চৌধুরী ও অধ্যাপক শ্রীত্রিপুরারি চক্রবর্তী। নট-সূর্যের আলোচনা অত্যন্ত হৃদয়গ্রাহী হয়েছিল। অধ্যাপক চক্রবর্তীর জলদ-কণ্ঠের সেই ভাষণ শ্রোতারা সম্ভবতঃ আজীবন স্মরণ রাখবেন। শ্রীচক্রবর্তী পরিষদের প্রথম জীবনের আগন্তুক। রবীন্দ্র-পরিষদ সম্বন্ধে কবি স্বয়ং যে আশা পোষণ করতেন, তা স্মরণ করিয়ে দিয়ে তিনি স্বীকার করেন যে পরিষদ পূর্ণতার পথে এগিয়ে চলেছে। ছাত্র-ছাত্রীদের সংগীতানুষ্ঠানটি মনোজ্ঞ হয়েছিল।

২৬শে এপ্রিল, বুধবার—কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর সুকুমার সেন এবং ডক্টর কালিদাস নাগ যথাক্রমে 'রবীন্দ্রনাথ মানুষটি কেমন ছিলেন' এবং 'রবীন্দ্রনাথ ও বহির্বিশ্ব' পর্যায়ে মনোজ্ঞ আলোচনা করেন। রবীন্দ্র-সংগীতে অংশগ্রহণ করেন শ্রীপ্রসাদ সেন, শ্রীমতী সুমিত্রা সেন ও শ্রীমতী লক্ষ্মী রায় ও কলেজের ছাত্র-ছাত্রীরা।

২৭শে এপ্রিল, বৃহস্পতিবার—ডক্টর নীহাররঞ্জন রায় 'রবীন্দ্রনাথ ও ভারতবর্ষের ঐতিহ্য' বিষয়ে বিস্তৃত আলোচনা করেন। তাঁর সুদীর্ঘ আলোচনায় তিনি ভারতবর্ষের ইতিহাস, বিভিন্ন যুগের মনীষীর ভাবধারার ক্রমবিবর্তন এবং ঐতিহাসিকরূপে রবীন্দ্রনাথের পরিচয় তাঁর স্বভাবসিদ্ধ প্রাঞ্জল ভাষায় সুন্দরভাবে বিবৃত করেন। শ্রীদেবব্রত বিশ্বাস, শ্রীচিন্ময় চট্টোপাধ্যায় প্রভৃতি বিশিষ্ট শিল্পিবৃন্দের সংগীতার্ঘ্যে এই পর্বের সমাপ্তি ঘটে।

৭ই আগস্ট, সোমবার—বাইশে শ্রাবণের স্মৃতিভারাক্রান্ত অপরাহ্ণে একটি সভায় শ্রীসৌম্যেন্দ্রনাথ ঠাকুর 'রবীন্দ্রনাথ ও আধুনিক কাল' বিষয় অবলম্বনে এক হৃদয়গ্রাহী আলোচনা করেন। কবির চিন্তাদর্শন, তাঁর সমাজদর্শনের মূলসূত্রগুলি আজও কত অবহেলিত, মানুষে মানুষে আত্মীয়তার বন্ধন আজও কত ক্ষীণ,—তারই আলোচনা ক'রে শ্রীসৌম্যেন্দ্রনাথ ছাত্র-ছাত্রীদের সামনে কর্তব্যের সংকেত তুলে ধরেন। এই উৎসবের দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয় ২৭শে, ২৮শে ও ৩০শে সেপ্টেম্বর।

২৭শে সেপ্টেম্বর সন্ধ্যায় শ্রীযুক্তা মৈত্রেয়ী দেবী কবির স্মৃতিচারণ করেন। অতীতের স্মৃতি পুনরুদ্ধার ক'রে তিনি কামনা জানান, "রবীন্দ্র-পরিষদের পূর্বের ঐতিহ্য যেন অম্লান থাকে। আমরা প্যাণ্ডেল বেঁধে জয়ন্তীর ঘটা করি, কিন্তু রবীন্দ্রনাথ ক্রমশঃ দূর হতে দূরে চলে যাচ্ছেন। রবীন্দ্র-সাহিত্যের ধারাবাহিক আলোচনা চাই, প্যাণ্ডেল বাঁধার আর প্রয়োজন নেই।" অনুষ্ঠানের সূচনায় সমবেত কণ্ঠে বেদগান গীত হয় এবং শেষে আবৃত্তি করেন শ্রীবিকাশ রায় (প্রাক্তন ছাত্র ও সু-পরিচিত শিল্পী) ও শ্রীযুক্ত মৈত্রেয়ী দেবী এবং রবীন্দ্রসংগীতে অংশগ্রহণ করেন শ্রীশ্যামলী গাঙ্গুলি (প্রাক্তন), শিবানী রায়চৌধুরী, প্রমিতা চট্টোপাধ্যায় প্রভৃতি।

২৮শে সেপ্টেম্বর অপরাহ্ণে ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় রবীন্দ্র-সাহিত্য পর্যালোচনা করেন। সম্পাদক শক্তিপ্রসাদ মুখোপাধ্যায় উদ্বোধনী ভাষণ দেন এবং শ্রীউজ্জ্বল সেন উদ্বোধন সংগীত পরিবেশন করেন। সভাপতিত্ব করেন অধ্যক্ষ ডক্টর সনৎকুমার বসু।

২৯শে সেপ্টেম্বর অপরাহ্ণে ফাদার ফাঁলো, অধ্যাপক দেবীপদ ভট্টাচার্য ও অধ্যাপক নারায়ণ গঙ্গোপাধ্যায়ের সম্মেলনে এক আলোচনা সভা নির্ধারিত ছিল, কিন্তু কর্তৃপক্ষের নির্দেশে শেষ মুহূর্তে পরিত্যক্ত হয়।

৩০শে সেপ্টেম্বর—শতবার্ষিকী উৎসবের শেষ দিনে প্রেসিডেন্সি কলেজে এক স্মরণীয় কবি-সম্মেলন অনুষ্ঠিত হয়। শ্রীযুক্ত বিষ্ণু দে, শ্রীঅজিত দত্ত, শ্রীনীরেন্দ্রনাথ চক্রবর্তী, শ্রীমণীন্দ্র রায়, শ্রীমঙ্গলাচরণ চট্টোপাধ্যায়, শ্রীসুভাষ মুখোপাধ্যায় প্রভৃতি লোকপ্রিয় কবিগণ এই সভায় সমবেত হন এবং স্বরচিত কবিতা পাঠ করেন। এতজন প্রথম শ্রেণীর কবির একসঙ্গে সমাবেশ স্মরণীয়কালের মধ্যে প্রেসিডেন্সি কলেজে তুলনাহীন। পরিষদ-সম্পাদক তাঁদের সাদর সম্ভাষণ জানান এবং ছাত্র-সংসদের সহ-সভাপতি শ্রীশমীক বন্দ্যোপাধ্যায় ধন্যবাদ প্রদান করেন। পৌরোহিত্য করেন অধ্যাপক শ্রীভূদেব চৌধুরী।

রবীন্দ্র-অনুষ্ঠানে যাঁরা শুভেচ্ছা পাঠিয়েছেন, তাঁরা হলেন রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্রপ্রসাদ, উপ-রাষ্ট্রপতি

ডক্টর সর্বপল্লী রাধাকৃষ্ণন, ৺চারুচন্দ্র ভট্টাচার্য, ডঃ কালিদাস নাগ, অধ্যাপক ত্রিপুরারি চক্রবর্তী, শ্রীযুক্তা মৈত্রেয়ী দেবী, শ্রীনরেন্দ্র দেব।

উপদেশ ও সহযোগিতা দ্বারা যাঁরা আমার আন্তরিক ধন্যবাদার্হ হয়েছেন—অধ্যক্ষ ডঃ সনৎকুমার বসু, অধ্যাপক তারকনাথ সেন, অধ্যাপক হরপ্রসাদ মিত্র, অধ্যাপক রাজেন্দ্রলাল সেনগুপ্ত, অধ্যাপক অচিন্ত্যকুমার মুখোপাধ্যায়, অধ্যাপক শিবতোষ মুখোপাধ্যায়, অধ্যাপক কৈলাসনাথ ভট্টাচার্য।

